
Vol. VIII, No. 1 & 2, January & July 2021 | ISSN-2348-3849

# MANAN



An Academic Peer Reviewed Journal of
All Bengal State Govt. College Teachers' Association

# MANAN

## An Academic peer reviewed Journal of All Bengal State Govt. College Teachers' Association

Vol. VIII, No. 1 & 2, January & July 2021

**Board of Advisors:**
Professor Dr. Nimai Ch. Saha, Honourable V.C. Burdwan University
Professor Dr. Laksminarayan Gupta, Retd. Prof. of English, Burdwan University
Professor Dr. Debidas Chattaraj, Retd. Prof. of Mathematics, Presidency College (presently University)
Professor Subrata Panda, Retd. Prof. of English, Maulana Azad College
Professor Dr. S.C. Biswas, Retd. Prof. of L.I.S., Burdwan University
Professor Dr. Arup Kr. Das, Dept. of Bengali, Calcutta University
Professor Dr. Parthasarathi Mukhopadhyay, Dept. of L.I.S., Kalyani University
Pranab Hazra, Librarian, Sidho-Kanho-Birsa University
President, ABSGCTA
General Secretary, ABSGCTA
Treasurer, ABSGCTA

**EDITOR**

*Dr. Shyam Sundar Kundu*

**BOARD OF EDITORS**

Prabir Ghosh Roy
Dr. Debnarayan Roy
Dr. Bimal Kumar Mandal
Prof. Ariktam Chatterjee
Prof. Sujata Rani Rai
Dr. Mandira Ghosh
Dr. Pranab Kr. Ganguly
Dr. Gautam Bandyopadhyay
Dr. Sourav Chakrabortty
Sujit Chattopadhyay
Dr. Sutapa Sanyal
Prof. Rhitabrata Chatterjee
Dr. Malay Kr. Mukhopadhyay
Prof. Debasish Banerjee
Prof. Chandra Sekhar Pandit
Dr. Avishek Ghatak
Dr. Tuhin Subhra Sarkar
Dr. Asraf Ali

**Published by: The General Secretary, All Bengal State Govt. College Teachers' Association, Goenka College of Commerce and Business Administration, 2nd floor, 210, B. B. Ganguly Street, Kolkata-700012.(Registered under W.B. Societies Registration Act 1961, No. S/46170 of 1984-85.)**

# INSTRUCTIONS TO AUTHORS

**1. Manuscripts:**

In text format >M S Word & A-4 format >Font: Times New Roman, size-12, with 1.5 line spacing following British spelling and submitted to the Board of Editors, MANAN, Academic Journal of All Bengal State Govt. College Teachers' Association, Goenka College of Commerce and Business Administration, through mail to any one of the following mail.id > dr.s.s.kundu@gmail.com/ subidar@redifmail.com/ sutapa2007.sanyal@gmail.com

**2. Structure:**

* Title: not more than 20 words,
* Authors including designation and name of the College/Institution,
* Mail Id of the Author* (Asterisk/to whom correspondence should be addressed),
* Keywords: not more than 10 words,
* Abstract: within 50-100 words,
* Introduction: not more than 200 words,
* Result and Discussion: if required for science, within 2000 words,
* Main article: for Arts, not more than 3000 words,
* Conclusions: not more than 200 words,
* Experimental Section: for science, as required.

3. Notes and References in the article the number of the references (may be placed as superscript) at the end of the article. References should be listed alphabetically/serially as follows:

* For Book, e.g. > De, Sushil Kumar. History of Sanskrit Poetics. Calcutta: Pharma K.L.M. Pvt. Ltd., 1976. (Insert ISBN if available).
* For journal article: e.g.>Watts, A.G. & Kidd, J.M. "Guidance in the United Kingdom: past, present and future". In - British Journal of Guidance & Counseling. 2000. Vol. 28(4). P-485-502. (Insert ISSN if available).
* In case of Conference Proceedings: e. g.> TECTONIC EVOLUTION OF THE HIMALYAS AND TIBET. PROCEEDINGS OF A ROYAL SOCIETY DISCUSSION MEETING HELD ON 11 AND 12 NOVEMBER 1987. ORGANIZED AND EDITED BY R.M. SHACKLETON, J.F. DEWEY AND B.F. WINDLEY. London: THE ROYAL SOCIETY, 1988.

* In case of Newspaper Article, e.g.> Poddar, Ashis. "Ramayana microfilm in wobbly hands: Microfilm of Original Manuscript of Krittibas Ojha Gathering Dust at Fulia Museum". In- Times of India. November-2, 2009. P- 5.
* In case of anonymous Document> Upanisad Granthabali. Edited and translated by Swami Gambhirananda.7th Ed. Kolkata : Udbodhan Karyalaya, 2015. Vol. I-III.
* In case of Classics> Kautiliya's Arthasastra. Translated by the Late Mahamahopadhyay, Arthasastravisarada Vidyalamkara Panditaraja Dr. R. Samsastry. With an Introductory note by the Late Dr. J. F. Fleet. 6th Ed. Mysore: Mysore Printing and Publishing House, 1960.
* In case of Webliography, e. g. > http://www.erg.sabanciuniv.edu (accessed on January 2019)
* Chart and diagram should be prepared in M S Office (Word/ Excel) and placed along with the text, however if find difficult then it may be placed at the end of the article with proper appendix.
* Acknowledgments: as required. The date and place of the Interview is to be mentioned.

**N. B. : Paper should be sent with a request to the Editor with an undertaking, that the article/paper/report is original and never published anywhere in any form earlier.**

**Published by:** The General Secretary, All Bengal State Govt. College Teachers'Association. Goenka College of Commerce and Business Administration. 2nd Floor, 210, B. B. Ganguly Street, Kolkata-700012. (Registered under W.B. Societies Registration Act, 1961, No. S/46170 of 1984-85)

**Printed at:** Century Press
Sudipta Sarkar
21 Patuatola lane, Kolkata-700009.
Mobile : 9830240480 E.mail : sudipta.press@gmail.com

# MANAN

**An Academic peer reviewed Journal of**
**All Bengal State Govt. College Teachers'Association**

**Vol. VIII, No. 1 & 2, January and July 2021**


## EDITORIAL

I feel proud to say that in spite of many difficulties, our Academic Journal 'MANAN' Vol. VIII, No.1 & 2, 2021 has now been published. All Bengal State Government College Teachers' Association is an Academic Organisation, every member of our Association mainly and many other learned persons having thrust for knowledge and information is provided with ample opportunity for their intellectual exercise according to their area of interest. It is a fact that 'MANAN' extends this intellectual platform for the enrichment of our field-specific and subject-specific knowledge. Our esteemed members of association as well as researchers leave significant contributions through new ideas in their articles for this peer reviewed journal. As an editor I must not forget to mention that our reviewers take the onus to review the articles in time and send valuable suggestions that help in further enrichment of the articles. I take the opportunity to congratulate both the fronts of our learned colleagues. In this volume, Dr. Shyam Sundar Kundu through his rigorous studies has drawn our attention to a significant contribution on environmental studies focusing mainly on "Tree", its importance to keep the environment healthy and worth living not only for man but for other living creatures too which altogether may be termed as living beings. as well as to maintain normalcy. In this article, he quoted references from the Vedic literatures, Epic-Purana literatures, Buddhist literatures, Indian Classics and so on. One such examples from 'Mahabharata' on tree planting may be referred here as: Bhishma, while lying on the 'arrow-bed', advised Yudhisthira on tree plantation and other social work as well as environmental works for the sake of the society as: "Therefore, the man that is desirous of achieving his own good, should plant trees by the side of tanks and cherish them like his own children…" The Author in this research work also mentioned one more examples from 'Skanda-Purana' when Parvati advised and encouraged us on plantation and other social works by saying and compare that, "A tank is on a par with ten wells. A lake is on a par with ten tanks. A girl is on a par with ten lakes. A sacrifice is on a par with ten girls

(daughters). A son is on a par with ten sacrifices and a tree is on a par with ten sons. This is ray rule. It is invariable and it sanctifies the worlds. When the ruins are repaired the benefit is considered to be twofold."(Skanda-Puranam", 'Kumarika Khandam', Chapter-27; English translation by G. V. Tagare). Dr. Kundu also made references from the significant experiment made by Jagadis Chandra Bose and the experiments made by the recent studies and discoveries of Israel University Team research group by using Artificial Intelligence which has been published in the 'Nature' magazine in the year i.e. 2023. Not only that, Dr. Kundu made a thorough study on the preservation of Trees and the punishment for those who destroy Trees and forests. At the same time Dr. Kundu highlights in this study, the encouragement of planting Trees and excavating ponds regularly by man to protect this planet Earth from being polluted.

Arindam Jana made a thorough study on the "Self Help Group Bank Linkage Programme in India with Special reference to West Bengal". In this paper, Jana has shown various models and tables also on Self Help Group Linkage in India. Salma Ahmad has made a scientific study on the Extra Pages of National Newspapers and its impact on the society published in her country and I think it is equally relevant anywhere in this world. She has made a thorough study on this aspect of the newspaper. It is commendable that she generously sending papers for our peer-reviewed journal. An interesting article has kindly been sent by Dr. Pranab Kumar Ganguly on "Representative Democracy and Information Literacy: an Indian Perspective" which is most relevant during the recent time. Dr. Ganguly has rightly highlighted the role of information literacy in the success of representative democracy. Arup Das has contributed one paper on "Doodling" which is not known by common people but most relevant as well as interesting for our society to know the hidden matter in our conscious and subconscious mind. The article of Pradip Mondal is interesting for us. He has made a study on sand casting, its technique and has cited many examples in his studies. A number of six articles by six authors have been published in this volume and hope that this volume will also be appreciated by our readers. Credit goes to the contributors who have undertaken and performed such research work to fulfil the basic objective of this publication. It is also to be mentioned at the same time that our contributors are solely responsible in case of any question or dispute over or criticism of their articles. Neither the Editor nor our Organization will ever be responsible for any controversy arising out of any papers being published in this volume. Thanks to our press workers and the proprietor of Century Press also whose laborious work helps us to publish this volume.

**Dr. Shyam Sundar Kundu**

MANAN

**An Academic peer reviewed Journal of**
**All Bengal State Govt. College Teachers'Association**

**Vol. VIII, No. 1 & 2, January and July 2021**

# CONTENTS


| Sl. No. | Article | Author | Page |
|---|---|---|---|
| 1. | গাছ ঃ পরম্পরায় ও ঐতিহ্যে | ডঃ শ্যামসুন্দর কুণ্ডু | 11-32 |
| 2. | Self help Group Bank Linkage Programme in India with Special Reference to West Bengal | Arindam Jana | 33-43 |
| 3. | বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা ঃ একটি পরিকল্পনা এবং বিশ্লেষণ | সালমা আহ্‌মেদ | 44-100 |
| 4. | Representative Democracy and Information Literacy: an Indian perspective | Dr. Pranab Kumar Ganguly | 101-109 |
| 5. | শিল্পে ডুডলিং -এর প্রভাব ঃ একটি বিশ্লেষণাত্মক সমীক্ষা | অরূপ কুমার দাস | 110-116 |
| 6. | বালি ঢালাই-এর বিভিন্ন পদ্ধতি | প্রদীপ মণ্ডল | 117-124 |

# গাছ ঃ পরম্পরায় ও ঐতিহ্যে

ডঃ শ্যামসুন্দর কুণ্ডু

"এক যে ছিল গাছ, সন্ধ্যা হলেই দু'হাত তুলে জুড়ত ভূতের নাচ।"

গাছ নিয়ে এরকম কবিতা ছোটবেলাতে খুব উৎসাহ নিয়ে মুখস্থ করতাম। এবারে লিখতে বসেছি গাছ নিয়ে, কারণ জুলাই মাসের মধ্যেই 'বনমহোৎসব' বা 'বৃক্ষরোপণ উৎসব' শুরু হতে যাচ্ছে। গাছ যে আমাদের জীবনের সঙ্গে, সংস্কৃতির সঙ্গে কেমনভাবে, কতরকমভাবে জড়িয়ে আছে, তা নিয়ে নিরন্তর আলোচনার অবকাশ আছে।

**সরকারী ভাবে বৃক্ষরোপনের পরিকল্পনা গ্রহণ ও রূপায়ণ ঃ**

মৌর্য সম্রাট অশোকের কথা আমরা কম-বেশি সকলেই জানি। অশোকের 'চণ্ডাশোক' থেকে 'ধর্মাশোক'-এ উত্তরণের প্রধান কারণ কলিঙ্গ যুদ্ধের ভয়াবহতা স্বচক্ষে প্রত্যক্ষ করা। যুদ্ধের ভয়ানক ঘটনা আর বীভৎসতার কারণে অবসন্ন মনে তিনি বৌদ্ধধর্ম গ্রহণ করে সমাজ সেবামূলক কাজে আত্মনিয়োগ করেন এবং প্রশাসনকেও কাজে লাগান। পথের ধারে ধারে পানীয় জলের জন্য কূপ খনন এবং বৃক্ষরোপন করে শুধুমাত্র মানুষ নয়, পশুদের সুবিধার কথা ভেবে তিনি প্রকল্প রচনা করে বাস্তবায়িতও করেছিলেন। তাঁর শিলালিপিতে আছে :

'পংথেষু কূপা চ খানাপিতা ব্রছা চ রোপাপিতা। পরিভোগায় পশু-মনুসানাম্',

এটি পালিভাষায়, সেকালে সাধারণ মানুষের ভাষায় রচিত। 'ব্রছা' হল সংস্কৃতে 'বৃক্ষাঃ'।

এ কাজে তিনি তাঁর কর্মচারীদের শুধু নয়, সাধারণ মানুষকে এবং সীমান্তবর্তী অন্যান্য জনপদের মানুষজনদেরও সামিল করেছিলেন; এ প্রমাণ আছে **অশোকের দ্বিতীয় শিলা অভিলেখে** যা প্রায় সবটাই জন-কল্যাণের কথায় পরিপূর্ণ। সেখানে গাছ লাগানো থেকে শুরু করে—বিশেষ বিশেষ গাছ যেমন ওষধি সমৃদ্ধ গাছ, আধুনিক কালে যেগুলিকে আমরা 'Medicinal Plant' বলে থাকি, তার কথা সর্বপ্রথম পৃথিবীর ইতিহাসে তিনিই সরকারী প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত করেন এবং বাস্তবায়িত করার কথা ভাবা শুধুই নয়, প্রশাসককে দিয়ে সাধারণ মানুষের যাতে কাজে লাগে সে ব্যাপারে উদ্যোগ নেন। এতে শুধু মানুষ নন, পশুরাও উপকৃত হবে—এমন আশ্চর্য ভাবনা সম্রাট হিসেবে তিনিই বাস্তবায়িত করেন। দ্বিতীয় শিলা অভিলেখের সবটাই তুলে ধরলে আশা করি সবাইকার গোচরে আসবে, জানা কথাই আবার উল্লেখের মধ্য দিয়ে বর্তমান পৃথিবীতে ভয়ঙ্কর উষ্ণায়ণের তথা পরিবেশ নষ্টের হাত থেকে বাঁচতে কোন্ রাস্তা অবলম্বন করতে হবে—তা ভেবে কাজ করতে আগ্রহ জন্মাবে। তাই সবটাই তুলে ধরা হল এবং মূল অংশ ছাড়াও বন্ধনীর

* Durgapur Govt. College, Durgapur, Burdwan (West). E-mail : dr.s.s.kundu@gmail.com

মধ্যে সংস্কৃতে রূপান্তরিত অংশও ঃ

## দ্বিতীয় শিলা অভিলেখ

লাইন-১ = সর্বত বিজিতম্হি দেবানংপ্রিয়স প্রিয়দসিনো রাঞো
(সর্বত্র বিজিতে দেবানাংপ্রিয়স্য প্রিয়দর্শিনঃ রাজ্ঞ)

লাইন-২ = এবমপি প্রচংতেসু যথা চোডা পাডা সতিয়পুতো কেতলপুতো আতংব-
(এবমপি প্রত্যন্তেষু যথা চোলাঃ পাণ্ড্যাঃ, সত্য-পুত্রঃ, কেরল-পুত্রঃ আতাম্র-)

লাইন-৩ = পংণী অংতিয়কো যোনরাজা যে বা পি তস অংতিয়কস সামীপা
(পর্ণি, অন্তিয়কঃ যোনরাজ, যে বা অপি তস্য অন্তিয়কস্য সামীপাঃ)

লাইন-৪ = রাজানো সর্বত দেবানংপ্রিয়স প্রিয়দসিনো রাঞো দ্বে চিকীছা কতা
(রাজানঃ-সর্বত্র দেবানাংপ্রিয়স্য প্রিয়দর্শিনঃ রাজ্ঞঃ দ্বে চিকিৎসে কৃতে)

লাইন-৫ = মনুসচিকীছা চ পসুচিকীছা চ ওসুঢ়ানি চ যানি মনুসোপগানি চ
(মনুষ্য-চিকিৎসা চ পশু-চিকিৎসা চ। ওষধয়ঃ চ যাঃ মনুষ্যোপগাঃ চ)

লাইন-৬ = পসোপগানি চ যত-যত নাস্তি সর্বত্র হারাপিতানি চ রোপাপিতানি চ
(পশূপগাঃ চ যত্র যত্র ন সন্তি, সর্বত্র হারিতাঃ চ রোপিতাঃ চ।)

লাইন-৭ = মূলানি চ ফলানি চ যত-যত নাস্তি সর্বত্র হারাপিতানি চ রোপাপিতানি চ
(মূলানি চ ফলানি চ যত্র যত্র ন সন্তি, সর্বত্র হারিতানি চ রোপিতানি চ)

লাইন-৮ = পংথেসু কূপা চ খানাপিতা ব্রছা চ রোপাপিতা পরিভোগায় পসুমনুসানং
(পথিষু কূপাঃ চ খানিতাঃ, বৃক্ষাঃ চ রোপিতাঃ পরিভোগায় পশু-মনুষ্যাণাম্।)

গাছের প্রতি, গাছ রোপনের প্রতি অনুশাসনের কথায় তাঁর এই অনুরাগের কারণে সারা পৃথিবী তাঁকে মনে রেখেছে। এই অনুরাগের কারণ অনুসন্ধান করতে হলে ফিরে তাকাতে হয় পৃথিবীর প্রথম বিপ্লবী বুদ্ধদেবের জীবনবেদে। তিনি যে বৃক্ষের নীচে বসে সাধনায় সিদ্ধিলাভ করেন, যে অনন্ত সত্যর উপলব্ধি করেন, পরবর্তীকালে সেটিই 'বোধিবৃক্ষ' নামে বিখ্যাত। বৌদ্ধরা, যাঁরা বুদ্ধের মূর্তিপূজার পক্ষপাতী ছিলেন না, তাঁরা পরে বৃক্ষকেই বুদ্ধের প্রতীক হিসাবে পূজা করতে থাকেন, পাথর কেটে বৃক্ষের অবয়ব তৈরি—একারণেই। মাননীয় বিনয়তোষ ভট্টাচার্য তাঁর 'বৌদ্ধদের দেবদেবী' বইতে (পৃ. ১০-১১) এ সম্পর্কে বলেন— "বিভিন্ন প্রাচীন শিল্প সম্প্রদায়ে যদিও বুদ্ধের মূর্তি দেখা যায় না, তথাপি বুদ্ধের ব্যবহৃত বস্তু ও প্রতীকের মূর্তি অনেক জায়গায় পাওয়া গিয়াছে। বুদ্ধের পাগড়ি পদচিহ্ন বোধিবৃক্ষ ধর্মচক্র ইত্যাদি বহুবিধ চিহ্ন পাথার খোদা দেখিতে পাওয়া যায়। ... খৃষ্টপূর্ব প্রথম শতক পর্যন্ত ভগবান বুদ্ধের মূর্তি নির্মিত করা হয় নাই। তাহার বদলে তাঁহার প্রতীকগুলিকেই প্রস্তরে খোদাই করিয়া রূপ দেওয়া হইয়াছিল।" কলকাতা যাদুঘরে বা অন্যান্য যাদুঘরে এরকম কয়েকটি দেখা যায়। এই প্রতীক 'ন্যাশানাল বুক ট্রাস্টের' নিজস্ব চিহ্ন হিসাবে প্রতিষ্ঠা লাভ করেছে। যদিও এখন নেই। বাংলাদেশে আজও চৈত্রমাসে প্রতিদিন বট, অশ্বত্থ গাছের গোড়ায় জলদান প্রমাণ করে গাছের প্রতি সাধারণ মানুষের ভালোবাসা।



'বোধিবৃক্ষ'

চৈত্র মাসে জলদান।

বৌদ্ধ ধর্মাবলম্বী মানুষেরা যে ঐ সময় প্রতিদিন গাছের গোড়ায় জলসিঞ্চন করা একটা অন্যতম ধর্মীয় অঙ্গ হিসেবে যুগ যুগ ধরে মেনে এসেছিল, যে কারণে গাছ লাগানো থেকে শুরু করে তার যথোপযুক্তভাবে বেড়ে ওঠা জলদানে/জলসিঞ্চনে বাল্যাবস্থা থেকে কৈশোর-যুবক হওয়া পর্যন্ত এই পরিচর্যা চলতেই থাকত। বেশির ভাগ গাছ যেগুলো বিশেষ করে 'ক্ষীরবৃক্ষ'—সেগুলি যে বেড়ে উঠতো, তা এ সব মানুষের প্রত্যক্ষ পরিচর্যায়। তাঁরা জানতেন ছোট্ট এই ক্ষীরবৃক্ষের চারাটি একদিন বড় হয়ে অনেক জীবের আশ্রয় হবে—সেই মহীরুহকে অবলম্বন করে জীবের বংশবিস্তার হবে, মানুষের প্রতি শান্তির ছায়া বিস্তার করে তাকে সুস্থির করবে; এমনকি যে মানুষগুলো একদিন গাছটিকে কাটতে উদ্যত হবে, সেই সময় পর্যন্ত ছেদনকারীকেও ছায়া দান করে যাবে, অর্থাৎ শেষ সময় পর্যন্তও সে মানুষ-পশু-জীবের প্রতি সর্বশক্তি দিয়ে কল্যাণ করতে থাকবে। 'ক্ষীরবৃক্ষ' বলতে আমরা বোঝাতে চেয়েছি যে গাছের শাখা এমনকি পাতা, ফুল/ফল ভাঙলে ক্ষীরের মতোই রস দেখা যায়—যেমন-বট, অশ্বত্থ, যজ্ঞডুমুর ইত্যাদি। সভ্যতার ইতিহাসে গাছের প্রতি মানুষের এই অনুরাগ, শ্রদ্ধা দেখিয়ে দেওয়ার অন্যতম দাবীদার কিন্তু আমাদের দেশের বৌদ্ধ ধর্মাবলম্বী মানুষজন এবং তাদের সাহিত্য/ভাস্কর্যে-আচার-আচরণে তাই গাছকে দেবতাজ্ঞানে পর্যাপ্ত মান্যতা দেওয়া হয়েছে। অন্যতম বৌদ্ধ ধর্মগ্রন্থ 'ত্রিপিটক' এর অন্তর্গত 'বিনয় পিটকে' স্পষ্ট নির্দেশ ছিল বুদ্ধদেবের—'ধর্ম্ম-সংঙ্ঘে' যোগদান করতে চাইলে সর্বাগ্রে একটি বৃক্ষরোপণ করবে, এবং সেখানেই কর্তব্য শেষ হবে না, পরিচর্যা করে অন্তত তিনবছর তাকে রক্ষা করবে, বড় হলে তারপরে ধর্ম্মসংঙ্ঘে এসে যোগদানের অনুমতি পাবে। 'বিনয় পিটকে'—একথাই পরিষ্কার করে বলা আছে, এই পরম্পরা যা পরবর্তীকালে মৌর্য সম্রাটকে প্রিয়দর্শী অশোককে প্রণোদিত করেছিল সরকারীভাবে বৃক্ষরোপনের; যেকথা একটু আগেই উল্লেখ করা হয়েছে। এই ধারা যুগ যুগ ধরে বয়ে চলেছিল। এমনকি অনেক পরে একটা ছড়ায় আমরা চৈত্রমাসে গাছের গোড়ায় জলদান নিয়ে যেটা ব্যঙ্গ করে বৌদ্ধ-জৈন-আজীবিক সন্ন্যাসী ও তাঁদের অনুগামীদের প্রতি ছুঁড়ে দেওয়া হয়েছিল। সেটা এরকম ঃ

"ন্যাংটো কলাব্যাঙটো গাছের তলায় ঘর।
এক ঘটি জল নিয়ে নেড়া পুজো কর।"

এখান থেকে 'নেড়াপুজো' মানে বুদ্ধদেব বা জৈন তীর্থঙ্কর বিশেষ করে মহাবীর, যাঁদের চেহারার মধ্যে মাথাটা নেড়াই থাকতো—তাদের উদ্দেশ করে এগুলি বলা হয়েছে— এতে কোনই সন্দেহ নেই। বুদ্ধদেব বাংলাদেশে না এলেও- জৈন তীর্থঙ্কর মহাবীর বর্ধমান যে এসেছিলেন সে প্রমাণ আছে 'বর্ধমান' শহরের নামকরণের মধ্যে।

**প্রাচীন ভারতে বৃক্ষ সংরক্ষণের জন্য আইন ও দণ্ডনীতি ঃ**

হিন্দু ধর্মশাস্ত্রকারগণও পিছিয়ে ছিলেন না। (এ প্রসঙ্গে সবিনয়ে বলি, 'ধর্ম্ম' আমাদের দেশে হল 'মানুষের ধর্ম্ম', 'রিলিজন' কথাটি এর প্রতিশব্দ নয়।) প্রাচীন ধর্ম্মশাস্ত্রকারগণের মধ্যে 'মনুসংহিতা' যে সর্বোৎকৃষ্ট এ সম্পর্কে বিতর্ক নেই।

এখানে 'মনুসংহিতা'র কথা বিশেষভাবে উল্লেখ করেছি কেন, তার পরিপূরক হিসেবে কিছু কথা অবশ্যই উল্লেখ করতে হয়। 'মনুসংহিতা'য় যে কেবলমাত্র হিন্দু স্মৃতিশাস্ত্র বা 'Hindu Law Book' নয়; সামাজিক

জীবনকে নানাভাবে কিছু বিধিবিধানের দ্বারা কতোটা শৃঙ্খলাবদ্ধ করা যায়—সে সম্পর্কেও সবিশেষ আলোচনা আছে। শ্রদ্ধেয় বিনয় ঘোষ তাঁর 'বিদ্যাসাগর ও বাঙালী সমাজ বইতে উল্লেখ করেছেন—[ বিদ্যাসাগর] "... স্মৃতিশাস্ত্র সম্বন্ধে লিখেছেন ঃ 'মনুসংহিতা' হিন্দু বিধিবিধানের শ্রেষ্ঠ গ্রন্থ, কারণ 'It treats of, Social, moral, political, religious and economical laws. It is in a manner an index of Hindu Society in ancient times.' সুতরাং মনু অবশ্যপাঠ্য।" (পৃ-৪০৫)।

ঐ যে প্রথমদিকে 'social, moral' ইত্যাদি বিশেষণে ভূষিত করা হলো এমন ভাবনার পথ বেয়ে দেখানো যেতে পারে গাছ নিয়ে সেখানে কী ধরনের আলোচনা আছে। একেবারে গাছের বর্গীকরণ থেকে শুরু করে উপযোগিতা নিয়ে সেখানে কত পরীক্ষিত মন্তব্য আছে তা দেখলে চমৎকৃত না হয়ে পারা যায় না।

'মনুসংহিতায় প্রথম অধ্যায়ে পাচ্ছি গাছেদের চিহ্নিত করে একটা বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে বর্গীকরণ করা হয়েছে। দেখতে পাচ্ছি বলা হচ্ছে 'সমুদয় উদ্ভিদই স্থাবর। তন্মধ্যে কতকগুলি বীজ থেকে জন্মে ও কতকগুলি রোপিত শাখা থেকে উৎপন্ন হয়ে থাকে। যারা বহুপুষ্প-ফলযুক্ত ও ফল পাকলেই মারা যায়, তাদের ওষধি বলে; যথা—ধান, যব প্রভৃতি।' মূলাংশে আছে ঃ

উদ্ভিজ্জা ঃ স্থাবরা ঃ সর্বে বীজকাণ্ড প্ররোহিণ ঃ।<br>ওষধ্য ঃ ফলপাকান্তা বহুপুষ্পফলোপগাঃ।। ১.৪৬

আগে দেওয়া বাংলা অনুবাদটি মানবেন্দু বন্দ্যোপাধ্যায় কৃত। একই সঙ্গে G. Bular কৃত ইংরেজি অনুবাদটিও তুলে ধরতে হয়;

All plants, propagated by seed or by slips, grow from shoots; annual plants (are those) which, bearing many flowers and fruits, perish after the ripening of their fruits."

পরেই মনুসংহিতাকার বললেন ঃ

'অপুষ্পা ঃ ফলবন্তো যে তে বনস্পতয়ঃ স্মৃতাঃ।<br>পুষ্পিণঃ ফলিনশ্চৈব বৃক্ষাস্তুভয়ত ঃ স্মৃতাঃ।।' ১.৪৭

এই অংশের বাংলা অনুবাদে মানবেন্দু বন্দ্যোপাধ্যায় বলেন ঃ 'যে সমস্ত উদ্ভিদ্ পুষ্পিত না হয়েই ফলবন্ত হয় [ অর্থাৎ বিনা ফুলে যে সমস্ত গাছের ফল জন্মায়] তাদের বনস্পতি বলা হয়। [ এগুলিকে প্রকৃতপক্ষে বৃক্ষ বলা যায় না; বৃক্ষগুলি ফুল ও ফল উভয়ের সাথে সম্পর্কযুক্ত]। ফুল থেকে ফল বা কেবলমাত্র ফল যাই হোক না কেন, এই দুই প্রকারকেই বৃক্ষ বলা যায়।'

ইংরেজি অনুবাদে পাচ্ছি—"(Those trees) which bear fruit without flowers are called vanaspati (lords of the forest); but those which bear both flowers and fruits are called vriksha." [G. Buhlar].

[ দেখা যাচ্ছে 'বনস্পতি' শব্দের সেরকম সুন্দর প্রতিশব্দ ইংরেজি অনুবাদে পাওয়া যাচ্ছে না বা এই সুন্দর 'বর্গ'টিকে কোন শব্দে ধরা যায় নি, তাই ইংরেজি অনুবাদে হুবহু শব্দটিকেই তুলে ধরা হয়েছে।]

এরপরে বর্গীকরণে লতানে গাছগুলি যেগুলিকে সাধারণভাবে গুচ্ছ বা গুল্ম বলে চিনি—সেগুলিকেও

সুন্দরভাবে উল্লেখ করে সনাক্ত করা হয়েছে—

গুচ্ছগুল্মং তু বিবিধং তথৈব তৃণজাতয়ঃ।

বীজকাণ্ডরুহাণ্যেব প্রতানা বল্ল্য এব চ।। ১.৪৮

এই অংশের অনুবাদের সাথে সাথে ব্যাখ্যাও দিয়ে দিয়েছেন মানবেন্দু বন্দ্যোপাধ্যায়, দেখে নিই সে অংশটি তারপর পাশাপাশি ইংরেজি অনুবাদ দিয়ে দেওয়া যাবে।

'গুচ্ছ ও গুল্ম নানাপ্রকার। যার মূল থেকে অনেক শাখা জন্মায় অথচ কাণ্ড নেই—তার নাম গুচ্ছ, যেমন মল্লিকা প্রভৃতি। আর যার একটি মূল থেকেই বহু অঙ্কুর উদ্‌গত হয়—তার নাম গুল্ম; যেমন শর, ইক্ষু, বাঁশ প্রভৃতি। উলূখড় জাতীয় তৃণজাতিও বিবিধ প্রকার। নানা প্রকার প্রতান আছে [ যারা মাটির উপর লতিয়ে থাকে যেমন—লাউ গাছ, কুমড়ো গাছ; কয়েকরকম বল্লীও আছে এগুলিকে লতা বলা হয় এবং মাটি থেকে কোনও গাছ বা অন্য কিছুকে বেষ্টন করে উপরে ওঠে; যেমন—গুড়ুচী প্রভৃতি ] । এই উদ্ভিজ্জগুলির কোনটি বীজ থেকে জন্মায় অর্থাৎ বীজপ্ররোহী এবং কোনটি বা কাণ্ড থেকে উৎপন্ন হয় অর্থাৎ কাণ্ডপ্ররোহী।'

ইংরেজি অনুবাদে Buhlar কিন্তু বেশী কথা খরচ করেন নি—"But the various plants with many stalks, growing from one or several roots, the different kinds of grasses, the climbing plants and the creepers spring all from seed or from slips."

আধুনিক যুগে বৈজ্ঞানিকগণ বিশেষ করে জগদীশচন্দ্র বসু, বৈজ্ঞানিক ভাবে গাছের যে প্রাণ আছে তা নিশ্চিতভাবে প্রমাণ করেছিলেন। কিন্তু এই দেশে বহু আগে থেকেই পরম্পরাগতভাবে প্রাপ্ত জ্ঞানের দ্বারা গাছের প্রাণ শুধু নয়, তাদেরও সুখ-দুঃখের অনুভব হয় যা সেখানে চৈতন্যের অস্তিত্বই প্রমাণ করে। 'মনুসংহিতায়' অদ্ভুতভাবে আমরা একটি কবিতায় এই ধারণা দেখতে পাই—

'তমসা বহুরূপেণ বেষ্টিতাঃ কর্মহেতুনা।

অন্তসংজ্ঞা ভবন্ত্যেতে সুখদুঃখ সমন্বিতা।। ১.৪৯

এই অংশের বাংলা অনুবাদ করেছেন মানবেন্দু বন্দ্যোপাধ্যায়—'এই বৃক্ষাদি পাপকর্ম-বশতঃ বহুরূপে তমোগুণের দ্বারা আচ্ছন্ন। কিন্তু এদেরও অন্তরে চেতনা বা অনুভবশক্তি আছে, তাই এদেরও জীবন সুখ-দুঃখে বিজড়িত।'

এ প্রসঙ্গে দেখে নিই Buhlar কৃত ইংরেজী অনুবাদটিও—'These (plants) which are surrounded by multiform Darkness, the results of their acts (in former existences), posses internal consciousness and experience pleasure and pain.'

দেখা যাবে পরম্পরাগতভাবে পাওয়া বা জানা এই জ্ঞান, গাছের প্রাণ আছে আর তাদের সুখ দুঃখও থাকতে পারে এমন ভাবনা আমাদের দেশের প্রবহমান ঐতিহ্যেই ছিল। প্রত্যক্ষ প্রমাণ হিসেবে এখনও এমন গাছ রয়েছে যেমন 'লজ্জাবতী লতা', যেখানে সামান্য আঘাত/ছোঁয়া পেলেই সে নত হয়। আবার কিছুক্ষণ পরে যখন কোনরকম আঘাতের আশঙ্কা থাকে না, তখন নিজে নিজেই স্বমহিমায় ফিরে আসে। এই ক্রিয়া দুটি

যথাক্রমে দুঃখ-সুখের বহিঃপ্রকাশ হিসেবে ধরা যেতেই পারে। নানাভাবে বৈজ্ঞানিকরা সেগুলিই প্রমাণ করেছেন, অন্যদের গোচরে আনতে সক্ষম হয়েছেন। দক্ষিণভারতে আশু ফলের আশায় নারকেল বাগানে সংগীত পরিবেশনে গাছেদের সুখী করবার রেওয়াজ দেখা যায়।

আচার্য জগদীশচন্দ্র বসু তাঁর গবেষণার কথা 'গাছের কথা', 'উদ্ভিদের জন্ম মৃত্যু', 'নির্বাক জীবন', 'আহত উদ্ভিদ' —ইত্যাদি লেখাগুলিতে এসব কথা বৈজ্ঞানিকভাবে তুলে ধরে প্রমাণ দেখিয়েছেন। সম্প্রতি বিখ্যাত বিজ্ঞান পত্রিকা 'সেল'-এ ইজরায়েলের তেল আভিভ বিশ্ববিদ্যালয়ের একদল বিজ্ঞানী আরও উন্নতমানের প্রযুক্তি ব্যবহার করে (যেমন আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স) ব্যবহারের মাধ্যমে জানতে পারেন যে অবহেলিত হলে বা ব্যথা পেলে নানারকম শব্দ করে গাছ জানান দেয়। (সূত্র ঃ 'অবহেলায় আর্তনাদ! গাছের 'কান্না' শুনলেন বিজ্ঞানীরা'/'এই সময়', ০৪/০৪/ ২০২৩, পৃ-২)

'মনুসংহিতা' থেকে আমরা অনেকগুলি কবিতা অনুবাদসহ উদ্ধৃতি দিলাম। তবে এসব ধারণার উৎস হিসাবে কিন্তু 'মহাভারত'—নামক মহাকাব্যের উদাহরণও দেখতে হয়। সেখানেই গাছের বর্গীকরণ থেকে মানুষের সামাজিক দায়বদ্ধতা এবং তার উপযোগিতা—এগুলিই সুন্দর করে সেখানেও বলা আছে এবং হয়তো প্রথমে থাকা এসব ধারণা নিয়েই পরবর্তিকালে অনেক জায়গায় একই রকম ভাবনা ছড়িয়ে দেওয়া হয়েছে। যাওয়া যাক—'মহাভারতের' অংশে—[ প্রসঙ্গটি আলোচিত হয়েছে 'অনুশাসনপর্ব্বে' যেখানে শরশয্যায় ভীষ্ম, তাঁর কাছ থেকে নানাভাবে যুধিষ্ঠির অনেক বিষয় জেনে নিচ্ছেন। এরকম পরিপ্রেক্ষিতে গাছ লাগানোর প্রসঙ্গও এসেছে।]

প্রথমে মূল অংশটি তুলে ধরি—

"এবমেতত্তড়াগস্য কীর্ত্তিতং ফলমুত্তমম্।
অত ঊর্দ্ধং প্রবক্ষ্যামি বৃক্ষাণামবরোপণম্। ।২২।।
স্থাবরাণাং চ ভূতাণাং জাতয়ঃ ষট্‌প্রকীর্ত্তিতাঃ।
এতা জাত্যস্তু বৃক্ষাণাং তেষাং রোপে গুণাস্ত্বিমে।
কীর্ত্তিশ্চ মানুষে লোকে প্রেত্য চৈব ফলং শুভম্ ।।২৪।।
লভতে নাম লোকে চ পিতৃভিশ্চ মহীয়তে।
দেবলোকে গতস্যাপি নাম তস্য ন নশ্যতি।।২৫।।
অতীতানাগতে চোভে পিতৃবংশঞ্চ ভারত।।
তারযেৎ বৃক্ষরোপী চ তস্মাদ্ বৃক্ষাংশ্চ রোপয়েৎ।।২৬।।
তস্য পুত্রা ভবন্ত্যেতে পাদপা নাত্র সংশয়ঃ।
পরলোকগতঃ স্বর্গং লোকশ্চাপ্নোতি সোহব্যয়ান্।।২৭।।
পুষ্পৈঃ সুরগণান্ বৃক্ষাঃ ফলৈশ্চাপি তথা পিতৃন্

ছায়য়া চাতিথিং তাত ! পূজয়ন্তি মহীরুহঃ।।২৮।।
কিন্নরোরগরক্ষাংসি দেবগন্ধর্বমানবাঃ।
তথা ঋষিগণাশ্চৈব সংশ্রয়ন্তি মহীরুহান্।।২৯।।
পুষ্পিতাঃ ফলবন্তশ্চ তর্পয়ন্তীহ মানবান্।
বৃক্ষদং পুত্রবদ্‌বৃক্ষাস্তারয়ন্তি পরত্র তু।।৩০।।
তস্মাত্তড়াগে সদ্‌বৃক্ষা রোপ্যাঃ শ্রেয়োহর্থিনা সদা।
পুত্রবৎ পরিপাল্যাশ্চ পুত্রাস্তে ধর্ম্মতঃ স্মৃতাঃ ।।৩১।।
তড়াগকৃদ্‌বৃক্ষরোপী ইষ্টযজ্ঞশ্চ যো দ্বিজঃ।
এতে স্বর্গে মহীয়ন্তে যে চান্যে সত্যবাদিনঃ।।৩২।।
তস্মাওড়াগং কুর্ব্বীত আরামাংশ্চৈব রোপয়েৎ।
যজেচ্চ বিবিধৈর্যজ্ঞৈ সত্যঞ্চ সততং বদেৎ।।৩৩।।"

এবার প্রথমে হরিদাসসিদ্ধান্তবাগীশকৃত বাংলা অনুবাদটি দিই, তারপর একটি ইংরেজী অনুবাদ দেওয়া যাবে :

"এইরূপেই এই জলাশয়নির্ম্মাণের উত্তম ফল বলিলাম; ইহার পর বৃক্ষরোপণের ফল বলিতেছি।।২২।।

মুনিরা স্থাবর প্রাণীর ছয়টি জাতি বলিয়াছেন; বৃক্ষ, গুল্ম, লতা, বল্লী, ত্বক্‌সার ও তৃণ এই ছয়টি বৃক্ষজাতি।।২৩।।

এইগুলি বৃক্ষজাতি, সেগুলি রোপণ করিলে এই সকল গুণ হয় অর্থাৎ মনুষ্যলোকে কীর্ত্তি এবং পরলোকে মঙ্গলময় ফল হইয়া থাকে। ২৪।।

বৃক্ষরোপী মর্ত্ত্যলোকে নাম লাভ করে এবং পিতৃলোকে পিতৃগণের সহিত অবস্থান করে, তারপর দেবলোকে গেলেও তাহার নাম লুপ্ত হয় না।।২৫।।

ভরতনন্দন! বৃক্ষরূপী মানুষ, ভূত ও ভবিষ্যৎ মাতামহবংশ, শ্বশুরবংশ ও পিতৃবংশ উদ্ধার করে। অতএব মানুষ বৃক্ষরোপণ করিবে।।২৬।।

এই সকল বৃক্ষ, রোপণকর্ত্তার পুত্রস্থানীয় হয়; এবিষয়ে কোন সন্দেহ নাই; আর বৃক্ষরূপী মানুষ পরলোকে যাইয়া স্বর্গলাভ করে এবং অবিনশ্বর ব্রহ্মলোক প্রভৃতিও লাভ করিয়া থাকে।।২৭।।

বৎস! ভূমিজাত বৃক্ষসকল পুষ্পদ্বারা দেবগণকে, ফলদ্বারা পিতৃগণকে এবং ছায়াদ্বারা অতিথিদিগকে সন্তুষ্ট করিয়া থাকে।।২৮।।

দেবতা, গন্ধর্ব্ব, মানুষ, কিন্নর, সর্প, রাক্ষস ও ঋষিগণ বৃক্ষসকলকে আশ্রয় করিয়া থাকেন।।২৯।।

পুষ্পবান্ ও ফলবান্ বৃক্ষসকল ইহলোকে মনুষ্যগণকে সন্তুষ্ট করে এবং বৃক্ষদাতাকে পুত্রের ন্যায় পরলোকে উদ্ধার করিয়া থাকে।।৩০।।

অতএব মঙ্গলার্থী মানুষ, জলাশয়ের তীরে উৎকৃষ্ট বৃক্ষসকল রোপণ করিবে এবং সেগুলিকে পুত্রের ন্যায় সর্বদা পরিপালন করিবে। কারণ, সেই বৃক্ষসকল ধর্ম্মানুসারে রোপয়িতার পুত্রই হয়।।৩১।।

যে লোক জলাশয়নির্ম্মাণ, বৃক্ষরোপণ বা যজ্ঞানুষ্ঠান করে এবং অন্য যাহারা সত্য বলে; তাহারা স্বর্গে যাইয়া থাকে।।৩২।।

অতএব মানুষ, জলাশয়নির্ম্মাণ, উদ্যানে বৃক্ষরোপণ ও নানাবিধ যজ্ঞানুষ্ঠান করিবে এবং সর্ব্বদা সত্যবাক্য বলিবে।।৩৩।।"

এ প্রসঙ্গে ইংরেজি অনুবাদ তুলে ধরার লোভ সামলানো গেল না—

"....the Rishis declared what the high merits of the excavation of tanks are. I shall now discourse to thee on the planting of trees. Of immobile objects six classes have been spoken. They are Vrikshas, Gulmas, Latas, Vallis, Twaksaras, and Trinas of diverse kinds! These are the several kinds of vegetables. Listen now to the merit that attaches to their planting. By planting trees one acquires fame in the world of men and auspicious rewards in the world hereafter. Such a man is applauded and reverenced in the world of the Pitris. Such a man's name does not perish even when he becomes a citizen of the world of deities. The man who plants trees rescues the ancestors and descendants of both his paternal and maternal lines. Do thou, therefore, plant trees, Yudhisthira. The trees that a man plants become the planter's children. There is no doubt about this. Departing from this world, such a man ascends to Heaven verily many eternal regions of bliss become his. Trees gratify the deities by their flowers; the Pitris by their fruits; and all guests and strangers by the shadow they give. Kinnaras and Uragas and Rakshasas and deities and Gandharvas and human beings, as also Rishis, all above recourse to trees as their refuge. Trees that bear flowers and fruits gratify all men. The planter of trees is rescued in the next world by the trees he plants like children rescuing their own father. Therefore, the man that is desirous of achieving his own good, should plant trees by the side of tanks and cherish them like his own children. The trees that a man plants are, according to both reason and the scriptures, the children of the planter. That Brahmana who excavates a tank, and be that plants trees, and he not performs sacrifices, are all worshipped in Heaven even as men that are devoted to truthfulnes of speech. Hence one should cause tanks to be excavated and trees to be planted, worship the deities in diverse sacrifices, and speak the truth.

[The Mahabharata of Krishna—Dwaipayanavyasa Translated into English prose from the original Sanskrit Text by Pratapchandra Roy, C.I.E. VOLXI Anusasanaparva. Oriental Publishing Co. 11D, Arpulilane Calcutta. Taken from Internet.]

দেখা যাবে 'মহাভারত'কার যেমন বৃক্ষ, গুল্ম, লতা, বল্লী, ত্বকসার এবং তৃণ-ইত্যাদি ছয় প্রকার রূপ দেখিয়েছেন, 'মনুসংহিতা'য় ঠিক একই রকমভাবে—ওষধি, বনস্পতি, গুচ্ছ, গুল্ম, প্রতানা, বল্লী—ইত্যাদি

নামকরণে ঐ ছয়টি রূপকেই স্বীকার করা হয়েছে। দুইয়ের মধ্যে কে আগে কে পরে—একথা বলা মুশকিল। 'মহাভারত' যদিও প্রাচীনত্বের দিক দিয়ে আগের, কিন্তু সেখানে কোথাও নানারকম মতবাদ—এর তুলনামূলক আলোচনায় অনেক সময়ই 'মনু' নামের কোন ব্যক্তিকে, মতধারাকে উদাহরণ হিসেবে তুলে ধরা হয়েছে। যদিও লিখিতরূপে প্রাচীনত্বের দিক দিয়ে মহাভারতকেই এগিয়ে রাখতে হয়—এতে কোন সন্দেহ থাকে না। ভাবনার দিক দিয়ে সেটিকে আরও বিস্তৃত করে 'মনুসংহিতা'য় বলা হল—(১) যেগুলি বীজ থেকে জন্মে (২) কতকগুলি রোপিত শাখা থেকেই উৎপন্ন হয়। তবে চারাগাছ রোপন করা এবং সেগুলি সন্তানসম যত্নে পরিচর্যা করে, নানারকম আপদ-বিপদ থেকে রক্ষা করার মধ্য দিয়ে মানুষকে সদুপদেশ দিয়ে উদ্বুদ্ধ করার মতো কাজটি করতে শেখানো কিন্তু 'মহাভারত'কারকেই কৃতীত্ব দিতে হয় তা ওই 'তস্য পুত্রা ভবন্ত্যেতে পাদপা নাত্র সংশয়ঃ' (২৭ নং কবিতা) বা 'পুত্রবৎ পরিপাল্যাশ্চ পুত্রাস্তে ধর্ম্মতঃ স্মৃতাঃ' (৩১নং কবিতা)— অংশ থেকেই প্রমাণিত। অনেক পরে গৌতম বুদ্ধ উপদেশ দিয়েছিলেন—'আমার সংঘে প্রবেশ করতে চাইলে গাছ লাগিয়ে বড় করে তারপরই প্রবেশাধিকার পাবে'—যা 'বিনয়পিটকে' আছে—যেটি এই লেখাতে আগেই উল্লেখ করা হয়েছে। 'মহাভারতে'র উদ্ধৃত অংশে ২৭ থেকে ৩০ নম্বর কবিতার ভাবনাগুলিকে সংহত করে 'মহাভারতে'র অন্তর্গত 'গীতা'য় কত সুন্দর করে উপদেশের মাধ্যমে মানুষকে উদ্বুদ্ধ করা হয়েছে—

"পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ।। (গীতা/৯.২৬)

অর্থাৎ 'যিনি আমাকে পত্র, পুষ্প, ফল, জল যাহা কিছু ভক্তিপূর্বক দান করেন, আমি সেই শুদ্ধচিত্ত ভক্তের ভূক্তিপূর্বক প্রদত্ত উপহার গ্রহণ করিয়া থাকি।' [সূত্র ঃ শ্রীমদ্ভগবদগীতা/সম্পাদনা—জগদীশচন্দ্র ঘোষ। প্রেসিডেন্সী লাইব্রেরী]

এখানে একটা ইংরেজি অনুবাদ দিতে হয়, " The reverent presentation to Me of a leaf, a flower, a fruit, or water, given with pure intention, is a devotional offering acceptable in My Sight." [Translated by Paramahansa Yogananda.]

আসলে গাছ লাগানো হলে তবেই পত্র, পুষ্প এবং ফল নাগালের মধ্যে আসবে এবং তা দিয়ে দেবতার অর্ঘ্য রচনা সহজ হবে গৃহী মানুষের পক্ষে। অর্থাৎ ঘুরে ফিরে সেই বৃক্ষরোপণ বা বৃক্ষ পরিচর্যা ও সংরক্ষণের কথাই এসে যায়।

আগেই বলা ২৮ নং কবিতাটিতে—'পুষ্পৈঃ সুরগণান্ বৃক্ষাঃ....ইত্যাদি' যে কথাগুলি বলা হয়েছে সেটি থেকে ভাবনা নিয়ে যেন বিষ্ণুশর্মা 'পঞ্চতন্ত্র' গ্রন্থে রাজকুমারদের নীতিশিক্ষা দেবার সাথে সাথে আমাদেরকেও প্রায় ধাক্কা দিয়ে গাছের উপযোগিতা কতরকম— সে কথা লৌকিক উদাহরণসহ দেখিয়েছেন—

'ছায়াসুপ্ত মৃগ শকুন্তনিবহৈর্বিম্বগবিলুপ্তচ্ছদঃ।
কীটৌবৃতকোটরঃ অলিকূলৈঃ স্কন্ধে বৃতপ্রশ্রয়ঃ।।"

যার ভাবানুবাদ করলে হবে— গাছের ছায়ায় নিদ্রা যায় হরিণ, শাখা-প্রশাখায় পাখি, কোটরে কীট, বড়ো বড়ো ডালে বানর, ফুলে ফুলে মৌমাছিদের আশ্রয়-প্রশ্রয় দিয়েছে। [ দেখা গেল 'মহাভারতে' একবার বন ও সিংহের উদাহরণ দেখিয়েও আবার বন ও ব্যাঘ্রের উদাহরণ তুলে ধরা হল। দুটি পশুই হিংস্র এবং মনুষ্যসমাজ তাদের হাত থেকে আত্মরক্ষার জন্য বন রক্ষা করবে—এতে ভয়ে কেউ বনের ভেতরে প্রবেশ করে বন ধ্বংস করতে ভয় পাবে। এভাবে সবাইকার সহাবস্থানে মঙ্গল হবে। পরে কবিতায় আবার লতা এবং শালবৃক্ষের উদাহরণ টেনে একটু অন্যভাবে বোঝানোর চেষ্টা হয়েছে, দুটি রাজপরিবারের মঙ্গলের জন্য উপদেশ দেওয়া হয়েছে। দেখে নিই কি বলা হয়েছে—

"লতা ধৰ্ম্মা ধার্ত্তরাষ্ট্রাঃ শালাঃ সঞ্জয়ঃ! পাণ্ডবা।
ন লতা বৰ্দ্ধতে জাত মহাদ্রুমমনাশ্রিতা।।" ৫৮।।

অর্থাৎ, 'সঞ্জয়! ধৃতরাষ্ট্রের পুত্রেরা লতার তুল্য এবং পাণ্ডবেরা শালবৃক্ষের ন্যায়, সুতরাং লতা কখনও মহাবৃক্ষের আশ্রয় না পাইয়া বৃদ্ধি পায় না।"৫৮।।

আরও— "স্থিতাঃ শুশ্রূয়িতুং পার্থাঃ স্থিতা যোদ্ধুমবিন্দমাঃ।
যৎ কৃত্যং ধৃতরাষ্ট্রস্য তৎ করোতু নরাধিপঃ।।" ৫৯।।

অনুবাদ—'শত্রুদমনকারী পাণ্ডবেরা ধৃতরাষ্ট্র প্রভৃতির সেবা করিবার জন্যও প্রস্তুত আছেন এবং যুদ্ধ করিবার জন্যও প্রস্তুত রহিয়াছেন; অতএব ধৃতরাষ্ট্রের যাহা কর্ত্তব্য, তিনি তাহাই করুন।' ৫৯।

দেখা যাবে যুদ্ধ এড়ানোর শত চেষ্টা সত্ত্বেও যুদ্ধ হয়েছিল। তার পরিণতি কী হয়েছিল সেকথাও বলা আছে 'মহাভারতে'। কৌরবদের ধ্বংস করে পাণ্ডবেরা জয়ী হয়েছিলো; কিন্তু কিসের বিনিময়ে? অথবা বিজয়ী হয়ে পাণ্ডবরা কি সুখী হয়েছিল, অথবা কতদিন সুখভোগ করেছিল? যদি সুখী হয়ে বরাবরের মতো রাজত্ব করতো, তাহলে একদিন সব ছেড়ে মহাপ্রস্থানের পথে বের হতে হল কেন? আসলে কেউ সুখী হয়নি, সাময়িক সুখানুভূতি-র পর সবই হারাতে হয়েছিল। অভিজ্ঞ জ্ঞানবৃদ্ধ মানুষদের কথা সেদিন যেমন কৌরবপক্ষ শোনেনি, আজও লোভপরবশ হয়ে একশ্রেণির মানুষ শুনছে না; সামনে কী বিপদ ঘনিয়ে এসেছে বুঝেও বুঝতে চাইছে না। অবচেতন, অচেতন, সচেতন—সবরকম ভাবেই লোভী মানুষ জেনেও দিনের পর দিন গাছ বন অরণ্য প্রাকৃতিক সম্পদকে ধ্বংস করে নিজেকেও ধ্বংসের মুখেই ঠেলে নিয়ে চলেছে। এসব আশঙ্কার কথা ভেবেই একদিন গুরুদেব রবীন্দ্রনাথ আক্ষেপ করে বলেছিলেন—

'দাও ফিরে সে অরণ্য, লও এ নগর,
লও যত লৌহ লোষ্ট্র কাষ্ঠ ও প্রস্তর
হে নবসভ্যতা! হে নিষ্ঠুর সর্বগ্রাসী,
দাও সেই তপোবন পুণ্যচ্ছায়ারাশি,
গ্লানিহীন দিনগুলি, সেই সন্ধ্যাস্নান,
সেই গোচারণ, সেই শান্ত সামগান,

নীবারধান্যের মুষ্টি, বল্কলবসন,
মগ্ন হয়ে আত্মমাঝে নিত্য আলোচন
মহাতত্ত্বগুলি। পাষাণপিঞ্জরে তব
নাহি চাহি নিরাপদে রাজভোগ নব—
চাই স্বাধীনতা, চাই পক্ষের বিস্তার,
বক্ষে ফিরে পেতে চাই শক্তি আপনার
পরানে স্পর্শিতে চাই ছিঁড়িয়া বন্ধন
অনন্ত এ জগতের হৃদয়স্পন্দন।

[ সূত্রঃ 'সভ্যতার প্রতি'। চৈতালি কাব্যগ্রন্থের অন্তর্গত এ কবিতার রচনাকাল ১৯চৈত্র, ১৩০২]

বর্তমানে ১৪৩০ সালে দেখা যাবে বন-জঙ্গল আরও কমতির দিকে, পরিবেশের ক্ষতি করতে করতে নিজেরাই জেনে বুঝেও ধ্বংসের দিকে এগিয়ে চলেছি। নিজেরা যখন নিজেদের বিপদ বুঝতে চাইছি না, ভাবী প্রজন্মের জন্য বাসযোগ্য পৃথিবী রেখে যাবার অঙ্গীকার থেকে সরে সরে যাচ্ছি, তখন বোধহয় নিজেদের সভ্য বলা যায় কিনা তা নতুন করে ভাবার সময় এসেছে। আমরা কী সত্যিই সভ্য?

**সীমাবিবাদে গাছের উপযোগিতা ঃ**

অনেক আগে কখন কখনও সীমাবিবাদে (দুটি মানুষের জমি নিয়ে বিবাদ, দুটি গ্রামের সীমানা নিয়ে বিবাদ সংক্রান্ত) উপস্থিত হলে গাছ দেখেই তার মীমাংসা করা হত। কাছাকাছি গাছ না থাকলে, গাছ লাগিয়ে দিয়ে সে বিবাদের নিষ্পত্তি করা হতো এবং একাজে প্রশাসনের লোকজনকেও যুক্ত করা হত। এ ব্যাপারেও 'মনুসংহিতা'য় অনেক কথা আছে। শ্লোক উদ্ধার করে দেখাতে চাইছি, কি ধরনের গাছ লাগানো হত।—'মনুসংহিতা'র অষ্টম অধ্যায়ে আছে—

'সীমাবৃক্ষাংশ্চ কুর্ব্বীত ন্যগ্রোধাশ্বত্থকিংশুকান্।
শাম্মলীঙ্গালতালাংশ্চ ক্ষীরিণশ্চৈব পাদপান্।। (মনুসংহিতা, অষ্টম অধ্যায় ২৪৬ শ্লোক।)

অর্থাৎ 'বট, অশ্বত্থ, কিংশুক, শাম্মলী, শাল, তাল উডুম্বর অথবা যে সকল বৃক্ষ ক্ষীরশালী ও দীর্ঘকাল স্থায়ী'— এমত বৃক্ষ সকল সীমার চিহ্নস্বরূপ রোপন করা উচিত'। (অনুবাদ—পঞ্চানন তর্করত্ন)

এছাড়া আর একটি বাংলা অনুবাদ আছে ঃ 'দুটি গ্রামের সীমা নিশ্চয় করার জন্য সীমাজ্ঞাপক দীর্ঘকালস্থায়ী বৃক্ষসমূহ রোপণ করতে হবে। বট, অশ্বত্থ, কিংশুক, শাল্মলী, শাল, তাল এবং ক্ষীরীগাছ (অর্থাৎ দুধের মত নির্যাসযুক্ত গাছ, যেমন আকন্দ, যোগিডুমুর প্রভৃতি) প্রভৃতি এগুলি সব সীমানিশ্চয়ক গাছ।' (অনুবাদ মানবেন্দু বন্দ্যোপাধ্যায়)।

এখানে টীকাকার কুল্লুকভট্টের টীকা হয়তো আরও কিছু সাহায্য করতে পারে এই অংশের ব্যাখ্যায়। সেখানে আছে —"সীমাবৃক্ষানিতি। ন্যগ্রোধাদীন্ বৃক্ষান্ ক্ষীরিণ ঊডুম্বরাদীন চিরস্থায়িত্বাৎ সীমালিঙ্গভূতান্

কুর্বীত।" এ প্রসঙ্গে Buhlar কৃত ইংরেজি অনুবাদও আরও সাহায্য করতে পারে—'Let him mark the boundaries (by) trees, (e.g.) Nyagrodhas, Asvatthas, Kimsukas, Cotton-trees, Salas, Palmyra palms, and trees with milky juice.' উনিও ফুটনোটে গাছগুলির বৈজ্ঞানিক নাম দেওয়ার চেষ্টা করেছেন—'Nyagroudha, Ficus Indica; Asvattha, Ficus Religiosa; Kimsuka, Butea Frondosa.'

এপ্রসঙ্গে 'মনুসংহিতা' থেকেই আর একটি কবিতা উল্লেখ করে দিতে হয়। ঐ অষ্টম অধ্যায়েই ২৪৭ নং কবিতার বিষয়বস্তু যেমন বড়গাছ লাগানোর কথা, তেমনই গুল্মজাতীয় গাছ লাগানো থাকলেও সীমানা নির্দেশ—এর সুবিধা হয়—

'গুল্মান্ বেণুংশ্চ বিবিধান্ শমীবল্লীস্থলানি চ।

শরান্ কুব্জক গুল্মাংশ্চ তথা সীমা ন নশ্যতি।" ৮.২৪৭

যার বাংলা অনুবাদে মানবেন্দু বন্দ্যোপাধ্যায় বলেন—'গুল্মজাতীয় গাছ, নানা জাতীয় বাঁশগাছ, শমী (সাঁই) গাছ, বল্লী (লতা), স্থল বা উঁচু ঢিবি, শর, কুব্জক (এক ধরনের গুল্মজাতীয় গাছ)—এইসব রোপণ করা থাকলে সীমা নষ্ট হয় না।"

এখানে Buhlar কৃত ইংরেজি অনুবাদটিও দেওয়া গেল—'By clustering shrubs, bamboos of different kinds,Samis, Creepers and raised mounds, reeds, thickets of Kubgak; thus the boundary will not be forgotten.'

**গাছ ধ্বংসের শাস্তি বিধান ঃ**

আবার সীমান্তে থাকা এরকম গাছের কোন হানি হলে (শাখাচ্ছেদ, স্কন্ধচ্ছেদ বা সমূলে ছেদন ইত্যাদি) হানিকারীর কঠোর শাস্তির ব্যবস্থা ছিল। এ কারণে সাধারণ মানুষ নির্বিচারে গাছ কেটে নষ্ট করতে সাহস পেত না (বর্তমানে আইন বা পঞ্চায়েত আইনে এই সংস্থান খুব বেশি দিনের নয়)। আমাদের গ্রামসমাজে গাছ থাকার সম্ভাবনা—যেমন কোন দেবায়তনের কাছাকাছি, বাঁধানো ঘাটে, শ্মশানে ইত্যাদি জায়গায়। এগুলি স্বাস্থ্যসম্মত এবং ধর্ম্মশাস্ত্রকারদের অনুশাসন বলে। তাঁরাই নিয়ম করেন, এসব গাছে ডাল স্কন্ধ (বড় ডাল) কখনই কাটা চলবে না, কাটলে দণ্ড অবধারিত। এমন কি গ্রন্থ প্রসিদ্ধ যেকোন গাছও এই পর্যায়ে পড়ে। যেমন ধরা যাক—শিবপুরে 'বোটানিক্যাল উদ্যানে যে বট গাছটি, তা প্রকৃতই গ্রন্থপ্রসিদ্ধ। তা এসকল গাছের রক্ষাকবচ কেমন ছিল তার প্রমাণ হল—

"চৈত্যশ্মশানসীমাসু পুণ্যস্থানে সুরালয়ে।

জাতদ্রুমানাং দ্বিগুণো দমো বৃক্ষেশ্চ বিশ্রুতে"।।

(যাজ্ঞবল্ক্যসংহিতা, ব্যবহারাধ্যায়, ২২৮ শ্লোক)

অর্থাৎ 'চৈত্য বা বৌদ্ধবিহার, শ্মশান ও গ্রামাদি সীমায় উৎপন্ন কিংবা কোন পুণ্যস্থানে বা দেবালয়ে উৎপন্ন বৃক্ষাদির শাখা, স্কন্ধ বা সমূল ছেদ করিলে বা কোন প্রখ্যাত সুপ্রসিদ্ধ (গ্রন্থপ্রসিদ্ধ) বৃক্ষের ছেদ করিলে পূর্বে কথিত দণ্ডের দ্বিগুণ দণ্ড দিতে হইবে।' (এস. রায়. কৃত অনুবাদ)।

এই কবিতার ঠিক আগেরটিতে আরও পরিষ্কারভাবে গাছ, গাছের শাখা, মূল নষ্ট করলে দণ্ড হবে, সেখানে দণ্ডের পরিমাণও নির্দিষ্ট করে বলে দেওয়া হয়েছে—

"প্ররোহিশাখিনাং শাখাস্কন্ধসর্ববিদারণে।

উপজীব্যদ্রুমাণাঞ্চ বিংশতো দ্বিগুণো দণ্ডঃ।।

যাজ্ঞবল্ক্যসংহিতা/ব্যবহারাধ্যায় ২২৭।।"

যার অনুবাদ করলে এরকম হবে—বটাদি প্ররোহি বৃক্ষ এবং উপকারী আম্রপনসাদি বৃক্ষের শাখাচ্ছেদ, প্রধান স্কন্ধচ্ছেদ বা সমূলে বিদারণ বা উৎপাটন করিলে ২০পণ হইতে আরম্ভ করিয়া দ্বিগুণ অর্থাৎ ৪০পণ এবং ৮০পণ দণ্ড দিতে হইবে। আরও আছে ঐ সংহিতা গ্রন্থেই—

"গুল্মগুচ্ছক্ষুপলতাপ্রতানৌষধিবীরুধাম্।

পূর্বস্মৃতাদর্ধদণ্ডঃ স্থানেষূক্তেষু কর্ত্তনে।।" ২২৯

যার অনুবাদে দেখতে পাই—"গুল্ম (নিবিড় লতাসংঘ), গুচ্ছ (কুরন্টাদি গোছযুক্ত ক্ষুদ্রবৃক্ষ), ক্ষুপ (হ্রস্বশাখাবিশিষ্ট সরল ক্ষুদ্রগাছ), করবীরাদি লতা (দ্রাক্ষাদি), প্রতান (শিখাময় সারিবাদি), ওষধি (ধান্য, যব প্রভৃতি), বীরুধ (ছিন্ন হইলে যে লতার অঙ্কুর জন্মে গোলঞ্চাদি) উক্ত স্থানেও (শাখায়, মূলকাণ্ডে বা সমূলে) কাটিলে পূর্বোক্ত দণ্ডের অর্ধদণ্ড হইবে।"

**সাহিত্যে গাছ নিয়ে কিছু কথা ঃ**

গাছের ডালের আগায় বসে গোড়া কাটা নিয়ে মহাকবি কালিদাস সম্পর্কে একটা গল্প খুব চালু, যদিও এর সত্যতা নিয়ে সন্দেহের অবকাশ থেকেই যায়। এ হেন কালিদাসের রচনাতে গাছ কি পরিমাণ স্থানলাভ করেছে, টুকরো কয়েকটি উদাহরণ পরিবেশন করা যাক।

"অতন্দ্রিতা সা স্বয়মেব বৃক্ষকান্ ঘট স্তন-প্রস্রবণৈর্ব্যবর্দ্ধয়ৎ।

গুহোহপি যেষাং প্রথমাপ্তজন্মানাং ন পুত্রবাৎসল্যমপাকরিষ্যতি।।" (কুমারসম্ভবম্ ৫.১৪)

(ক) তিনি (পার্বতী) নিজেই গাছগুলির পরিচর্য্যা করতেন। পরে কুমার কার্তিকেয় পর্যন্ত তাঁর পূর্বজাত এই গাছগুলির উপর পার্বতীর বাৎসল্য কমাতে পারেনি। (কুমারসম্ভবম্/৫.১৪)

কণ্ডূয়মানেন কটং কদাচিৎ বন্যদ্বিপেনোশ্মথিতা ত্বগস্য।

অথৈনমদ্রেস্তনয়া শুশোচ সেনান্যমালীঢ়মিবাসুরাস্ত্রৈঃ (২.৩৭)

(খ)একদিন এক বুনো হাতি এসে এর (যে দেবদারু গাছটিকে শিব তাঁর ছেলের মত দেখেন) কাণ্ডের সঙ্গে গা ঘসায় ছাল ছড়ে যায়, তাইতে পার্বতী অসুরদের অস্ত্রে ক্ষত বিক্ষত কার্তিকের জন্য যেমন করেছিলেন, এ গাছটির জন্যেও তেমন শোক করেছিলেন। (রঘুবংশম/২.৩৭)

রঘুবংশম্ থেকে আরও কয়েকটি কবিতা তুলে ধরে দেখানো যায় গাছের প্রতি কালিদাসের মমত্ববোধ ঠিক

কী পরিমাণ ছিলো। রঘুর দিগ্বিজয়ের কথায় আসি—

"বিশশ্রমুর্নমেরূণাং ছায়াস্বধ্যাস্য সৈনিকাঃ।
দৃষদো বাসিতোৎসঙ্গা নিষণ্নমৃগনাভিভিঃ।।" ৪.৭৪

অর্থাৎ [দ্বিগ্বিজয় কালে রঘুর] সৈন্যেরা নমেরুগাছের ছায়ায় কস্তুরীমৃগের নাভিগন্ধে সুবাসিত প্রস্তর ফলকে বসে বিশ্রাম করল।'

অমুং পুরঃ পশ্যসি দেবদারুং পুত্রীকৃতোহসৌ বৃষভধ্বজেন।
যো হেমকুম্ভস্তনানিঃসৃতানাং স্কন্দস্য মাতুঃ পয়সাং রসজ্ঞঃ।। ২.৩৬।।

আবার কৌৎসমুনির সাথে কথোপকথনের সময় রঘু তপোবন তরুর কথা জিজ্ঞাসা করলেন সর্বাগ্রে—

"আধারবন্ধপ্রমুখৈঃ প্রযত্নৈঃ সংবর্ধিতানাং সুতনির্বিশেষম্।
কচ্চিন্ন বায়বাদিরূপপ্লবো বঃ শ্রমচ্ছিদামাশ্রমপাদপানাম্।।" ৫.৬।।

অর্থাৎ 'আলবালবন্ধন এবং অন্যান্য নানারকম যত্নে আপনারা অপত্যনির্বিশেষে যে সব তপোবনতরুগুলিকে সংবর্ধিত করেছেন, প্রবল বায়ু বা অন্যান্য উৎপাতে আপনাদের সেই শ্রান্তিনাশক তরুগুলির কোন ক্ষতি হয়নি তো?'

অথবা লঙ্কাজয়ের পর পুষ্পক রথে পত্নী ও ভ্রাতা সমেত অযোধ্যায় ফেরার সময় বিশেষ কিছু চিহ্ন দেখিয়ে রামচন্দ্র বলেছেন—

"সৈষা স্থলী যত্র বিচিন্বতা ত্বাং ভ্রষ্টং ময়া নূপুরমেকমুর্ব্যাম্।
অদৃশ্যত ত্বচ্চরণারবিন্দবিশ্লেষদুঃখাদিব বদ্ধমৌনম্।।" ১৩.২৩।।

'অর্থাৎ এই সেই বনস্থলী যেখানে তোমাকে অন্বেষণ করতে করতে মাটিতে পড়ে থাকা তোমারই একটি নূপুর দেখতে পেয়েছিলাম, তোমার চরণকমল থেকে স্খলিত হবার দুঃখেই যেন তা মৌন অবলম্বন করেছিল।'

এবং ঠিক পরেই থাকা কবিতাটি আরও হৃদয়গ্রাহী—

"ত্বং রক্ষসা ভীরু! যতোহপনীতা তং মার্গমেতাঃ কৃপয়া লতা মে।
অদর্শয়ন্ বক্তুমশক্নুবত্যঃ শাখাভিরাবর্জিতপল্লবাভিঃ ।।১৩.২৪।।

অর্থাৎ 'হে ভীরু! রাক্ষস (রাবণ) তোমাকে যে পথ দিয়ে হরণ করেছিল, তা বলে দিতে না পারলেও লতারাজি কৃপা করে অবনত পল্লবযুক্ত শাখা সঞ্চালনে সে পথ দেখিয়ে দিয়েছিল।'

অথবা, 'অভিজ্ঞান শকুন্তলম্' নাটকের সেই বিখ্যাত দৃশ্যের কথা, যা চতুর্থ অঙ্কে শকুন্তলার পতিগৃহে যাবার সময় বিদায় দৃশ্যে ধরা যে অপরূপ বর্ণনা তা এখানে তুলে ধরি। শকুন্তলার পালক পিতা কাশ্যপ বনের গাছেদের প্রতি উদ্দেশ করে বলছেন—

"পাতুং ন প্রথমং ব্যবস্যতি জলং যুষ্মাস্বপীতেষু যা
নাদত্তে প্রিয়মণ্ডনাপি ভবতাং স্নেহেন যা পল্লবম্।

আদ্যে বঃ কুসুমপ্রসূতিসময়ে যস্যা ভবত্যুৎসবঃ
সেয়ং যাতি সকুন্তলা পতিগৃহং যর্বৈরনুজ্ঞায়তাম্।।"

[চতুর্থ অঙ্ক, ৯ নম্বর কবিতা]

আমরা দুটো বাংলা অনুবাদ অথবা ভাবানুবাদ পাশাপাশি তুলে ধরি ঃ

'যিনি তোমাদের জলসেচন না করিয়া, কদাচ জলপান করিতেন না; যিনি ভূষণপ্রিয়া হইয়াও, স্নেহবশতঃ কদাচ তোমাদের পল্লবভঙ্গ করিতেন না, তোমাদের কুসুমপ্রসবের সময় উপস্থিত হইলে, যাঁহার আনন্দের সীমা থাকিত না; সেই শকুন্তলা পতিগৃহে যাইতেছেন, তোমরা সকলে অনুমোদন কর।" [বিদ্যাসাগর কৃত অনুবাদ]

আর কবিতায় রবীন্দ্রনাথ কেমন সুন্দরভাবে বলেছেন সেটাও দেখে নিই—

'তোমাদের জল না করি দান/ যে আগে জল না করিত পান/
সাধ ছিল যার সাজিতে, তবু/ স্নেহে পাতাটি না ছিঁড়িত কভু,
তোমাদের ফুল ফুটিত যবে/ যে জন মাতিত মহোৎসবে,/
পতিগৃহে সেই বালিকা যায়,/ তোমরা সকলে দেহ বিদায়!"

আবার একটা ইংরাজি অনুবাদ দিই ঃ

"Ho! Ho! Ye neighbouring trees of the penance grove! She who doth never try to drink water first, until you are watered; she who though fond of ornaments, doth never pluck (your new) tendrils, out of affection for you; she whose (greatest) festivity is at the season of the first appearence of your blossoms, even that same Sakuntala doth now proceed to her husband's abode. Let this be appeared by you all.

[By Ramendra Mohan Bose. Kalidasa; Abhijnana Sakuntalam (A synthetic study). Modern Book Agency Pvt. Ltd., 1976)

দুই ঋষিবালকের মধ্যে শার্ঙ্গরব সবাইকে একটা জায়গার পর সঙ্গে যেতে বিরত করার কর্ত্তব্যে শাস্ত্রবাক্য মনে করিয়ে ফিরে যেতে বললেন এভাবে—

"ভগবন্, ওদকান্তং স্নিগ্ধো জনোহনুগন্তব্য ইতি শ্রূয়তে। তদিদং
সরসস্তীরম্। অত্র সংদিশ্য প্রতিগন্তুমর্হসি।"

"কাশ্যপ ঃ তেন হীমাং ক্ষীরবৃক্ষচ্ছায়ামাশ্রয়ামঃ।" (সর্বে পরিক্রম্য স্থিতাঃ)।

অর্থাৎ— "ভগবন্, প্রিয়জনেরা জলাশয় পর্যন্ত অনুগমন করবে—এরকমই প্রবাদ। এইতো সামনে সরোবরের তীর। এখানেই আমাদের যা কিছু নির্দেশ দিয়ে আপনি ফিরে যান।"

"কাশ্যপ—তাহলে এই ডুমুর গাছের ছায়ায় আমরা সবাই দাঁড়াই। (সবাই এগিয়ে গিয়ে দাঁড়ালেন)।

[সত্যনারায়ণ চক্রবর্তী যদিও অনুবাদে ‘ডুমুর গাছের’ কথা লিখলেন, কিন্তু সেই গাছটি নির্দ্দিষ্ট করে ডুমুর গাছ বলা হয়নি। বরং বিদ্যাসাগরের ভাবানুবাদ অনেকটাই মূল্যানুসারী। দেখি কি বলেছেন তিনি—

> “এইরূপ নানা কারণে গমনের বিলম্ব দেখিয়া, শার্ঙ্গরব কণ্বকে সম্বোধন করিয়া কহিলেন, ভগবন্! আপনকার আর অধিক দূর সঙ্গে আসিবার প্রয়োজন নাই; এই স্থলেই, যাহা বলিতে হয, বলিয়া দিয়া, প্রতিগমন করুন। কণ্ব কহিলেন, তবে আইস, এই ক্ষীরবৃক্ষের ছায়ায় দণ্ডায়মান হই। তদনুসারে সকলে সন্নিহিত ক্ষীর পাদপের ছায়ায় অবস্থিত হইলেন।”

অনুবাদের তুলনামূলক আলোচনা দেখানো আমাদের উদ্দেশ্য নয়। গাছের মধ্যে ক্ষীরবৃক্ষ বলে যে বর্গীকরণটি করা হয়েছে সেটি দেখানোই উদ্দেশ্য, যা এই রচনায় অনেক আগেই আলোচনা করা হয়েছে। যা ইংরেজি অনুবাদে Ramendra Mohan Bose-এর রচনাতেও পাই—

“Kasyapa—And so, in this milk—shade (we)
keep awhile. (This said, all trun round a stop).”

আর একটা কথা। এই প্রবন্ধে ‘গাছ’ নিয়ে আলোচনা করতে করতে গাছের সাথে মানুষের কী নিবিড় সম্পর্ক দেখিয়ে আমাদের পূর্বজগণ আমাদের উপদেশ দিয়েছেন, আত্মিক সম্পর্কের কথা জানিয়েছেন, গছের সান্নিধ্যে থাকতে পারলে মানসিক শান্তি পাওযা যায়—এটা দেখিয়ে দিয়েছেন—আলোচনা করে এগুলি দেখানোই আমাদের উদ্দেশ্য।

দেখা যাচ্ছে গাছের শক্তি নেই মানুষের মতো কথা বলে জানানোর, কিন্তু না বলা কথা যে অনেক কথা বলে যায়— তা বুঝে নিতে হয়। রবীন্দ্রনাথের কথায়—“নীরব মহাশব্দ”, যেটি তিনি ‘লাইব্রেরি’ প্রবন্ধে বলেছেন। আবার ‘অনেক কথা যাও যে বলে কোন কথা না বলে.....’—এসব শব্দবন্ধেও সেই একই ভাবনার প্রকাশ বলতে হবে।

এবারে ‘দ্বাত্রিংশৎ পুত্তলিকা’ ২য় উপাখ্যান থেকে ছোট্ট একটা উদাহরণ তুলে ধরে অন্য প্রসঙ্গে চলে যাবো। সেখানে আছে—‘অন্যকে ছায়া দেয়, নিজেরা থাকে রোদে এবং সত্যি মহাবৃক্ষেরা যে ফল ধারণ করে তাও পরের জন্য।’ আবার ‘হিতোপদেশ’ গ্রন্থ থেকে একটা অংশ তুলে ধরলে দেখতে পাবো অদ্ভূত কথা, অনুভূতির কথা এবং গাছেদের কাছ থেকে মানুষ কত কি শিখতে পারে সে সম্পর্কে ছোট্ট একটু কথা, কিন্তু তার ব্যাপ্তি বিশাল—

“অরাবপ্যুচিতং কার্যমাতিথ্যং গৃহমাগতে।
ছেত্তুঃ পার্শ্বগতাং ছায়াং নোপসংহরতে দ্রুমঃ।।”

যার অর্থ হল—‘শত্রুও গৃহে এলে অভ্যর্থনা করা উচিত। যে ছেদন করতে এসেছে গাছ তার কাছ থেকে ছায়া গুটিয়ে নেয় না।’

(গ)‘মেঘদূত’ কাব্যের প্রথম শ্লোকেই ‘স্নিগ্ধছায়া তরুসু বসতিং...ইত্যাদি কথার মধ্যে গাছের প্রতি কবি কালিদাসের মমত্ববোধেরই প্রকাশ।

**সুস্থ থাকার জন্য গাছের উপযোগিতা ঃ**

আয়ুর্বেদশাস্ত্রকার জীবকের কথা আমরা জানি, সেই জীবক, গুরুদক্ষিণা দেবার জন্য গুরুর আদেশে 'ওষধি— গুণবিহীন' গাছের সন্ধানে বেরিয়ে পড়ে, কোথাও কোন গাছেরই সন্ধান না পেয়ে, ফিরে এসে গুরুর কাছে তাঁর অক্ষমতা জানিয়ে বিদ্যালাভ সম্পূর্ণ করার অধিকারী হন। এ প্রসঙ্গে জৈনসাহিত্য থেকে একটা উদ্ধৃতি দেওয়া যাক ঃ

"…. জগত্যেবমনৌষধম্।
ন কিঞ্চিদ্বিদ্যতে দ্রব্যং বশান্নার্থযোগয়োঃ।।"

[ অষ্টাঙ্গহৃদয়/সূত্রস্থান/অধ্যায়-৯, ১০ নং কবিতা]

যার ইংরাজি অনুবাদে দেখা যায়—"There is no thing in this universe, which in non medicinal, which cannot be made use of for many purpose and many modes."

কোন গাছই যে ওষধিবিহীন নয় যেমন জানলাম, তেমনই কোন্ কোন্ অংশ সরাসরি কাজে লাগে সে সম্পর্কে একটা কবিতা তুলে ধরা যাক—

"পত্র পুষ্প ফলচ্ছায়া মূল বল্কলদারুভিঃ।
গন্ধনির্যাস ভস্মাস্থিতোক্ষৈঃ কামান্বিতন্বতে।।"

(শার্ঙ্গধরপদ্ধতি/৯৭৭ শ্লোক)

অর্থাৎ '(গাছ) পাতা, ফুল, ফল, ছায়া, মূল, বাকল, কাঠ, গন্ধ, নির্যাস (রস), সার প্রভৃতি দ্বারা প্রার্থীদের প্রার্থনা পূরণ করে'।

সামান্য এসব উদাহরণ থেকে বোঝা যাচ্ছে আমাদের জীবনে গাছের উপকারিতা ঠিক কতখানি। গাছের কোন অংশই প্রায় বাদ যায় না, সবটিই কাজের। নারকেল গাছের পাতা চিরে চিরে সরু কাঠিগুলি বের করে, অথবা খেজুর গাছের পাতা চিরে তৈরি হয় ঝাঁটা, তা ধূলো পরিষ্কার থেকে 'বিষ ঝাড়া' পর্যন্ত দরকারী। এ কারণেই আমাদের দেশে সেই প্রাচীনকাল থেকে গাছ নিয়ে কথায়, নিয়মে, ধর্মে, রাজধর্মে, তাকে নিজের মত করে রক্ষা করার উপদেশ। আরও গাছ লাগানোর উপদেশ আছে 'কৌটিল্যের অর্থশাস্ত্রে', বিষ্ণু পুরাণে'র দ্বিতীয় অধ্যায়েও রয়েছে এ সম্পর্কে অনেক কথা।

**সামাজিক কারণে গাছের উপযোগিতা ঃ**

ছদ্মবেশে বিরাট রাজার দেশে আশ্রয় নেওয়ার আগে পাণ্ডবেরা তাদের সমস্ত অস্ত্রশস্ত্র লুকিয়ে রেখেছিল সীমান্তে শমীবৃক্ষে। পরে কৌরবদের 'গোধন চুরির' সময় সেগুলি বের করে অর্জুন কৌরবদের যুদ্ধে হারিয়ে দেয়। (মহাভারত)। পুনরায় যখন মহাভারতের কথা এসেই গেল তখন আর একবার সেখানে উঁকি দেওয়া যাক। গাছ-বন বা অরণ্য নিয়ে এতক্ষণ যে আলোচনা হল সেখানে হিংস্র পশুদের কথা তেমনভাবে আসেনি, অরণ্য কিন্তু তাদেরও আশ্রয় দেয়, তারাও নিশ্চিন্তে সেখানে বসবাস করতে থাকে, বংশপম্পরায়। কখনও

কখনও হয়তো বা লোকালয়ে এসে পড়ে, কিন্তু সেটা সাময়িক, হয়তো বা খাবারের সন্ধানে। অরণ্য গভীর হলে, বিশাল হলে, গবাদি পশুর প্রাচুর্য থাকলে হিংস্র পশুরা প্রয়োজন মতো গবাদি পশুদের নিধন করে জীবনযাত্রা নির্বাহ করে, অতএব অরণ্য ধ্বংস করা থেকে বিরত থাকতে হবে, তাকে রক্ষা করতে হবে মানুষকেই, সে রাজাই হোক বা সাধারণ মানুষ-সবাই মিলে সংরক্ষণের কথা বিশেষভাবে ভাবতে হবে। না হলে কী হতে পারে? এখানেই মহৎ সাহিত্যের বিশেষত্ব, 'মহাভারত' সেই কবেই শুধু রাজকুমার দুর্যোধনকে সাবধান বাণী শোনায়নি, পক্ষান্তরে সারা পৃথিবীর মানুষকেই সাবধান বাণী শুনিয়ে উপদেশ দিয়েছে অরণ্য ধ্বংস থেকে বিরত থাকতে। 'মহাভারত'-এর উদ্‌যোগপর্ব্বের উনত্রিংশোহধ্যায় থেকে রূপকচ্ছলে যে কথাগুলো বলা হয়েছিল সেগুলি যে আজও প্রাসঙ্গিক তাই তুলে ধরা হল ঃ

"দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ স্কন্ধঃ কর্ণঃ শকুনিস্তস্য শাখাঃ।
দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে মূলং রাজা ধৃতরাষ্ট্রোহমনীষী"।।৫২।।

অর্থাৎ দুর্য্যোধন একটা ক্রোধময় মহাবৃক্ষ; কর্ণ তাহার স্কন্ধদেশ (দোঠালা জায়গা); শকুনি তাহার শাখা; দুঃশাসন তাহার প্রকাশিত পুষ্প ও ফল; আর অবিবেচক রাজা ধৃতরাষ্ট্র তাহার মূল।।৫২।।

"যুধিষ্ঠিরো ধর্ম্মময়োঃ মহাদ্রুমঃ স্কন্ধোহর্জ্জুনো ভীমসেনোহস্য শাখাঃ।
মাদ্রীসুতৌ পুষ্পফলে সমৃদ্ধে মূলঃ কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ।।" ৫৩।।

অনুবাদে পাই—'এবং যুধিষ্ঠির একটি ধর্ম্মময় প্রশস্ত বৃক্ষ; অর্জ্জুন তাহার স্কন্ধদেশ; ভীমসেন তাহার শাখা; নকুল ও সহদেব তাহার প্রকাশিত পুষ্প ও ফল; আর সগুণ ব্রহ্ম কৃষ্ণ এবং ব্রাহ্মণগণ তাহার মূল।।৫৩।।

"বনং রাজা ধৃতরাষ্ট্রঃ সপুত্রঃ সিংহো বনে সঞ্জয়! পাণ্ডুবেয়াঃ।
সিংহাভিগুপ্তং ন বনং বিনশ্যেৎ সিংহো ন নশ্যেত বনাভিস্তপ্ত।।" ৫৪।।

অর্থাৎ, 'আবার সঞ্জয়! পুত্রগণসমন্বিত রাজা ধৃতরাষ্ট্র একটা বন এবং সেই বনে পাণ্ডবেরাই সিংহ; সুতরাং সিংহরক্ষিত বন বিনষ্ট হয় না এবং বনরক্ষিত সিংহ নষ্ট হয় না' (৫৪)।

"নির্বনো বধ্যতে সিংহো নিঃসিংহং বধ্যতে বনম্।
তস্মাৎ সিংহো বনং রক্ষেদ্বনং সিংহঞ্চ পালয়েৎ।" ৫৫।

অনুবাদ—'পক্ষান্তরে বননির্গত সিংহ নিহত হইয়া থাকে; আবার সিংহশূন্য বনও বিনষ্ট হইতে পারে; অতএব সিংহ বন রক্ষা করিবে এবং বনও সিংহকে রক্ষা করিবে।' (৫৫)

ভারতীয় ভাবনায় 'পারস্পরিক' বলে একটা শব্দবন্ধ আছে, যেখানে মূলত সম্পর্কের স্থায়িত্ব, অস্তিত্ব নিয়ে কথা বলা হয়। উদাহরণ—যেমন 'চাকা' এবং 'আরা', যেখান থেকে 'চক্রারবৎ পরিবর্তন্তে দুঃখানি চ সুখানি চ' —বলে খুব বিখ্যাত একটা কথা পাওয়া যায়। 'মহাভারতে' এই কথাগুলি দেখে যেন এই 'চক্রারবৎ' সম্পর্কটি পরিবেশিত হয়েছে। বন এবং বনের পশু—একে অন্যের উপর নির্ভরশীল, একটি ছাড়া অন্যরা স্বাভাবিক জীবন যাপন করতে পারে না। এসব কথা বলে 'মহাভারতে' বয়োবৃদ্ধরা দুর্য্যোধনকে বার বার সতর্ক করেছেন, বুঝিয়েছেন, যুদ্ধের পরিণাম থেকে বিরত থাকার উপদেশ দিয়েছেন। আগে আমরা বন এবং বনের

পশুরাজ—এর উদাহরণ সহকারে যুক্তিজাল পরিবেশন করতে দেখেছি—এবার বন এবং বাঘের উদাহরণ দেখতে পাচ্ছি ঠিক পরেই—

"বনং রাজা ধৃতরাষ্ট্র ব্যাঘ্রাশ্চ পাণ্ডবাঃ।
মা বনং ছিন্ধি সব্যাঘ্রং ব্যাঘ্রা নেশুর্বনংবিনা।। ৫৬।।

অর্থাৎ 'রাজা ধৃতরাষ্ট্র-বন; সেই বনে পাণ্ডবেরা—ব্যাঘ্র; অতএব সঞ্জয়! তুমি ব্যাঘ্রের সহিত সেই বনটাকে ছেদন করিও না; আবার বন না থাকিলে ব্যাঘ্রও বিনষ্ট হয়' ।।৫৬।।

আরও—

"নির্বনো বধ্যতে ব্যাঘ্রো নির্ব্যাঘ্রং ছিদ্যতে বনম্।
তস্মাদ্ব্যাঘ্রো বনং রক্ষেদ্বনং ব্যাঘ্রঞ্চ পালয়েৎ।।" ৫৭।।

অর্থ হল—"বননির্গত ব্যাঘ্র নিহত হয়; আবার ব্যাঘ্র না থাকিলে বনও ছিন্ন হইয়া থাকে। অতএব ব্যাঘ্র বন রক্ষা করিবে এবং বনও ব্যাঘ্র রক্ষা করিবে।" ৫৭।।

আরও পরে 'দ্বাত্রিংশৎ পুত্তলিকা গ্রন্থে যেন এই কথারই প্রতিধ্বনি দেখতে পাই—'অন্যকে ছায়া দেয়, নিজেরা থাকে রোদে এবং সত্যি মহাবৃক্ষেরা যে ফল ধারণ করে তাও পরের জন্য।' দেখা গেল মহাভারতে একবার বন ও সিংহের উদাহরণ দেখিয়েও আবার বন ও ব্যাঘ্রের উদাহরণ তুলে ধরা হল। দুটি পশুই হিংস্র এবং মনুষ্যসমাজ তাদের হাত থেকে আত্মরক্ষার জন্য বন রক্ষা করবে— এতে ভয়ে কেউ বনের ভেতরে প্রবেশ করে বন ধ্বংস করতে ভয় পাবে। এভাবে সবাইকার সহাবস্থানে মঙ্গল হবে। পরে কবিতাটিতে আবার লতা এবং শালবৃক্ষের উদাহরণ টেনে একটু অন্যভাবে বোঝানোর চেষ্টা হয়েছে, দুটি রাজপরিবারের মঙ্গলের জন্য উপদেশ দেওয়া হয়েছে। দেখে নিই কি বলা হয়েছে—

"লতাধর্ম্মা ধার্ত্তরাষ্ট্রাঃ শালাঃ সঞ্জয়! পাণ্ডবাঃ।
ন লতা বর্দ্ধতে জাত মহাদ্রুমমনাশ্রিতা।।"৫৮।।

অর্থাৎ 'সঞ্জয়! ধৃতরাষ্ট্রের পুত্রেরা লতার তুল্য এবং পাণ্ডবেরা শালবৃক্ষের ন্যায়, সুতরাং লতা কখনও মহাবৃক্ষের আশ্রয় না পাইয়া বৃদ্ধি পায় না।" ৫৮।।

**ছোটদের গল্পেও গাছের প্রতি আগ্রহ জন্মানো ঃ**

আমাদের দেশে শুধুমাত্র ছোটদের জন্যই গল্প গ্রন্থও লেখা হয়েছিল, 'যা 'পঞ্চতন্ত্র' নামে বিখ্যাত। দৃশ্যশ্রাব্য রূপে এটি দূরদর্শনে দেখানো হয়েছে) সেখানে গল্পচ্ছলে একটি গাছ যে কত প্রাণীকেই আশ্রয় দেয়, সে বর্ণনাটি খুঁটিয়ে দেখলেই বোঝা যাবে, ছোট থেকে গাছের প্রতি আগ্রহ জন্মিয়ে দেবার কি সুন্দর প্রচেষ্টা। 'পঞ্চতন্ত্রে' আছে—

'ছায়া সুপ্ত মৃগ শকুন্তনির্বহে বির্স্বগ বিলুপ্তচ্ছদঃ।
কীটোবৃতকোটরঃ অলিকুলৈঃ স্কন্ধে বৃতপ্রশ্রয়ঃ।।(২/২)

অর্থাৎ 'গাছের ছায়ায় হরিণ, শাখা-প্রশাখায় পাখি, কোটরে কীট, বড় ডালে বানর, ফুলে ফুলে মৌমাছি এদের প্রশ্রয় দিয়েছে।'

অন্যভাবে দেখলে, গাছ না থাকলে ঐসব প্রাণীদের আশ্রয়হীন হয়ে পড়ার আশঙ্কা। আর প্রকৃত আশ্রয় না পেয়ে তাদের কেউ কেউ চিরতরে হারিয়ে যায় কেউ বা লোকালয়ে ঢুকে পড়ে মানুষের জীবনযাত্রার ব্যাঘাত ঘটায়। মানুষ শুধু মানুষ নিয়েই বাঁচে না, দরকার মনুষ্যেতর প্রাণীর সঙ্গ।

গাছের ডাল কেটে বানানো হয় হাড়িকাঠ, সেখানে রেখে 'বলি' দেওয়ার নামে মেরে ফেলা হয় অসহায় প্রাণীদের। 'পঞ্চতন্ত্র' গ্রন্থে এই প্রসঙ্গে তীক্ষ্ণ ব্যাঙ্গাত্মক শ্লোকে রচনাকার বিষ্ণুশর্মা বলেছেন,

"বৃক্ষাংশ্ছিত্বা পশূন হত্বা কৃত্বা রুধিরকর্দমম্।
যদ্যেবং গম্যতে স্বর্গে নরকং কেন গম্যতে।। (৩/১০৬)

অর্থাৎ 'গাছ কেটে পশু মেরে রক্তে করে কাদা/স্বর্গে যদি যাবে তবে নরক কিসের দাদা' (অনুবাদ গৌরী ধর্মপাল)। তাই গাছ ছেদন নয়, আসুন গাছ রোপন করি তাদের বাড়তে সাহায্য করি। নিজেরা বাঁচি পরিবেশকে বাঁচাই—এই অঙ্গীকার করি।

**শেষ কথা কে বলবে?**

এবারে '**স্কন্দপুরাণ**' থেকে ছোট্ট একটি অংশ আমাদের আলোচনা প্রসঙ্গে তুলে ধরে দেখাতে চাই গাছের উপকারিতা নিয়ে সেখানে কীরকম ভাবনা প্রতিফলিত হয়েছে। সেখানে সপ্তবিংশ অধ্যায়ে আছে ঃ

"পার্ব্বতী চ পুনর্দেবী পুত্রত্বে পরিকল্প্য চ।
অশোকাস্যাঙ্কুরং বাভিবার্দ্ধয়ত স্বাম্বুতৈঃ।। ১৭

"অনন্তর পার্ব্বতী দেবী একটি অশোক বৃক্ষের অঙ্কুরকে পুত্রত্বে কল্পনা করিয়া সাদরে বারিসেচনে তাহাকে বর্দ্ধিত করিতে লাগিলেন।"

সেখানেও প্রশ্ন উঠেছিল যে এই কাজে কী ফল হইবে? পার্ব্বতী সেই উত্তর—তা সমগ্রমানবসমাজ তথা এই পৃথিবীর মঙ্গলের জন্য ব্যবস্থাগ্রহণ। উত্তরে পার্ব্বতী কী বলেছেন পুরাণকার দ্ব্যর্থহীন ভাষায় লিপিবদ্ধ করে গেছেন—

"যো নিরুদকে গ্রামে কূপং কারয়তে বুধঃ।
যাবত্তোয়ং ভবেৎ কূপে তাবৎ স্বর্গে স মোদতে।।২০।।
দশকূপসমা বাপী দশবাপীসমং সরঃ।
দশ সরঃ সমা কন্যা দশকন্যাসমঃ ক্রতুঃ।। ২১।।
দশক্রতুঃ সমঃ পুত্রো দশপুত্রসমো দ্রুমঃ।
এষৈব মম মর্য্যাদা নিয়তা লোকভাবিনী।
জীর্ণোদ্ধারে কৃতে বাপি ফলং তদ্বিগুণং মতম্।।" ২৩।।

অনুবাদ করলে হবে—'দেবী কহিলেন, যে বুদ্ধিমান ব্যক্তি নিরুদক গ্রামে কূপ খনন করায়, সেই কূপে যাবৎ কাল জল থাকে; সে তাবৎকাল স্বর্গে সানন্দে বাস করে। একটি দীর্ঘিকা দশটি কূপের তুল্য; একটি সরোবর দশটি দীর্ঘকার তুল্য, একটি কন্যা দশটি সরোবরের তুল্য, একটি ক্রুতু দশটি কন্যার তুল্য, একটি পুত্র দশটি ক্রুতুর তুল্য এবং একটি বৃক্ষ দশটি পুত্রের তুল্য। আমি এই লোকহিতসাধিনী মর্য্যাদা প্রতিষ্ঠা করিলাম। জীর্ণোদ্ধার করিলেও উক্ত ফলের দ্বিগুণ করিয়া ফললাভ হয়।"

এতসব সাবধানবানী থাকা সত্ত্বেও আমরা অবহেলা করে চলেছি। পৃথিবীকে উত্যক্ত করে যাচ্ছি। তাই যখন মানুষ নিজেরাই উদাসীন, প্রাকৃতিক সম্পদ আর প্রাণ রক্ষা করার বদলে ধ্বংস করার খেলায়, আরও অধিক ঐশ্বর্যের আকাঙ্ক্ষায় উন্মত্ত, তখন যেন সাধারণ মানুষের আশা ভরসার জায়গা সেই গাছ-বন—জঙ্গল এবং সেখানে থাকা মনুষ্যেতর প্রাণীকূল। তারাই যেন ভরসাস্থল, তাই তাদেরই স্বাস্থ্যকামনায় সাধারণ মানুষকেই এগিয়ে আসতে হবে। 'মহাভারতের' বক্তব্য আমরা পেয়েছি—যুদ্ধ বন্ধ হয়নি। আবার সেখানেই 'বনপর্ব্ব' বলে একটি 'পর্ব্ব'ও পেয়েছি। এবারে 'রামায়ণের' কথায় আসি সেখানেও 'অরণ্যকাণ্ড' বলে একটি 'কাণ্ড' আছে। এসব আলাদা নামকরণ কি আমাদের কোন বার্তা দেয়? আমরা কি মহাকবির মনোভাব বুঝে নিতে পারি না। তাই শেষ করবো 'রামায়ণের' একটা ছোট্ট উদ্ধৃতি দিয়ে। পিতৃসত্য পালনের জন্য রামচন্দ্র পত্নী-ভ্রাতা সহ বনবাসে রওনা হওয়ার প্রাক্কালে মাতা কৌশল্যা এক করুণ আর্তি জানিয়েছিলেন মানুষ ছাড়াও অন্যান্যদের কাছে, তারা সবাই যেন রামচন্দ্র সহ সীতা-লক্ষণকে রক্ষা করেন। সেই চিরন্তন আকূতি হল—"

"সমিৎ-কুশ-পবিত্রাণি বেদ্যশ্চায়তনানি চ।

স্থণ্ডিলানি চ বিপ্রাণাং শৈলা বৃক্ষাৎ ক্ষুপা হ্রদাঃ।।

পতঙ্গাঃ পন্নগাঃ সিংহাস্ত্বাং রক্ষন্তু নরোত্তম।।"

(রামায়ণম্। অযোধ্যা কাণ্ডম্। ২৫ সর্গ, ৭নং কবিতা)

যার বঙ্গার্থ হল ঃ "হে নরশ্রেষ্ঠ, সমিধ, কুশ, পবিত্র বেদি, মন্দির, বিপ্রদের যজ্ঞভূমি, শৈল, বিশাল বৃক্ষ, ক্ষুদ্র বৃক্ষ, হ্রদ, পক্ষী, সর্প, সিংহ-সবাই তোমাকে রক্ষা করুক।"

কৌশল্যা মায়ের এই আকূতি যেন আমাদের ওপরেও বর্ষিত হয়। আমাদের যেন চৈতন্য হয়।'

# SELF HELP GROUP BANK LINKAGE PROGRAMME IN INDIA WITH SPECIAL REFERENCE TO WEST BENGAL

Arindam Jana*

**Abstract**

*Self Help Group Bank Linkage Programme (SBLP) becomes the dominant mode of poverty alleviation and financial inclusion. National Bank for Agriculture and Rural Development (NABARD )is the apex institution in this programme. Through banks, different Government agencies and Non Governmental Organizations (NGOs), NABARD is organizing the world's biggest microfinance programme. The present study attempts to analyse the progress of SBLP and the contributions of different financial institutions in India vis-a-vis the state of West Bengal. The study is based on secondary data collected from various publications and reports. The pace and progress of this programme in India during the last few years are remarkable in terms of saving mobilization and credit disbursement. West Bengal occupied the third position in this programme concerning credit disbursement according to the latest data. The contribution of commercial banks is highest in SBLP in West Bengal followed by Regional Rural Banks (RRBs) and Cooperative Banks.*

***Key word:*** *Self Help Group Bank Linkage Programme, Microfinance Institution, Self Hel Promotional Institution*

## Introduction

The self-help group (SHG) model with bank lending to groups without collateral has become an established part of rural finance. SHGs are voluntary associations of people formed to attain certain collective goals that could be economic, social or both. These days it is being increasingly realized that the best strategy for ensuring simultaneous growth and human development, is by promoting the growth of SHGs. Hence both in development theory and development practice, microfinance and SHGs have become important institutions.

The first official interest in informal group lending in India started during 1986-87 when National Bank for Agriculture and Rural Development (NABARD) financed an action research project on 'Savings and Credit Management of Self Help Groups' of Mysore Resettlement and Development Agency (MYRADA). In 1988-89 NABARD conducted a survey incorporating 43 Non-governmental Organisations (NGOs) of 11 states in India to study the functioning of SHGs and possibilities of collaboration between the banks and SHGs in mobilising rural savings and improving the delivery of credit to the poor. Encouraged by the survey results, the Reserve Bank of India (RBI) came out with a circular on July 24, 1991, advising the Commercial Banks (later on Regional Rural Banks (RRBs) and Co-operatives also) to extend credit to the SHGs under the pilot project of NABARD in which 500 SHGs were covered during 1991-92. The RBI constituted a working group in November 1994 to review the functioning of NGOs and SHGs and make suitable recommendations for

*Assistant Professor, Goenka College of Commerce and Business Administration, Kolkata-700012, e-mail: arindam.jana100@gmail.com

promotingtheir activities and intensifying their role in the rural sector. Accepting the proposal the RBI declared SHG- Bank Linkage Programme (SHG-BLP) as a priority sector lending activity in April 1996. RBI advised the banks that lending to the SHGs should be considered as an additional segment under priority sector advances and integrated with the mainstream credit operation. At present, SHG-BLP is the most extensive microfinance programme in India.

The government of India took the initiative to alleviate poverty and empower women through the formation and nurturing SHGs. The DeendayalAntyodayaYojana- National Rural Livelihood Mission (DAY- NRLM) is a flagship programme of the Ministry of Rural Development, Govt. of India that seeks to alleviate rural poverty through building sustainable community institutions for the poor. The centrally sponsored programme seeks and enables them to access formal sources of finance, and entitlements services from both public and private sectors. During 2021-22 under DAY- NRLM Rs.81614.10 Crore (up to December 2022) was disbursed to 3200609 SHGs.(Ministry of Rural Development, Govt. of India, 2021-22)

**Review of Literature**

Ansari (2013) tried to study the trend of SBLP in India starting from its initial year 1992-93 to 2009-10. He also tried to show the regional outreach of this programme and the contribution of different financial institutions to this programme. He showed that initially, this programme was popular in southern states, but later on, it becomes popular in non-southern states. According to this study, commercial banks are continuously making themselves involved in this programme. It is also evident that the recovery rate under this programme is 94 per cent.

Pramanik and Halder (2013) compared the performance of various types of banks in the SHG- Bank Linkage Programme. On the basis of data from 2006-07, they concluded that commercial banks were leading in SHG linked and loan given followed by regional rural banks and cooperative banks. Among the commercial banks, public sector banks dominated the microfinance programme as compared to the marginal role of private sector commercial banks. Within the public sector, the contribution of the State bank of India and its associates were significantly higher than those of the rest of its counterparts.

Prajapati and Prajapati (2013) studied the growth and pattern of SBLP in Gujarat. On the basis of secondary data from 2008-09 to 2011-12, he showed that there has been a significant improvement in the performance of the banks in the state of Gujarat. Commercial banks dominated this programme while all other banks have a major portion of women SHGs. It is also seen that the Non-Performing Asset (NPA) of all banks are very low showing that the recovery of loans is very good.

Biswas and Islam (2014) analysed the performance of various financial institutions in India during 2011-12 and 2012-13. They showed that during that period savings of SHGs declined by 6.62 per cent while credit disbursement by banks expanded by 13.66 per cent. RRBs showed the highest growth rate during this year followed by commercial banks.

**Objectives of the study**

The objectives of the study are as follows-

1) To observe the progress of the SHG Bank Linkage programme in India.

2) To observe the progress of the SHG Bank Linkage programme in West Bengal.

3) To observe the contribution of different financial institutions in the SHG Bank Linkage programme in West Bengal.

**Database and Methodology**

The present study is based on secondary data only. Secondary data have been collected from various sources-
i) Annual Reports of Ministry of Rural Development, Govt. of India.
ii) Various issues of the Status of Microfinance in India published by the National Bank for Agriculture & Rural Development.
iii) Official website of the department of Self Help Group and Self Employment, Govt of West Bengal.
iv) Official website of State level Bankers' Committee, West Bengal (Punjab National Bank).

The collected data from secondary sources are represented in tabular form. In this study, simple averages and percentages have been used to interpret the result. This study attempts to review the participation of commercial banks, regional rural banks and cooperative banks in the SHG-Bank Linkage Programme in West Bengal.

**Models of SHG Bank Linkage in India**

A Self Help Group (SHG) is a small, economically homogeneous and affinity group of rural poor which comes together to:
Save small amounts regularly.

- Mutually agree to contribute to a common fund.
- Meet their emergency fund.
- Have their collective decision-making.
- Resolve conflict through collective leadership and mutual discussion.
- Provide collateral free loans on terms decided by the group at marketing driven rates. (Singh, 2011)

Initially, SBLP was operational under three different delivery models for providing microfinance services. The details are included in the Table below:

Table-1: SHG Bank Linkage in India

| | |
|---|---|
| Model I | Banks facilitate SHG formation and provide savings and credit linkage directly to SHG |
| Model II | NGOs or other Self Hel Promotional Institutions (SHPIs) facilitate the SHG formation and banks provide the savings and credit linkage to SHG |
| Model III | Banks lend to Micro Finance Institutions (MFIs) and MFIs facilitate group formation and lending to SHGs. |

While banks and NGOs facilitate SHG formation, the reporting of credit linkage of SHGs is under SHG Bank Linkage Model and MFI- Bank Linkage Model since 2007-08. From the year 2006-07, SBLP follows a two models strategy where the focus is on credit linkage to SHG.

Table-2: SHG Bank Linkage Model in India followed since 2006-07

| | |
|---|---|
| Model I | SHG-Bank Linkage Model: SHGs are directly financed by the banks |
| Model II | MFI-Bank Linkage Model: Banks lend to MFIs for on lending to SHGs |

**Self Help Group Bank Linkage Programme in India**

In India Self Help Group Bank Linkage Programme (SBLP) has emerged as the major microfinance programme. It is being implemented by Commercial Banks, Regional Rural Banks (RRBs) and Cooperative Banks. The objective of the SBLP is to enable the formal banking sector to provide financial services to the rural poor through the process of saving and credit linkage of SHGs. In this study growth of both the BSLP and MFI Bank Linkage Programme has been shown. The growth of saving and credit linkage SHGs in India during 2014-15 to 2021-22 are shown in Table- 3.

Table- 3: Saving and credit linkage SHGs in India from 2014-15 to 2021-22

| Year | SHG savings with banks as on 31th March | | | | Loan disbursed to SHGs during the year | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | No. of SHGs | Growth rate (%) | Amount (Rs. Cr.) | Growth rate (%) | No. of SHGs | Growth rate (%) | Amount (Rs. Cr.) | Growth rate (%) |
| 2014-15 | 7697469 | - | 11059.84 | - | 1626238 | - | 27582.31 | - |
| 2015-16 | 7903002 | 2.67 | 13691.39 | 23.79 | 1832323 | 12.67 | 37286.90 | 35.18 |
| 2016-17 | 8576875 | 8.53 | 16114.23 | 17.70 | 1898120 | 3.59 | 38781.16 | 4.01 |
| 2017-18 | 8744437 | 1.95 | 19592.12 | 21.58 | 2261132 | 19.12 | 47185.88 | 21.67 |
| 2018-19 | 10014243 | 14.50 | 23324.48 | 19.05 | 2698400 | 19.34 | 58317.63 | 23.59 |
| 2019-20 | 10243323 | 2.29 | 26152.05 | 12.12 | 3146002 | 16.59 | 77659.35 | 33.17 |
| 2020-21 | 11223400 | 9.57 | 37477.61 | 43.31 | 2887394 | -8.22 | 58070.68 | -25.22 |
| 2021-22 | 11893053 | 5.97 | 47240.48 | 26.05 | 3398267 | 17.69 | 99729.22 | 71.74 |
| | CAGR = 6.41% | | CAGR = 23.05% | | CAGR = 11.10% | | CAGR =20.15 | |

Source: Status of Microfinance in India, 2021-22, NABARD

It can be observed from Table- 3, that during 2014-15, 7697469 SHGs have saving accounts with the amount of saving Rs.11059.84 crore. During the same period, 1626238 SHGs were provided credit by banks amounting to Rs.27582.31 crore. Since then the SBLP showed continuous progress till now. During 2021-22, 11893053 SHGs were credit linked with the amount of saving Rs.47240.48 crore. During the same period, banks disbursed Rs. 99729.22 crore to 3398267 SHGs. The Compound Annual Growth Rate (CAGR) of saving of the total SGHs and credit disbursement by banks were 23.05% and 20.15% respectively which shows a promising picture. Only during 2020-21, the number of saving linkage as well as credit disbursement contracted as compared to the previous year. The spread of Covid-19 might be the reason behind the disappointing performance of credit disbursement to SHGs. But,

fortunately, in the next year number of credit linked as well as credit disbursement showed a big jump with 71.74% growth of credit disbursement compared to the previous year.

**Progress under MFI- Bank Linkage Programme**

In the Table- 4, the growth and progress of the microfinance sector under the MFI Bank Linkage programme from 2014-15 to 2021-22 are shown. The growth of MFI Bank linkage Programmes over the last eight years are analysed in this on the basis of bank loans disbursed to MFIs and bank loans outstanding with MFIs.

Table- 4: Progress under MFI- Bank Linkage Programme in India from 2014-15 to 2021-22

| Year | Loan disbursed by banks to MFIs | | | | Loan outstanding against MFIs as on | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | No. of MFIs | Growth Rate (%) | Amount (Rs. Cr.) | Growth Rate (%) | No. of MFIs | Growth Rate (%) | Amount (Rs. Cr.) | Growth Rate (%) |
| 2014-15 | 597 | - | 14668.17 | - | 4660 | - | 21887.13 | - |
| 2015-16 | 647 | 9.21 | 20795.57 | 41.77 | 2020 | -56.65 | 25580.89 | 16.88 |
| 2016-17 | 2314 | 283.42 | 19304.38 | -7.17 | 5357 | 165.20 | 29225.45 | 14.25 |
| 2017-18 | 1922 | -18.63 | 25515.23 | 32.17 | 5073 | -5.30 | 32305.93 | 10.54 |
| 2018-19 | 1933 | 0.63 | 14625.95 | -42.68 | 5488 | 8.18 | 17760.68 | -45.02 |
| 2019-20 | 4762 | 161.00 | 20226.00 | 38.29 | 15197 | 176.91 | 29288.62 | 64.91 |
| 2020-21 | 28542 | 542.65 | 12120.34 | -40.08 | 61111 | 302.13 | 21062.74 | -28.09 |
| 2021-22 | 24628 | -14.12 | 23173.45 | 91.19 | 58753 | -3.86 | 34865.37 | 65.53 |
| | CAGR= 70.13 | | CAGR= 6.75 | | CAGR= 43.63 | | CAGR= 6.88 | |

Source: Status of Microfinance in India, 2021-22, NABARD

In the year 2014-15, only 597 MFIs were financed by the banks with a total amount of Rs.14668.17 Crore. Similarly, in that year 4660 MFIs had a loan outstanding of Rs.21887.13 crore. In 2021-22, Rs.23173.45 Crorse was disbursed to 24628 MFIs. During this year 58753 MFIs had credit outstanding of Rs.34865.37 crore. The data relating to MFI shows sharp fluctuations over the last few years. Yet the CAGR of both credit disbursement and credit outstanding registered positive values of 6.75% and 6.88% respectively. In 2020-21, the progress of the MFI Bank Linkage programme showed a disappointing picture. During this year credit disbursement declined by 40.08% and 28.09% respectively as compared to the figures of the previous year. As mentioned earlier, this may be attributed to the worldwide spread of the Covid-19 pandemic.

**Self Help Group Bank Linkage Programme in West Bengal**

West Bengal is located at the centre of the Eastern Region of India. The State is strategically positioned with three international frontiers, Bangladesh, Nepal and Bhutan. The State of West Bengal borders the States of Jharkhand, Bihar, Orissa, Sikkim & Assam. It stretches for about 700 km from the blue waters of the Bay of Bengal in the South to the mighty Himalayas in the North. The area of West Bengal is 88752 sq. km. which is less than 3% of the total area of India. According to the 2011 Census of India, the population of the state was 91,347,736 which accounted for 7.55% of the total population of India. (State level Bankers' Committee, West Bengal, 2022)

The government of West Bengal has taken initiatives to support SHGs through the activities of the Department of Self Help Group and Self Employment. West Bengal SwanirbharSahayakPrakalpo (WBSSP) was launched in the 2012-13 financial year with the

objective of reducing the interest burden on the SHGs accessing bank credit through interest subvention. The scheme ensures that no SHG pay more than 2 per cent as interest for the bank loan received. The department has also arranged SHG and Self Employment Training. The objective of the training programme is to provide skill development support to employed young people as well as members of SHGs with a view to increasing entrepreneurship, livelihood potential and wage employment opportunities. (Department of Self Help Group and Self Employment, 2022)

**Progress of Self Help Group Bank Linkage Programme in West Bengal**

West Bengal has linked 612782 SHGs with bank credit of Rs.11020.16 Cr. by the end of March 2022. All the 3 Regional Rural Banks, 13 Central Co-operative Banks, 12 Public Sector Commercial Banks and 9 Private Commercial Banks in the state took part in the SHG bank linkage programme. Contrary to the national scenario where Commercial Banks took a lead role in SHG Bank linkage programme in West Bengal the Regional Rural Banks (RRBs) took the lead in the linkage process by supporting 45.26% of SHGs. In respect of credit lending also, Regional Rural banks occupied the dominant position by providing 51.26% of loans to the SHGs. It is also observed that West Bengal accounted for 18.03% of total SHGs being financed and 11.05% of total credit disbursement throughout India. It ranked third in terms of credit disbursement followed by Andhra Pradesh and Kerala. (Table- 5)

Table- 5: Agency-wise participation in SHG Bank Linkage Programme in India vis-a-vis West Bengal

(As on 31 March 2022)

| BANKS | India | | | | West Bengal | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | No. of SHGs | % | Bank Loan (Rs. Cr.) | % | No. of SHGs | % | Bank Loan (Rs. Cr.) | % |
| RRBs | 1105178 | 32.52 | 32591.24 | 32.68 | 277309 | 45.26 | 5649.09 | 51.26 |
| DCCBs | 213835 | 6.29 | 5912.21 | 5.93 | 59455 | 9.70 | 903.95 | 8.20 |
| Commercial Banks | 2079254 | 61.19 | 61225.77 | 61.39 | 276018 | 45.04 | 4467.12 | 40.54 |
| **Total** | **3398267** | **100** | **99729.22** | **100** | **612782 (18.03)*** | **100** | **11020.16 (11.05)*** | **100** |

* Per cent of national total

Source: Status of Microfinance in India, 2021-22, NABARD

**Role of Regional Rural Banks in SHG Bank Linkage Programme in West Bengal**

Among the RRBs the BangiyaGraminVikash Bank accounted for 50.70% of SHGs with about 43.97% of credit support provided by RRBs in West Bengal under the SHG bank linkage programme, followed by the PaschimBangaGramin Bank and UttarbangaKshetriya Gramin Bank. It is shown in Table-6.

Table- 6: SHG Bank Linkage of RRBs in West Bengal

(as on 31 March 2022)

| SI. No. | Name of RRB | Details of SHGs Saving linked with Banks | | | | Total Loans disbursed during the year | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | No. of SHGs | % | Savings Amount (Rs. Cr.) | % | No. of SHGs | % | Loans Disbursed (Rs. Cr.) | % |
| 1 | BangiyaGramin Vikash Bank | 226820 | 60.08 | 1019.18 | 50.70 | 165038 | 59.51 | 2483.98 | 43.97 |
| 2 | PaschimBanga Gramin Bank | 84519 | 22.39 | 489.63 | 24.36 | 72056 | 25.98 | 2408.28 | 42.63 |
| 3 | UttarbangaKshetriya Gramin Bank | 66192 | 17.53 | 501.47 | 24.94 | 40215 | 14.51 | 756.82 | 13.40 |
| | **Total** | **377531** | **100** | **2010.28** | **100** | **277309** | **100** | **5649.08** | **100** |

Source: Status of microfinance in India 2021-22, NABARD

**Role of Commercial Banks in SHG Bank Linkage Programme in West Bengal**

Among the public sector commercial banks 12 banks are associated with extending credit to SHGs in the state. Punjab National Bank alone accounted for 51% in terms of saving mobilization and 51.50% in terms of credit support by Commercial Banks in the state under the SHG Bank linkage programme. It is shown in Table-7.

Table-7: SHG Bank Linkage of Public Sector commercial Bank in West Bengal

(as on 31 March 2022)

| SI. No. | Name of Public sector Commercial Bank | Details of SHGs Saving linked with Banks | | | | Total Loans disbursed during the year | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | No. of SHGs | % | Savings Amount (Rs. Cr.) | % | No. of SHGs | % | Loans Disbursed (Rs. Cr.) | % |
| 1 | Bank of Baroda | 17921 | 3.15 | 62.60 | 2.37 | 9394 | 3.41 | 117.99 | 2.64 |
| 2 | Bank of India | 33476 | 5.88 | 79.45 | 3.01 | 3448 | 1.25 | 30.12 | 0.67 |
| 3 | Bank of Maharashtra | 50 | 0.01 | 23.81 | 0.09 | 7 | 0.01 | 0.08 | 0.01 |
| 4 | Canara Bank | 23270 | 4.09 | 113.12 | 4.28 | 451 | 0.16 | 8.67 | 0.19 |
| 5 | Central Bank of India | 59304 | 10.42 | 249.08 | 9.42 | 38739 | 14.04 | 531.58 | 11.91 |
| 6 | Indian Bank | 70036 | 12.31 | 309.05 | 11.69 | 48729 | 17.66 | 971.21 | 21.75 |
| 7 | Indian Overseas Bank | 4285 | 0.75 | 23.17 | 0.88 | 2629 | 0.95 | 45.86 | 1.03 |
| 8 | Punjab & Sind Bank | 635 | 0.11 | 101.36 | 0.04 | 169 | 0.06 | 2.93 | 0.07 |
| 9 | Punjab National Bank | 217332 | 38.19 | 1348.36 | 51.00 | 144713 | 52.46 | 2299.37 | 51.50 |
| 10 | State Bank of India | 123527 | 21.71 | 389.38 | 14.73 | 16513 | 5.99 | 261.99 | 5.87 |
| 11 | UCO Bank | 0 | 0 | 0 | 0 | 1934 | 0.70 | 25.61 | 0.57 |
| 12 | Union Bank of India | 19189 | 3.37 | 66.10 | 2.50 | 9146 | 3.31 | 169.57 | 3.79 |
| | **Total** | **569016** | **100** | **2643.71** | **100** | **275872** | **100** | **4464.98** | **100** |

Source: Status of microfinance in India, NABARD

Private Sector Commercial Banks participated in the SHG Bank Linkage programme quite late. From Table-8, it can be seen that as on March 31, 2022, nine Private Sector Commercial Banks took part in SBLP. It is worth mentioning that the contribution of Private Sector

Commercial Banks is quite small compared to other types of banks. Another important fact about the private sector commercial banks is that though 9 private sector commercial banks are present in this programme, IDBI bank accounted for almost the credit disbursement by the private sector commercial banks. Its contribution to saving mobilization and credit disbursement was 66.24% and 99.32% respectively.

Table 8: SHG Bank Linkage of Private Sector commercial Bank in West Bengal

(as on 31 March 2022)

| Sl. No. | Name of Public sector Commercial Bank | Details of SHGs Saving linked with Banks | | | | Total Loans disbursed during the year | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | No. of SHGs | % | Savings Amount (Rs. Lakh) | % | No. of SHGs | % | Loans Disbursed (Rs. Lakh) | % |
| 1 | Bandhan Bank | 1005 | 12.69 | 217.14 | 27.72 | 0 | 0 | 0 | 0 |
| 2 | DCB Bank | 6 | 0.08 | 2.06 | 0.26 | 0 | 0 | 0 | 0 |
| 3 | Federal Bank | 3 | 0.04 | 0.05 | 0 | 0 | 0 | 0 | 0 |
| 4 | HDFC Bank | 1 | 0.01 | 2.70 | 0.34 | 1 | 0.69 | 3.63 | 0.68 |
| 5 | ICICI Bank | 10 | 0.13 | 5.71 | 0.73 | 0 | 0 | 0 | 0 |
| 6 | IDBI Bank | 6019 | 75.99 | 520.21 | 66.42 | 145 | 99.31 | 21.01 | 99.32 |
| 7 | Karnataka Bank | 35 | 0.44 | 1.14 | 0.15 | 0 | 0 | 0 | 0 |
| 8 | KarurVysya Bank | 240 | 3.03 | 30.66 | 3.91 | 0 | 0 | 0 | 0 |
| 9 | YES Bank | 602 | 7.60 | 3.59 | 0.46 | 0 | 0 | 0 | 0 |
| | Total | 7921 | | 783.26 | | 146 | | 213.64 | |

Source: Status of microfinance in India, 2021-22; NABARD

**Role of Central Cooperative Banks in SHG Bank Linkage Programme in West Bengal**

Central Co-operative Banks occupied an important position in the SHG-Bank linkage programme as this agency was a party for providing about 51.26% of total credit to SHGs in the state. Nadia DCCB leads the race among the DCCBs followed by Tamluk- Ghatal CCB (Table- 9). Nadia DCCB accounted for 49.10% in saving mobilization and 48.44% in credit disbursement respectively. It has been observed that Murshidabad DCCB neither accepted any savings from SHGs nor provided any credit to SHGs. Although The Jalpaiguri DCCB was engaged in the credit linkage of SHGs but it failed to provide any credit to SHGs.

**Table- 9: SHG Bank Linkage of Cooperative Bank in West Bengal**

(as on 31 March 2022)

| Sl. No. | Name of Cooperative Bank | Details of SHGs Saving linked with Banks | | | | Total Loans disbursed during the year | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | No. of SHGs | % | Savings Amount (Rs. Cr.) | % | No. of SHGs | % | Loans Disbursed (Rs. Cr.) | % |
| 1 | Balageria Central Cooperative Bank | 4137 | 3.22 | 2.39 | 0.45 | 588 | 1.09 | 11.33 | 1.25 |
| 2 | Bankura District Central Cooperative Bank | 19006 | 14.78 | 55.29 | 10.49 | 2850 | 5.27 | 44.40 | 4.91 |
| 3 | Birbhum District Central Cooperative Bank | 3304 | 2.57 | 0.98 | 0.19 | 103 | 0.19 | 1.64 | 0.18 |
| 4 | Darjeeling District Central Cooperative Bank | 846 | 0.66 | 2.48 | 0.47 | 239 | 0.44 | 3.72 | 0.41 |
| 5 | Howrah District Central Cooperative Bank | 8666 | 6.74 | 52.98 | 10.05 | 3890 | 7.20 | 62.05 | 6.86 |
| 6 | Malda District Central Cooperative Bank | 9745 | 7.58 | 4.36 | 0.83 | 5438 | 1006 | 92.65 | 10.25 |
| 7 | Murshidabad District Central Cooperative Bank | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 |
| 8 | Nadia District Central Cooperative Bank | 40298 | 31.34 | 258.76 | 49.10 | 34493 | 63.82 | 437.87 | 48.44 |
| 9 | Purulia District Central Cooperative Bank | 5045 | 3.92 | 8.58 | 1.63 | 184 | 0.34 | 2.56 | 0.28 |
| 10 | Raiganj C Central Cooperative Bank | 6765 | 5.26 | 18.71 | 3.55 | 952 | 0.10 | 24.64 | 2.73 |
| 11 | Tamluk-Ghatal Central Cooperative Bank | 17198 | 13.37 | 87.70 | 16.64 | 5148 | 9.52 | 113.56 | 12.56 |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12 | The DakshinDinajpur District Central Cooperative Bank | 4644 | 3.61 | 6.89 | 1.31 | 917 | 1.70 | 12.20 | 1.36 |
| 13 | The Jalpaiguri District Central Cooperative Bank | 2562 | 1.99 | 6.43 | 1.22 | 0 | 0 | 0 | 0 |
| 14 | Vidyasagar Central Cooperative Bank | 6368 | 4.95 | 21.40 | 4.06 | 4653 | 8.61 | 97.23 | 10.76 |
| | **Total** | **128584** | | **52695.68** | | **59455** | | **90395.02** | |

Source: Status of microfinance in India, 2021-22, NABARD

**Conclusion**

SHG Bank Linkage Programme becomes the major poverty financial inclusion programme. It is proven to be the most extensive microfinance programme in the world. This programme enables the poor to pool their limited resources as well as to get finance for initiating income generating activities. In India, the progress of this programme in terms of both saving mobilization and credit disbursement to SHGs showed an upward trend over the last few years. The worldwide spread of Coid-19 pandemic had an adverse impact on this programme only in the year 2020-21. But in the very next year, this programme recovered itself quite tremendously. The contribution of West Bengal to this programme is worth mentioning. West Bengal stood third in terms of loan disbursement to SHGs after Andhra Pradesh and Kerala. Commercial banks, RRBs and cooperative banks take place in SBLP in West Bengal. Currently, commercial banks occupy the dominant position in West Bengal with respect to this programme followed by RRBs and cooperative banks. Among public sector commercial banks, Punjab National Bank stood first, while IDBI Bank occupied a dominant position among private sector commercial banks. Among RRBs, BangiyaGraminVikash Bank occupied the top position followed by PaschimBangaGramin Bank and Uttar BangaKshetriyaGramin Bank. Nadia District Central Cooperative Bank stood first among cooperative banks in terms of both saving mobilization and credit disbursement.

**References**

1. Ansari, A.S. "SHG Bank Linkage Programme in India: An Overview". Scholars World-International Referred Multidisciplinary Journal of Contemporary Research.2013. 1(1), P-12-19.
2. Biswas, D & Islam, S. "Role of Microfinance as an Anti Poverty Vaccine for Rural India". Zenith International Journal of Business Economics and Management. 2014. 4(6), P- 10-17.
3. Department of Self Help Group and Self Employment, Govt. of West Bengal. 2022. www.shgsewb.gov.in
4. Ministry of Rural Development. Govt. of India." Annual Report". 2021-22.

5. NABARD. 'Status of Microfinance in India'. 2014-15 to 2021-22. National Bank for Agriculture and Rural Development, Mumbai.
6. Pramanik, B.K. &Halder, M. "SHG and Bank Linkage in India". Global Research Analysis. 2013. 2 (6), P- 15-17.
7. Prajapati, B, A &Prajapati, K. "A Study of Performance of the SHG Bank Linkage Programme in Gujarat". Zenith International Journal of Business Economics and Management. 2013. 3(5), P-206-228.
8. State Level Bankers' Committee, West Bengal, Punjab National Bank. 2022. https://slbcbengal.pnbindia.in
9. Singh, S. "SHG-Bank Linkage Programme: Progress and Prospects", In: Karmakar, K.G. (Eds.), Microfinance in India. SAGE Publications. 2011, P-113-123.

# বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ

সালমা আহ্মেদ*

[সার-সংক্ষেপ:জাতীয় পত্রিকা পাঠকের কাছে জনপ্রিয় হওয়া এবং বেশি সংখ্যক পাঠকের কাছে পত্রিকা পৌঁছানো বা পত্রিকার সার্কুলেশন বৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে পত্রিকার বিশেষ পাতা। শুধুমাত্র জাতীয় পত্রিকার ক্ষেত্রে নয় আন্তর্জাতিক পত্রিকার ক্ষেত্রেও দেখা যায় যে, বিশেষ পাতার কারণে পত্রিকার বিশেষ পরিচয় তৈরী হয়। অতিরিক্ত প্রকাশনা সাধারণত মূল পত্রিকার প্রকাশনার সাথে মধ্যম পর্যায়ের ভূমিকা পালন করে থাকে। এই ধরণের প্রকাশনা পত্রিকার সাথে বিনামূল্যে পাঠককে দেওয়া হয়ে থাকে। মূল পত্রিকার চাইতে সাধারণত ফিচার টাইপের সংবাদ বা কোন সমস্যাকে প্রাধান্য দিয়ে এই পাতা প্রকাশ করা হয়ে থাকে। পত্রিকার মধ্য থেকে কোন একটি গুরুত্বপূর্ণ বিষয়কে বাছাই করে নিয়ে অতিরিক্ত প্রকাশনা করা হয়ে থাকে যেখানে ওই বিষয়ের সার্বিক দিক ব্যাখ্যামূলকভাবে আলোচনা করা হয়ে থাকে। অতিরিক্ত পৃষ্ঠার মাধ্যমে পত্রিকা হাউজগুলো পাঠকের সাথে অনেক বেশি পরিমাণে ক্রিয়া-প্রতিক্রিয়া করতে পারে। শিক্ষা, ব্যবসা, বিনোদন, স্বাস্থ্য ও জমিজমা সংক্রান্ত বিভিন্ন আলাদা বিভাগ তৈরী করে সাধারণত অতিরিক্ত পৃষ্ঠা ছাপানো হয়ে থাকে। অতিরিক্ত পৃষ্ঠার মাধ্যমে বিভিন্ন বিষয়ে প্রচুর পরিমাণে তথ্য দেওয়া হয়ে থাকে। অতিরিক্ত পৃষ্ঠা সংবাদপত্রের ব্যবসার উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। অনেক পাঠকেরই সংবাদের উপর আগ্রহ থাকে কিন্তু এমন অনেকেই আছেন যারা জানতে চান এখন প্রযুক্তির কি বাজার চলছে, তার পছন্দের নাটকের নায়ক-নায়িকার এখন কি অবস্থা, সে কি ধরণের ফ্যাশনে এখন অভ্যস্ত ইত্যাদি। পাঠকের চাহিদাকে প্রাধান্য দিয়ে এসব বিষয়ই সাধারণত অতিরিক্ত পৃষ্ঠাগুলোতে তুলে আনা হয়। ১৯ শতকের মধ্যবর্তী সময়ে পত্রিকার অতিরিক্ত পৃষ্ঠা 'ফিউয়েলিটন' নামে ফ্রান্সে অনেক বেশি জনপ্রিয় হয়ে ওঠে। চায়নাতে পত্রিকার অতিরিক্ত পৃষ্ঠাকে 'ফুকান' বলা হয়ে থাকে এবং হিব্রুতে বলা হয়ে থাকে 'মুসাফ'। পত্রিকার এই অংশটিতে সাধারণত এডিটোরিয়াল স্টাফরা কম ভূমিকা রাখে। এই অংশের জন্য আলাদা লোকজন কাজ করে থাকে। পত্রিকার অতিরিক্ত পৃষ্ঠার জন্য আলাদা সম্পাদক থাকে। অনেক সময় দেখা যায় যে এর জন্য আলাদা স্পন্সরও রয়েছে। বাংলাদেশের ইংরেজি ও বাংলা দুই ধরনের পত্রিকাতেই সাপ্তাহিকভাবে বিভিন্ন প্রকার অতিরিক্ত পৃষ্ঠা ছাপানো হয়ে থাকে। অনেক পত্রিকা ম্যাগাজিন আকারে প্রকাশ করে থাকে। মাত্র দু'দশক আগেও সংবাদপত্র ও ম্যাগাজিন স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে বিকাশের সঙ্গে সঙ্গে সংবাদপত্রের আঙ্গিক ও বৈশিষ্ট্যে যোগ হতে থাকে নতুন মাত্রা। বিশেষ করে সংবাদপত্রে মাল্টিমিডিয়ার ব্যবহার সংবাদপত্রের পৃষ্ঠাসজ্জা ও উপস্থাপনায় নিয়ে আসে এক বৈপ্লবিক পরিবর্তন। এখন সংবাদপত্র ও ম্যাগাজিন স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে চলছে না। দৈনিক পত্রিকা প্রতিদিন বের হচ্ছে বিষয়ভিত্তিক বিশেষ পাতা নিয়ে, বেশির ভাগ পাতায় থাকছে চার রঙের ব্যবহার। থাকছে কম্পিউটার গ্রাফিক্সের বিশেষ ইফেক্ট। মুক্তচিন্তার পাঠকের প্রতি দৃষ্টি রেখে সংবাদপত্র বিভিন্ন বিষয়ভিত্তিক পাতা প্রকাশ করছে। পাঠকের নিত্যদিনের প্রয়োজন, সুখ-দু:খ, হাসি-কান্না,আবেগ প্রভৃতি বিষয়ে প্রতিদিন নতুন-নতুন ফিচার, প্রবন্ধ, নিবন্ধ সংবাদপত্রের পাতায় স্থান পাচ্ছে। পত্রিকার উন্নত মান ও স্নিগ্ধ রুচী ধরে রাখার জন্য সংবাদপত্রে চলছে একটি সুস্থ প্রতিযোগিতা। তথ্য প্রযুক্তির প্রতিযোগিতার বাজারে সংবাদপত্রের আঙ্গিক ও বিষয়গত রূপান্তরকে অনেকে আবার সমালোচনাও করেছেন। তাঁরা বলছেন, এর ফলে সংবাদপত্রের স্বতন্ত্র বৈশিষ্ট্য লোপ পাচ্ছে। কিন্তু নতুনত্ব এবং ভিন্নতা বজায় রাখবার জন্য এই বিশেষ পাতা সম্বলিত ভিন্ন ভিন্ন বিষয় উপস্থাপন আবশ্যক।পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে সংবাদপত্র মাধ্যম সর্বদা পরীক্ষা-নিরীক্ষায় ব্যস্ত। এমনই এক মুহূর্তে বিশেষ পাতার আর্বিভাব। কোন বিষয়ে দ্রুত এবং বারবার দৃষ্টি আর্কষণের মাধ্যমে প্রভাবিত করার জন্য বিশেষ পাতা এক অভিনব পদ্ধতি বটে।এ লক্ষ্যে বাংলাদেশে প্রকাশিত জাতীয় পত্রিকার বিশেষ পাতার প্রভাব পর্যালোচনা করাই এই গবেষণা প্রকল্পের প্রধান উদ্দেশ্য।]

*সালমা আহ্মেদ, সহকারী অধ্যাপক, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা, বাংলাদেশ। ই-মেল : salma.ahmed79@yahoo.com।

## ১.১ গবেষণার সমস্যার বিবরণঃ

### ১.১.১ ভূমিকাঃ

২০১০ সালে যুক্তরাষ্ট্রের সিজন এজেন্সী অনুযায়ী দৈনিক পত্রিকা তার পাঠকদের কাছে বিতরণ করে থাকে যুক্তরাষ্ট্রের এমন ১০টি জনপ্রিয় বিশেষ পাতা চিহ্নিত করে। এগুলো সবচেয়ে বেশি পাঠকের কাছে যায় এবং যা পত্রিকাগুলোর বিশেষত্ব সবার কাছে তুলে ধরে। বিশেষ পাতাগুলো হচ্ছে দি নিউ ইয়র্ক টাইমস ম্যাগাজিন, দি নিউ ইয়র্ক টাইমস স্টাইল ম্যাগাজিন, ওয়াশিংটন পোস্ট ম্যাগাজিন, ল্যাটিটিউড, দি বোস্টন গ্লোব ম্যাগাজিন, প্যাসিফিক নর্থওয়েস্ট, পেজ সিক্স ম্যাগাজিন, ক্যানসাস সিটি স্টার ম্যাগাজিন, সান ফ্রান্সিসকো ক্রোনিকল ম্যাগাজিন এবং সানডে ফোরাম।পত্রিকার এই অংশটিতে সাধারণত এডিটোরিয়াল স্টাফরা কম ভূমিকা রাখে। এই অংশের জন্য আলাদা লোকজন কাজ করে থাকে। বিজ্ঞাপনের সাথে সংশ্লিষ্ট হওয়ার কারণে সাধারণ বিজ্ঞাপনের লোকজনও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কিছু কিছু ক্ষেত্রে দেখা যায় অতিরিক্ত পৃষ্ঠা আলাদাভাবে অনেক বেশি জনপ্রিয় হয়ে উঠেছে। তখন ওই অতিরিক্ত পৃষ্ঠা পত্রিকার বাইরে আলাদাভাবে বিক্রি করা হয়ে থাকে এবং এগুলো একটি আলাদা বিষয়কে কাভারেজ দিয়ে থাকে। যেমন- Times Literary Supplement, Times Educational Supplement ।

পত্রিকার অতিরিক্ত পৃষ্ঠার জন্য আলাদা সম্পাদক থাকে। অনেক সময় দেখা যায় যে, এর জন্য আলাদা স্পন্সরও রয়েছে। বাংলাদেশের ইংরেজি ও বাংলা দুই ধরনের পত্রিকাতেই সাপ্তাহিকভাবে বিভিন্ন প্রকার অতিরিক্ত পৃষ্ঠা ছাপানো হয়ে থাকে। অনেক পত্রিকা ম্যাগাজিন আকারে প্রকাশ করে থাকে। বাংলাদেশে পত্রিকার অতিরিক্ত পৃষ্ঠার মধ্যে জনপ্রিয় হচ্ছে দৈনিক প্রথম আলো পত্রিকার ছুটির দিনে, ক্যাম্পাস, আনন্দ, রস+আলো ইত্যাদি। এছাড়া ইংরেজি দৈনিক দ্যা ডেইলি স্টারের অতিরিক্ত পাতার মধ্যে রয়েছে শাউট, স্টার শোবিজ, স্টার ইউথ, শিফট এবং বিজনেস ইত্যাদি। এছাড়া দৈনিক কালের কণ্ঠ রংবেরং, ঢাকা ৩৬০ ডিগ্রি, দলছুট, ঘোড়ার ডিম ও এ টু জেড নামে মূল পত্রিকার সাথে অতিরিক্ত পাতা প্রকাশ করে থাকে। আলোর পথযাত্রী, মঞ্চের বাইরে, দেহঘড়ি, প্রিয় ক্যাম্পাস, চাকরি নিয়ে ও শৈলী নামে সাপ্তাহিকভাবে মূল পত্রিকার সাথে অতিরিক্ত পাতা প্রকাশ করে থাকে।

দৈনিক যুগান্তর বিচ্ছু, সুস্থ থাকুন, প্রকৃতি ও জীবন, ইসলাম ও জীবন, তারাঝিলমিল, স্বজন সমাবেশ, ঘরে বাইরে ও সুরঞ্জনা নামে মূল পত্রিকার সাথে অতিরিক্ত পাতা প্রকাশ করে থাকে। এছাড়া বাংলাদেশ থেকে প্রকাশিত অন্যান্য পত্রিকাতেও সপ্তাহের বিভিন্ন দিনে বিভিন্ন ধরণের অতিরিক্ত পৃষ্ঠা ছাপানো হয়ে থাকে। বাংলাদেশের জাতীয় পত্রিকার অংশ হিসেবে এই অতিরিক্ত পৃষ্ঠা বা বিশেষ পাতার আবশ্যকতা নিয়ে বর্তমান গবেষণা কাজটি পরিচালিত।

## ১.২ গবেষণার প্রত্যয় সমূহের সংজ্ঞায়নঃ

**জাতীয় পত্রিকাঃ** বাংলাদেশের রাজধানী ঢাকা থেকে প্রকাশিত ও বাংলাদেশ তথ্য অধিদপ্তর থেকে অনুমোদিত দৈনিক সংবাদপত্রকে বোঝানো হয়েছে।

**বিশেষ পাতাঃ** বিশেষ পাতা বলতে সপ্তাহের কোন নির্দিষ্ট দিনকে উপলব্য করে নির্দিষ্ট নামে প্রতি সপ্তাহে জাতীয় দৈনিক পত্রিকাগুলো ট্যাবলয়েড বা মূল পত্রিকার আকারে পত্রিকার নির্দিষ্ট পাতার বাইরে যে অতিরিক্ত প্রকাশনা পাঠকের জন্য প্রকাশ করে থাকে তাকে বোঝানো হয়েছে।

## ১.৩ গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্যঃ

বর্তমান সময়ে সংবাদপত্র শুধু একটি বিষয়ে উপস্থাপনার ক্ষেত্রে সীমাবদ্ধ নেই। যুগের পরিবর্তন ও পাঠকের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে নতুন নতুন বিষয়ে পাতা তৈরী করছে আজকের পত্রিকাগুলো। জনগণ

নতুনত্ব ভালোবাসে। পাঠকের ভাবনা ও সংবাদ পত্রের সৌন্দর্য বৃদ্ধির কারণে বর্তমান যুগের পত্র-পত্রিকা গুলো নিয়মিত পাতার সঙ্গে বিশেষ পাতার আয়োজন করেছে। এগুলো বিশেষ দিনে এবং সপ্তাহের যে কোন নির্দিষ্ট দিনেই প্রকাশিত হয়। আমাদের দেশে বদ্ধমূল ধারণা হয়ে গিয়েছিল দৈনিক পত্রিকা ৮-১২ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ থাকবে। কিন্তু বিদেশে দৈনিক পত্রিকার বহু সেকশন থাকে। আশার কথা আমাদের পত্রিকা গুলোও আজ সপ্তাহের প্রতিদিন নতুন বিষয় বা চিন্তা নিয়ে পাতা প্রকাশের দক্ষতার পরিচয় দিচ্ছে। এই বিশেষ পাতা, পত্রিকার কাটতি যেমন বাড়াচ্ছে, তেমনি পাঠককে বিভিন্ন ক্ষেত্রের সঙ্গে পরিচয়ও করিয়ে দিচ্ছে। বিশেষ পাতা, বিশেষ সৌন্দর্য ও বিশেষ অধ্যায় এবং বিশেষ প্রভাব নিয়েই প্রকাশিত হচ্ছে। তথ্যের উৎসের কোন ধরা বাঁধা ক্ষেত্র নেই। কোথায় যে কোন্ তথ্য লুকায়িত, তা কেউ বলতে পারে না। এর জন্য প্রয়োজন অনুসন্ধান। সংবাদপত্রের নির্দিষ্ট বিট অনুযায়ী প্রতিদিন কিছু পাতা প্রকাশিত হয়। এটি পত্রিকা প্রকাশের সাধারণ নিয়ম বলা চলে। তথ্যের সাগরে বিভিন্ন বিষয়কে আলাদা করবার জন্যই বর্তমানে সংবাদপত্রগুলো নির্দিষ্ট পাতা ব্যতীতবিশেষ পাতার মাধ্যমে বিভিন্ন আঙ্গিকে বিভিন্ন তথ্যের সমাগম ঘটাচ্ছে। এই বিশেষ পাতা পাঠককে যেমন নতুন তথ্য দিয়ে সমৃদ্ধ ও ভাবনার ক্ষেত্রে প্রভাব ফেলছে, তেমনি পত্রিকার সৌন্দর্য এবং আকর্ষণ ক্ষমতারও সহায়ক পন্থা হিসেবে কাজ করছে। এমন অনেক বিষয়ে বিশেষ পাতা প্রকাশিত হতে পারে যার মূল উদ্দেশ্য হচ্ছে তথ্য জানানো।

এমন কিছু ঘটনা আছে যা হঠাৎ করেই ঘটতে পারে। সেই বিষয়ে বিশেষ পাতার সাহায্যে তথ্য প্রচার করা যায়। এই প্রসঙ্গে এই কথা বলা যায় যে সংবাদপত্রের কাজই হচ্ছে তথ্য সবার মাঝে ছড়িয়ে দেয়া। বর্তমানে সংবাদপত্রগুলো প্রতিদিনের নির্দিষ্ট পাতার বাইরেও কিছু বিশেষ পাতা প্রকাশ করছে। সংবাদপত্রের দায়িত্ব হচ্ছে সত্য তথ্যের মাধ্যমে জনগণকে প্রভাবিত করা। পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে সংবাদপত্র মাধ্যম সর্বদা পরীক্ষা-নিরীক্ষায় ব্যস্ত। এমনই এক মুহূর্তে বিশেষ পাতার আর্বিভাব। কোন বিষয়ে দ্রুত এবং বারবার দৃষ্টি আর্কষণের মাধ্যমে প্রভাবিত করার জন্য বিশেষ পাতা এক অভিনব পদ্ধতি বটে।এ লক্ষ্যে বাংলাদেশে প্রকাশিত জাতীয় পত্রিকার বিশেষ পাতার প্রভাব পর্যালোচনা করাই এই গবেষণা প্রকল্পের প্রধান উদ্দেশ্য।

## ১.৪ গবেষণার গুরুত্ব:

মাত্র দু'দশক আগেও সংবাদপত্র ও ম্যাগাজিন স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে প্রকাশিত হতো। আশির দশকের শুরুতে আধুনিক তথ্য প্রযুক্তির দ্রুত বিকাশের সঙ্গে সঙ্গে সংবাদপত্রের আঙ্গিক ও বৈশিষ্ট্যে যোগ হতে থাকে নতুন মাত্রা। বিশেষ করে সংবাদপত্রে মাল্টিমিডিয়ার ব্যবহার সংবাদপত্রের পৃষ্ঠাসজ্জা ও উপস্থাপনায় নিয়ে আসে এক বৈপ্লবিক পরিবর্তন। এখনও সংবাদপত্র ও ম্যাগাজিন স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে প্রকাশিত হচ্ছে। দৈনিক পত্রিকা প্রতিদিন বের হচ্ছে বিষয়ভিত্তিক বিশেষ পাতা নিয়ে, বেশির ভাগ পাতায়ই থাকছে চার রঙের ব্যবহার। থাকছে কম্পিউটার গ্রাফিক্সের বিশেষ ইফেক্ট। মুক্তচিন্তার পাঠকের প্রতি দৃষ্টি রেখে সংবাদপত্র বিভিন্ন বিষয়ভিত্তিক পাতা প্রকাশ করছে। পাঠকের নিত্যদিনের প্রয়োজন, সুখ, দু:খ, হাসি,কান্না,আবেগ প্রভৃতি বিষয়ে প্রতিদিন নতুন-নতুন ফিচার প্রবন্ধ, নিবন্ধ সংবাদপত্রের পাতায় স্থান পাচ্ছে। পত্রিকার উন্নত মান ও স্নিগ্ধ রুচী ধরে রাখার জন্য সংবাদপত্রে চলছে একটি সুস্থ প্রতিযোগিতা। তথ্য প্রযুক্তির প্রতিযোগিতার বাজারে সংবাদপত্রের আঙ্গিক ও বিষয়গত রূপান্তরকে অনেকে আবার সমালোচনাও করেছেন। তাঁরা বলছেন, এর ফলে সংবাদপত্রের স্বতন্ত্র বৈশিষ্ট্য লোপ পাচ্ছে। কিন্তু নতুনত্বের এবং ভিন্নতা বজায় রাখবার জন্য এই বিশেষ পাতা সম্বলিত ভিন্ন ভিন্ন বিষয় উপস্থাপন আবশ্যক। যুগের সাক্ষী হয়ে সংবাদপত্র এগিয়ে যাচ্ছে ক্রমবিবর্তনের ধারায়। আধুনিক মানুষের চিন্তা-চেতনাকে ধারণ করে এবং বিজ্ঞান প্রযুক্তির আশীর্বাদপুষ্ট হয়ে সংবাদপত্র নিজেকে নতুনরূপে সাজাচ্ছে এবং পাঠকের কাছে উপস্থাপন বা পরিবেশন করছে নতুন সংবাদ। নিয়মিত পাতা গুলোতে সব বিষয় উপস্থাপন করা সম্ভব নয় বলে বিষয় ভিত্তিক বিশেষ পাতার আয়োজন পাঠককে যেমন নতুন সব ধারণার সঙ্গে সম্পৃক্ত করছে, তেমনি সংবাদপত্রের প্রতি পাঠকের চাহিদাও দিন দিন বৃদ্ধি

পাচ্ছে। মুক্ত চিন্তার মানুষ নিরেট সংবাদপত্রের চেয়ে প্রয়োজনীয় কিন্তু ব্যতিক্রমী খবরাখবর পড়তে বেশি আগ্রহবোধ করে। পাঠকের আগ্রহ নিবৃত্তকরণে বিশেষ পাতার ভূমিকা অনস্বীকার্য। এই পরিপ্রেক্ষিতে "বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ" শীর্ষক গবেষণা প্রকল্পটি বর্তমান সময়ে যৌক্তিক।

## ১.৫ গবেষণা পদ্ধতি:

আলোচ্য প্রবন্ধটি একটি পর্যবেক্ষণমূলক কাজ। বর্তমান গবেষণা প্রবন্ধটিতে গুণগত 'আধেয় বিশ্লেষণ পদ্ধতি' অনুসরণ করায় এই গবেষণাকর্মটি বর্ণনামূলক (ন্যারেটিভ অ্যানালাইসিস)। গুণগত আধেয় বিশ্লেষণ পদ্ধতি একজন গবেষক তখনই ব্যবহার করে থাকেন যখন তার টেক্সট আধেয় (কন্টেন্ট)-র অন্তর্নিহিত অর্থের প্রয়োজন হয়। গণমাধ্যম গবেষণার ক্ষেত্রে অনুসৃত বিভিন্ন পদ্ধতির মধ্যে 'আধেয় পরিচিতি' এবং 'আধেয় বিশ্লেষণ' অন্যতম। উইমার ও ডমিনিক তাঁদের 'মাস মিডিয়া রিসার্চ: অ্যান ইনট্রোডাকশন' গ্রন্থে গণমাধ্যম গবেষণার ক্ষেত্রে আধেয়-বিশ্লেষণ পদ্ধতিকে জনপ্রিয় কৌশল হিসেবে উল্লেখ করেন। তাঁরা আরো বলেন, 'আধেয় বিশ্লেষণ হচ্ছে এমন একটি পদ্ধতি যেখানে বিষয়ের ভিতরে থাকা চরিত্রগুলোকে চিহ্নিতকরণের মাধ্যমে নিয়মতান্ত্রিক ও বস্তু নিরপেক্ষ উপায়ে পর্যালোচনা করা হয়' (উইমার ও ডমিনিক, ২০০৩, ১৪১)।

এরই প্রেক্ষিতে "বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ" শীর্ষক বর্তমান গবেষণায় নির্বাচিত আধেয়তে থাকা দৃশ্য ও অদৃশ্য বার্তাকে চিহ্নিত করে নিয়মতান্ত্রিকভাবে পর্যালোচনা করতে সক্ষম এই 'আধেয় বিশ্লেষণ' পদ্ধতি। দেশি-বিদেশি গবেষক, লেখক, একাডেমিশিয়ান, গণমাধ্যম কর্মীদের বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত, ইউটিউব, ভিডিও, তথ্যচিত্রে সাক্ষাৎকার, আলোচনা এবং বিবৃতির আধেয় বিশ্লেষণ করা হয়েছে বর্তমান গবেষণায়। এক্ষেত্রে আধেয়তে থাকা বক্তব্যের 'ব্যাখ্যামূলক আধেয় বিশ্লেষণ' পদ্ধতির মাধ্যমে উপযুক্ত গবেষণা প্রশ্নের উত্তর খোঁজা হয়েছে।

"বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ" শীর্ষক কোন উল্লেখযোগ্য গবেষণা পূর্বে না হওয়ায় এবং ভবিষ্যৎবাণী করার জন্য পূর্ববর্তী পর্যাপ্ত তথ্য না থাকায় এই গবেষণায় কোন অনুমিত সিদ্ধান্ত (Hypothesis) দাঁড় করানো সম্ভব হয়নি বরং কতগুলো গবেষণা প্রশ্নের (Research questions) মাধ্যমে বাংলাদেশের প্রেক্ষাপটে জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা বিষয়ক প্রবন্ধ পাঠ ও বিশ্লেষণ, নির্বাচিত গ্রন্থ, পত্রিকা, জার্নাল, ফিচার, ইন্টারনেট এর আধেয় বিশ্লেষণ, সাক্ষাৎকার পাঠ, ফোকাস গ্রুপ আলোচনা আর নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে অনুসন্ধান ও বিশ্লেষণ করা হয়েছে।

বর্তমান গবেষণাটির চরিত্র একদিকে বর্ণনামূলক, অনুসন্ধানমূলক এবং একই সাথে আধেয়বিশ্লেষণমূলক। "বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ" শীর্ষক গবেষণায় ব্যবহৃত পদ্ধতিগুলো নিম্নরূপ:

১. **তথ্য সংগ্রহ কৌশল:**

ক. ফোকাস গ্রুপ আলোচনা পদ্ধতির মাধ্যমে তথ্য সংগ্রহ।

খ. সংবাদপত্র বিষয়ক লিখিত তথ্য উপাত্ত (বই, পত্রিকা, জার্নাল, গবেষণা) সংগ্রহ এবং পর্যালোচনা। এক্ষেত্রে লিখিত মন্তব্য ও বক্তব্যের ব্যাখ্যামূলক আধেয় বিশ্লেষণের (Interpretative Content Analysis)মাধ্যমে গবেষণা প্রশ্নের উত্তর খোঁজা হয়েছে।

গ. প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) বা তৎপ্রকার সংগঠন সমূহের গবেষণার কার্যক্রম বিষয়ে যথার্থ পাঠ ও অনুসন্ধান পূর্বক তথ্য যাচাই ও সম্ভাবনার দিক পর্যবেক্ষণ করা হয়েছে।

ঘ. নিবিড় পর্যবেক্ষণ পদ্ধতি ব্যবহার করে তথ্য সংগ্রহ।

ঙ. সাক্ষাৎকার পদ্ধতির মাধ্যমে নির্বাচিত দেশি-বিদেশি গবেষক, লেখক, একাডেমিশিয়ান, গণমাধ্যম ব্যক্তিত্ব ও প্রধান কর্মকর্তার নিবিড় সাক্ষাৎকার গ্রহণ করে প্রাপ্ত তথ্য সমূহকে 'মান নির্ধারক আধেয় বিশ্লেষণ' (Normative Content Analysis) পদ্ধতি প্রয়োগ করে বিশ্লেষণ করা হয়েছে।

**২. গবেষণা এলাকা বর্ণনা:**

বাংলাদেশের জাতীয় পত্রিকার বিশেষ পাতার আবশ্যকতা এবং প্রভাব বিষয়ে এই গবেষণা করা হয়েছে। পরবর্তীতে গবেষণার জন্য২০টি জাতীয় পত্রিকা উদ্দেশ্যমূলকভাবে সমগ্রক হিসেবে নির্বাচন করা হয়েছে এবং সেখান থেকে নমুনায়ন বাছাই করা হয়েছে। সাক্ষাৎকার নেবার ক্ষেত্রেও উদ্দেশ্যমূলকভাবে ব্যক্তিকে সমগ্রক হিসেবে নির্বাচন করা হয়েছে এবং সেখান থেকে নমুনায়ন বাছাই করা হয়েছে।

**৩. নমুনায়ন**

"বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ" শীর্ষক গবেষণা প্রকল্পটি পরিচালনার করার সময় ১০টি বাংলা জাতীয় পত্রিকা এবং ১০টি ইংরেজি জাতীয় পত্রিকা আধেয় বিশ্লেষণ করার জন্য উদ্দেশ্যমূলকভাবে নমুনায়ন হিসেবে বাছাই করে নেওয়া হয়েছে। এছাড়া জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয়ের শিৰক, গণমাধ্যমের প্রধান বার্তা সম্পাদক ও গণমাধ্যম বিশেষজ্ঞদের উদ্দেশ্যমূলকভাবে নমুনায়ন হিসেবে বাছাই করে নেওয়া হয়েছে। ৫০ জন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, ১০ জন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গণমাধ্যমের ২০ জন প্রধান বার্তা সম্পাদক (১০ জন পত্রিকা ও ১০ জন টেলিভিশন প্রধান বার্তা সম্পাদক) এর ফোকাস গ্রুপ আলোচনার মাধ্যমে তথ্য সংগ্রহকরা হয়েছে। গবেষণার বস্তুনিষ্ঠতা যাচাইয়ে সাংবাদিকদের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের সাথে কথা বলে তাদের সাক্ষাৎকার নেওয়া হয়েছে।

**৪. উপাত্ত প্রক্রিয়াজাতকরণ ও বিশ্লেষণ**

মাঠ থেকে সংগ্রহীত উপাত্ত প্রথমে যথাযথভাবে সম্পাদন করার পর বিভিন্ন বৈশিষ্ট্যের ভিত্তিতে শ্রেণীবদ্ধ করা হয়। বর্তমান গবেষণাটির চরিত্র একদিকে বর্ণনামূলক এবং একই সাথে অনুসন্ধানমূলক হওয়ায় এরপর লিখিত মন্তব্য ও বক্তব্যের ব্যাখ্যামূলক আধেয় বিশ্লেষণ (Interpretative Content Analysis)এবং সাক্ষাৎকার গ্রহণ করে প্রাপ্ত তথ্য সমূহকে মান নির্ধারক আধেয় বিশ্লেষণ (Normative Content Analysis) পদ্ধতি প্রয়োগ করে উপাত্তের গুণাত্মক বিশ্লেষণ করা হয়েছে।

**৫. গবেষণার তথ্য সংগ্রহের উপকরণ:**

"বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ"- এই গবেষণায় তথ্য সংগ্রহ করার ক্ষেত্রে যে সমস্ত উপকরণ ব্যবহার করা হয়েছে তা নিম্নরূপ:

১. গবেষণায় তথ্য সংগ্রহ করার ক্ষেত্রে বিভিন্ন জাতীয় পত্রিকা, গ্রন্থ, প্রবন্ধ, জার্নাল, গবেষণা থেকে তথ্য সংগ্রহকরা হয়েছে।

২. ব্যক্তিত্ব সাক্ষাৎকার ধারণের জন্য অডিও - ভিডিও রেকর্ডার ব্যবহার করা হয়েছে।

৩. গবেষক যেহেতু ফিল্ম, ফটোগ্রাফি সহ অডিও-ভিজুয়াল মাধ্যমের সাথে জড়িত, ফলে গবেষণা কর্মে ক্যামেরা, টেপ রেকর্ডারের মাধ্যমে তথ্য ধারণ করা হয়েছে।

৪. তথ্য প্রযুক্তির সুবিধা নেয়ার জন্য ইন্টারনেট সহ ল্যাপটপ, প্রিন্টার ব্যবহার করা হয়েছে।

৫. এছাড়া কাগজ, কলম, পেন্সিল, রাবারও তথ্য সংগ্রহে ব্যবহার হয়েছে।

## ১.৬ গবেষণা প্রশ্ন:

১. প্রতিদিনের নির্দিষ্ট পাতার বাইরেও জাতীয় পত্রিকাগুলোর বিশেষ পাতা প্রকাশের মূল উদ্দেশ্য তথ্য প্রচার করা তা অনুসন্ধান করা।

২. জাতীয় পত্রিকাগুলো বিশেষ পাতা উপস্থাপনের মাধ্যমে পাঠকের দৃষ্টি আকর্ষণের ক্ষেত্র তৈরী করছে তার স্বরূপতা যাচাই করা।

৩. বিবর্তনের পথ ধরে জাতীয় পত্রিকাগুলো নতুন নতুন বিশেষ পাতা সংযোজন করে পত্রিকার সৌন্দর্য্য বৃদ্ধির প্রক্রিয়ার স্বরূপতা যাচাই করা।

৪. জাতীয় পত্রিকাগুলো বিশেষ পাতা উপস্থাপনের মাধ্যমে বিভিন্ন শ্রেণী এবং বয়সের পাঠকের ভিন্ন ভিন্নচাহিদা পূরণে সহায়ক তার স্বরূপতা অনুসন্ধান করা।

৫. সামাজিক সচেতনতা সৃষ্টি করার ক্ষেত্রে বিশেষ পাতার প্রভাব যাচাই করা।

৬. প্রতিযোগিতার বাজারে নতুনত্ব আনয়নে জাতীয় পত্রিকাগুলোর বিশেষ পাতারকার্যকরী ভূমিকারস্বরূপতা যাচাই।

৭. সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জাতীয় পত্রিকাগুলোর বিশেষ পাতার ভূমিকা নির্ধারণ করা।

৮. জনগণকে শিৰা প্রদানের ক্ষেত্রে জাতীয় পত্রিকাগুলোর বিশেষ পাতার প্রভাব যাচাই করা।

৯. পাঠকের আগ্রহ ও মনোযোগ ধরে রাখার ক্ষেত্রে বিশেষ পাতার প্রভাব যাচাই করা।

১০. সাংস্কৃতিক বন্ধন তৈরী এবং বৃদ্ধিতে বিশেষ পাতার প্রভাব যাচাই করা ।

১১. সমাজের অসঙ্গতি উপস্থাপনে বিশেষ পাতার প্রভাব অনুসন্ধান করা।

১২. প্রতিযোগিতার এই যুগে শীর্ষে পৌছানোর ক্ষেত্রে জাতীয় পত্রিকা গুলোর বিশেষ পাতার ভূমিকার স্বরূপতা যাচাই।

১৩. মানুষের জীবন প্রবাহ এবং দৃষ্টিভঙ্গি পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ পাতার প্রভাব যাচাই করা।

১৪. সমাজের নির্যাতিত, সংখ্যালঘু সম্প্রদায়ের মুত্রপাত্র হিসেবে জাতীয় পত্রিকা গুলোর বিশেষ পাতার অবদান অনুসন্ধান করা।

১৫. বৈদেশিক সম্প্রীতি তৈরী এবং বৃদ্ধিকরণে জাতীয় পত্রিকাগুলোর বিশেষ পাতার প্রভাব যাচাই করা।

১৬. লুকায়িত দেশীয় সম্ভাবনার ক্ষেত্র উন্মোচনেজাতীয় পত্রিকাগুলোর বিশেষ পাতার ভূমিকা নির্ধারণ করা।

## ১.৭ গবেষণা সীমাবদ্ধতা:

১. অর্থ ও লোকবলের অভাবে গবেষণাটির পরিধি কমিয়ে আনা হয়েছে।

২. "বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ" শীর্ষক কোনো গবেষণা পূর্বে না থাকায় তথ্য অনুসন্ধানে বেশি সময় লেগেছে এবং তুলনামূলক অবস্থা বিশ্লেষণ সংক্ষিপ্ত করা হয়েছে।

৩. সময়ের অভাবে বাংলাদেশের সকল জেলার পাঠকদের প্রত্যাশা যাচাই করা সম্ভব হয়নি।

৪. আরো বেশি সংখ্যক গবেষক, লেখক, একাডেমিশিয়ান, গণমাধ্যম কর্মীদের সাক্ষাৎকার নিলে গবেষণাটি সমৃদ্ধ হতো।

## ১.৮ সমন্বিত ফলাফল- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ফলাফল বিশ্লেষণ:

### ক. জাতীয় পত্রিকার বিশেষ পাতার আব্যশকতা বিশ্লেষণ:

"তথ্যের উৎসের কোন ধরা বাঁধা ক্ষেত্র নেই। কোথায় যে কোন তথ্য লুকায়িত, তা কেউ বলতে পারে না। এর জন্য প্রয়োজন অনুসন্ধান। সংবাদপত্রের নির্দিষ্ট

বিট অনুযায়ী প্রতিদিন কিছু পাতা প্রকাশিত হয়। তথ্যের সাগরে বিভিন্ন বিষয়কে আলাদা করবার জন্যই বর্তমানে সংবাদপত্রগুলো নির্দিষ্ট পাতা ব্যতীত বিভিন্ন আঙ্গিকে বিভিন্ন তথ্যের সমাগম ঘটাচ্ছে। এই বিশেষ পাতা পাঠককে যেমন নতুন তথ্য দিয়ে সমৃদ্ধ ও ভাবনার ক্ষেত্রে প্রভাব ফেলছে, তেমনি পত্রিকার সৌন্দর্য এবং আকর্ষণ ক্ষমতারও সহায়ক পন্থা হিসেবে কাজ করছে।"(গৃহিত সাক্ষাৎকার:আলী, ২০১৮)

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে সংবাদপত্রে নির্দিষ্ট পাতা ব্যতীত অন্যান্য বিশেষ পাতার প্রয়োজনীয়তা সম্বন্ধে নিম্নে আলোচনা করা হলো:

১. তথ্য প্রচার:

এমন অনেক বিষয়ে বিশেষ পাতা প্রকাশিত হতে পারে যার মূল উদ্দেশ্য হচ্ছে তথ্য জানানো। এমন কিছু ঘটনা আছে যা হঠাৎ করেই ঘটতে পারে। সেই বিষয়ে বিশেষ পাতার সাহায্যে তথ্য প্রচার করা যায়। এই প্রসঙ্গে নির্মল সেন বলেছেন -

"সংবাদ পত্রের কাজই হচ্ছেতথ্য সবার মাঝে ছড়িয়ে দেয়া। বর্তমানে সংবাদপত্রগুলো প্রতিদিনের নির্দিষ্ট পাতার বাইরেও কিছু বিশেষ পাতা প্রকাশ করছে। এর মূল উদ্দেশ্য তথ্য প্রচার এবং গ্রহণযোগ্য করা"(সেন: নিরীক্ষা:১০০তম সংখ্যা)।

২. দৃষ্টি আকর্ষণ:

পাঠকের গ্রহণযোগ্যতা ব্যতীত কোন পত্রিকাই বেশিদিন টিকে থাকতে পারে না। সংবাদপত্রগুলো বিশেষ পাতা প্রকাশের মাধ্যমে পাঠকের দৃষ্টি আকর্ষণের ক্ষেত্র তৈরী করছে। এই প্রসঙ্গে বিসিডিজেসি'র নির্বাহী পরিচালক নাঈমুল ইসলাম খান নিরীৰাকে দেয়া এক সাক্ষাৎকারে জানান-

"পাঠকের গ্রহণযোগ্যতা পাবার জন্য লক্ষ্য রাখতে হবে পত্রিকাটি পাঠকের দৃষ্টি আকর্ষণ করতে পারছে কিনা। এক্ষেত্রে বিশেষ পাতা একটি বড় হাতিয়ার হতে পারে"(নিরীক্ষা কর্তৃক ২০০০ সালে গৃহিতসাক্ষাৎকার)।

৩. পত্রিকার সৌন্দর্য বৃদ্ধি করা:

আমরা আজ সবাই প্রতিযোগিতার মধ্য দিয়ে সময় অতিবাহিত করছি। চারিদিকে পরিবর্তনের হাওয়া বইছে। এমনই এক সময়ে পত্রিকাগুলোও প্রতিনিয়ত তাদের পত্রিকাতে নতুন এবং ভিন্ন মাত্রার সংযোজন করছে। এই প্রসঙ্গে বিশিষ্ট সাংবাদিক এবং দেশের অন্যতম পাঠকপ্রিয় সাময়িকী সাপ্তাহিক ২০০০ এর সম্পাদক শাহাদাত চৌধুরী বলেন-

"সাম্প্রতিক কালে দৈনিক পত্রিকার কলেবর বৃদ্ধি পেয়েছে। পত্রিকাগুলো প্রতিনিয়ত নানারকম চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যাচ্ছে। বিবর্তনের পথ ধরে সংবাদপত্র গুলো সংযোজন করতে পেরেছে নতুন নতুন পাতা। বিশেষ এই পাতা গুলোর অন্যতম উদ্দেশ্য পত্রিকার সৌন্দর্য বৃদ্ধি করা" (২০০০ সালে গৃহিত সাক্ষাৎকার)।

৪. পাঠকের চাহিদা পূরণ করা:

এমন অনেক বিষয় আছে যা পত্রিকার ৮-১২ পাতার মধ্যে সংযুক্ত করা সম্ভব হয় না। ফলে পাঠকের চাহিদাও পূরণ হয়না। বিশেষ পাতার মাধ্যমে এই চাহিদা পূরণ করা সম্ভব। এ ক্ষেত্রে বিভিন্ন অবস্থায় পাঠকের কথা বিবেচনা করা হয়-

ক. শিশু-কিশোরদের চাহিদা পূরণ;
খ. বয়স্কদের চাহিদা পূরণ;
গ. সমাজের বিভিন্ন স্তর, শ্রেণী ও পেশার মানুষের চাহিদা পূরণ।

**৫. সামাজিক দায়িত্ব সম্পন্নকরণ:**

কিছু কিছু বিষয় সম্পর্কে সামাজিক সচেতনতা সৃষ্টি করা সংবাদপত্রের কর্তব্য। বিশেষ পাতার মাধ্যমে সংবাদপত্র তার সেই দায়িত্ব পালন করতে পারে। কেননা বিশেষ পাতার প্রতি মানুষের অন্যরকম দৃষ্টিভঙ্গি থাকে। ফলে সহজেই প্রভাবিত করা সম্ভব।

**উদাহরণ:**

ক.নারী নির্যাতন ঘটছে প্রতিনিয়ত। এই বিষয়টি রোধ করার ক্ষেত্রে যদি বিশেষ পাতা প্রকাশ করা হয়, তবে জনগণের দৃষ্টি দ্রুত আর্কষণ করা সম্ভব।

খ. ধূমপান নিষিদ্ধকরণ নিয়েও বিশেষ পাতা প্রকাশিত হতে পারে। যা সামাজিক দায়িত্ব পূরণের ক্ষেত্রে প্রযোজ্য।

গ. পরিবেশ রক্ষা, ময়লা-আবর্জনা পরিষ্কার, প্রতিবন্ধী মানুষদের প্রতি সহানুভূতি ও দায়িত্ববোধ তৈরীর ক্ষেত্রেও বিশেষ পাতা কার্যকরী ভূমিকা রাখতে পারে।

**৬. পত্রিকায় নতুনত্ব আনয়ন:**

প্রতিযোগিতার এই সময়ে একঘেঁয়েমিপনা দূর করতে না পারলে পত্রিকা তার পাঠকদের আগ্রহ হারাবে। এই নতুনত্ব আনয়নে এবং সময়ের চাহিদায় বিশেষ পাতা অনেকবেশি কার্যকরী পদক্ষেপ।

**৭. পাঠকের আগ্রহ সৃষ্টি:**

আগ্রহ সৃষ্টির জন্য নতুন পন্থা অবলম্বন করা সকল পত্রিকার জন্য অবশ্যই জরুরী। বিশেষ পাতা মানুষের আগ্রহ সৃষ্টি করতে পারলে, সেই পত্রিকাও পাঠকের কাছে গ্রহণযোগ্যতা পাবে। এ প্রসঙ্গে বিশিষ্ট সাংবাদিক কলামিস্ট এবং সাপ্তাহিক রোববারের সম্পাদক সৈয়দ আশরাফ আলী বলেন-

> "বিশেষ পাতার আধেয় হবে অনুসন্ধানী এবং বিশ্লেষণধর্মী যেন পাঠক সহজেই ঘটনার গভীরে প্রবেশ করতে পারে। এর মাধ্যমে আগ্রহ সৃষ্টি করা সম্ভব"(নিরীক্ষা কর্তৃক ২০০০ সালে গৃহিতসাক্ষাৎকার)।

**৮. সিদ্ধান্ত ও ভাবনার ক্ষেত্র প্রসারিত করা:**

হার্ড নিউজে ব্যাখ্যার সুযোগ থাকে না। কিন্তু বিশেষ পাতার প্রতিবেদনে ব্যাখ্যা ও মতামত দেওয়া সহজ। ফলে কোন বিষয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে পাঠক দিক নির্দেশনা পায় এবং ভাবনার ক্ষেত্র আরো প্রসারিত হয়।

**উদাহরণ:**

ক. "তত্ত্বাবধায়ক সরকার পদ্ধতি সংস্কার" এই বিষয়ে জনগণ যাতে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করে সে বিষয়ে বিশেষ পাতা প্রণয়নের মাধ্যমে এর সঠিক দিক তুলে ধরা যায়।
খ. "ডিজিটাল নিরাপত্তা আইন সংস্কার" এই বিষয়ে বিশেষ পাতা জনগণকে সচেতন করতে সহযোগিতা করবে এবং সরকারের নীতিমালা পরিবর্তনে প্রভাবিত করবে।

৯. বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রদান:

গণমাধ্যম হিসেবে বিশেষ পাতার মূল দায়িত্ব হচ্ছে সমাজের জনগণকে শিক্ষা প্রদান। শিক্ষার ধরণ হতে পারে-

ক. সামাজিক দায়িত্বশীলতা বিষয়ক শিক্ষা;
খ. একাডেমিক বিষয়ক শিক্ষা;
গ. সাধারণ জ্ঞান এবং বৈজ্ঞানিক প্রযুক্তি বিষয়ক শিক্ষা।

উদাহরণ:

ক. মানসিক প্রতিবন্ধীদের প্রতি কি ধরনের আচরণ করা উচিত এই বিষয়ক বিশেষ পাতার মাধ্যমে সামাজিক দায়িত্বশীলতার ভূমিকা সম্পন্ন করা সম্ভব।

খ. বিভিন্ন শ্রেণী বা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পড়াশোনার বিভিন্ন দিক নিয়েও বিশেষ পাতা হতে পারে।

১০. বিনোদন সৃষ্টি করা:

প্রাত্যহিক এই জীবনে আনন্দের প্রয়োজন আছে। সংবাদপত্র বিশেষ পাতার মাধ্যমে সেই দায়িত্ব পালন করতে পারে। সামাজিক বিভিন্ন অনুষ্ঠান কিংবা মজাদার তথ্য সম্বলিত বিশেষ পাতার মাধ্যমে সংবাদপত্র বিনোদনমূলক তথ্য উপস্থাপন করতে পারে।

উদাহরণ:

ক. নাটক, চলচ্চিত্র, থিয়েটার বিষয়ক বিভিন্ন ক্ষেত্র নিয়ে বিশেষ পাতা প্রকাশিত হতে পারে;

খ তারকাদের বিভিন্ন দিক নিয়ে বিশেষ পাতা প্রকাশিত হতে পারে।

১১. সাংস্কৃতিক বন্ধন ও প্রকৃতি উপস্থাপন:

বিভিন্ন সংস্কৃতির নানা ধরনের কর্মকান্ড সংক্রান্ত বিশেষ পাতা প্রকাশিত হতে পারে। এর মাধ্যমে সংস্কৃতিতে সংস্কৃতিতে বন্ধন সৃষ্টি হবে এবং বিভিন্ন সংস্কৃতির আচার - আচরণ সম্বন্ধে সাধারণ পাঠক জ্ঞান অর্জন করতে পারবে।

উদাহরণ:

ক."আদিবাসী সংস্কৃতি" বিষয়ক বিশেষ পাতা প্রকাশের মাধ্যমে তাদের আচার-আচরণ, যোগাযোগ কর্মকান্ড সম্বন্ধে সবাই জানতে পারবে। এর মানে এই নয় যে তাদের আলাদা করে দেয়া হচ্ছে।

খ. সাপুড়ে, জেলে কিম্বা কৃষক সম্প্রদায়ের বিভিন্ন উৎসব কর্মকান্ড নিয়ে বিশেষ পাতা হতে পারে।

১২. সমাজ ও সম্প্রদায়কে একতাবদ্ধকরণ:

একটি সংবাদ একবার প্রকাশিত হলে মানুষ পড়ার সাথে সাথে হয়ত ভুলে যেতে পারে। কিন্তু অনেক বিষয় আছে যে বিষয়ে সমাজের সবাইকে একতাবদ্ধকরণে বিশেষ পাতা অনেক বেশি গুরুত্বপূর্ণ। কেননা বিশেষ পাতায় নির্দিষ্ট বিষয়ই প্রাধান্য পায়, সেক্ষেত্রে জনগণের মতামত আনয়নে এই পদ্ধতি বেশি কার্যকর।

**১৩. পাঠককে প্রভাবিতকরণ:**

সংবাদপত্রের মূল উদ্দেশ্যহচ্ছে পাঠককে প্রভাবিত করা। বিশেষ পাতার মাধ্যমে জনগণকে দ্রুত প্রভাবিত করা সম্ভব। এ প্রসঙ্গে তাত্ত্বিক মত-

> "সংবাদপত্রের দায়িত্ব হচ্ছে সত্য তথ্যের মাধ্যমে জনগণকে প্রভাবিত করা। পরিবর্তনের এই যুগে সংবাদপত্র নিজেদের আঙ্গিক পরিবর্তনে সর্বদা পরীক্ষা-নিরীক্ষায় ব্যস্ত। এমনই এক মুহূর্তে বিশেষ পাতার আর্বিভাব। কোন বিষয়ে দ্রুত এবং বারবার দৃষ্টি আকর্ষণের মাধ্যমে প্রভাবিত করার জন্য বিশেষ পাতা এক অভিনব পদ্ধতি বটে" (গৃহিত সাক্ষাৎকার: খানম, ২০১৯)।

**১৪. সমাজের অসঙ্গতি উপস্থাপন:**

আমাদের চারপাশে অনিয়ম, দুর্নীতি, অন্যায় প্রতিনিয়ত ঘটেই চলেছে। এই বিষয়ক বিশেষ পাতা প্রকাশিত হলে সমাজের মুখোশধারীদের চিহ্নিত করা সহজ হবে।

উদাহরণ:

ক. বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকান্ড বিষয়ক বিশেষ পাতা হতে পারে।

খ. যেকোন প্রতিষ্ঠানের কর্মকান্ড বিষয়ক বিশেষ পাতা হতে পারে।

**১৫. পত্রিকার প্রচার সংখ্যা ও কাটতি বাড়ানো:**

প্রতিযোগিতার এই যুগে সবাই শীর্ষে অবস্থান করতে চায়। তারই হাতিয়ার হিসেবে পত্রিকা গুলো বেছে নিয়েছে বিশেষ পাতা। এর মাধ্যমে বিভিন্ন বিষয়ে এবং পাঠকের চাহিদা অনুযায়ী তথ্য উপস্থাপন করা হয়। জনগণের জানবার আকাঙ্ক্ষা পূরণের সাথে সাথে পত্রিকার কাটতি বাড়ানো এই বিশেষ পাতা প্রকাশের অন্যতম লক্ষ্য।

এই প্রসঙ্গে তাত্ত্বিক মত-

> "সামাজিক দায়িত্ব পালনের সাথে সাথে পত্রিকাগুলোর এটাও ভাবতে হয় যে, তার প্রচার বৃদ্ধি পাচ্ছে কিনা! প্রচার বৃদ্ধির জন্য প্রয়োজন স্বাতন্ত্র্যবোধ। এই বিষয়কে বিবেচনায় রেখেই পত্রিকা গুলো সাময়িক কিম্বা অতিরিক্ত পাতা প্রকাশ করে"। (গৃহিত সাক্ষাৎকার: খান, ২০১৯)

**১৬. জীবনধারা ও দৃষ্টিভঙ্গি পরিবর্তন:**

সংবাদপত্রের দায়িত্ব কেবল সংবাদ উপস্থাপন নয়। জীবনে চলার পথে কিভাবে সুন্দর ভাবে বেঁচে থাকা যায় সেই পরামর্শও সংবাদপত্রগুলো দিতে পারে। মানুষের জীবন প্রবাহ এবং দৃষ্টিভঙ্গি পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ পাতা অত্যন্ত প্রভাবশালী।

**উদাহরণ:**

ক. ক্যারিয়ার বিষয়ক বিশেষ পাতা প্রকাশিত হতে পারে। যার মাধ্যমে জনগণের মনের মধ্যে কাজ করার স্পৃহা বাড়বে।

খ. ফ্যাশন বিষয়ক বিশেষ পাতা প্রকাশিত হতে পারে। এর মাধ্যমে দেশ-বিদেশের বিভিন্ন নতুন ধারার সঙ্গে মানুষের পরিচয় ঘটবে।

গ. স্বাস্থ্য, আইন, ধর্ম বিষয়ক বিশেষ পাতা প্রকাশিত হতে পারে। এর মাধ্যমে অনেক ভুল তথ্য কিভাবে আমরা ধারণ করি এটা প্রকাশ পাবে।

**১৭. চলার পথে মানসিক শক্তি সৃষ্টি করা:**

গণমাধ্যম হিসেবে সংবাদপত্রের অন্যতম দায়িত্ব অনুপ্রেরণা সৃষ্টি করা। সমাজে যারা নির্যাতিত তাদের রক্ষা করা এবং নতুন জীবনে প্রবেশের কাহিনী বা ঘটনা প্রকাশের মাধ্যমে অন্যায়, নির্যাতিত ব্যক্তি বা সম্প্রদায় যারা আত্মগোপন করে আছে তাদের মনের জোর বৃদ্ধি করাও বিশেষ পাতার দায়িত্ব।

**উদাহরণ:**

ক. পথ শিশুদের সহায়ক বিশেষ পাতা। যার মাধ্যমে পথ শিশুদেও পুনর্বাসন এর ব্যবস্থা যেন নিশ্চিত হয় তার পদক্ষেপ গ্রহণ করা।

খ. একজনের সফলতার চিত্র যেন অন্যকে চলার পথে উৎসাহ প্রদান করে সে বিষয়ক বিশেষ পাতা থাকা উচিত। এসিডদগ্ধ নারীদের বিভিন্ন কর্মকান্ড যখন বিশেষ পাতায় স্থান পায়, তখন অন্য এসিডদগ্ধরাও উৎসাহ পায় নতুন ভাবে পথ চলার।

গ. সাফল্য অর্জনকারী নারী পুরুষের কাহিনী নিয়ে বিশেষ পাতা প্রকাশিত হতে পারে। এর মাধ্যমে অন্যরা অনুপ্রাণিত হবে।

ঘ. বিভিন্ন দেশের উন্নয়ন চিত্র এবং উন্নয়ন কৌশল বিষয়ক বিশেষ পাতা প্রকাশ করা উচিত। এর ফলে আমাদের দেশের মানুষ প্রকৃত উন্নয়ন পন্থা আত্মস্থ করতে সক্ষম হয়।

**১৮. বৈদেশিক সম্প্রীতি ও সংস্কৃতির মিলন:**

বৈদেশিক বিভিন্ন বিষয় সংশ্লিষ্ট বিশেষ পাতা প্রকাশিত হতে পারে। যার মাধ্যমে অন্য দেশের সঙ্গে আমাদের দেশের যোগ সূত্র সৃষ্টি হবে। আন্তর্জাতিক নেটওর্য়াক তৈরী হবে।

**উদাহরণ:**

ক. দ্বি-পক্ষীয় চুক্তির ফলাফল এবং সফলতা নিয়ে বিশেষ পাতা প্রকাশ হতে পারে।
খ. বিভিন্ন দেশের সংস্কৃতি বিষয়ক বিশেষ পাতা সৃষ্টি হতে পারে।


**১৯. দিক নির্দেশনা এবং সম্ভাবনার ক্ষেত্র উন্মোচন:**

আমাদের দেশে এমন অনেক সম্পদ আছে যা ব্যবহার করে আমরা সম্পদশালী হতে পারি। এই বিষয়ক বিশেষ পাতা প্রকাশ হতে পারে । এর মাধ্যমে দেশের সম্ভাবনা এবং ভবিষ্যত সম্পর্কে সবাই জানবে।

**উদাহরণ:**

ক পর্যটন শিল্প বিষয়ক বিশেষ পাতা । এর মাধ্যমে দেশের সম্পদ সর্ম্পকে জানবে সবাই।

চিত্র-১:বিষয় ভেদে বিশেষ পাতার আবশ্যকতা:




(ডায়াগ্রাম: বিশেষ পাতার প্রভাব সংক্রান্ত)

## ১.৯ জাতীয় পত্রিকায় বিশেষ পাতার গুরুত্ব প্রসঙ্গে ব্যক্তিত্বের মতামত:

সম্পাদকীয় প্রবন্ধে বলা হয়েছে-

> "মাত্র দু'দশক আগেও সংবাদপত্র ও ম্যাগাজিন স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে বিকাশের সঙ্গে সঙ্গে সংবাদপত্রের আঙ্গিক ও বৈশিষ্ট্যে যোগ হতে থাকে নতুন মাত্রা। বিশেষ করে সংবাদপত্রে মাল্টিমিডিয়ার ব্যবহার সংবাদপত্রের পৃষ্ঠাসজ্জা ও উপস্থাপনায়

নিয়ে আসে এক বৈপ্লবিক পরিবর্তন। এখন সংবাদপত্র ও ম্যাগাজিন স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে চলছে না। দৈনিক পত্রিকা প্রতিদিন বের হচ্ছে বিষয়ভিত্তিক বিশেষ পাতা নিয়ে, বেশির ভাগ পাতায়ই থাকছে চার রঙের ব্যবহার। থাকছে কম্পিউটার গ্রাফিক্সের বিশেষ ইফেক্ট। মুক্তচিন্তার পাঠকের প্রতি দৃষ্টি রেখে সংবাদপত্র বিভিন্ন বিষয়ভিত্তিক পাতা প্রকাশ করছে। পাঠকের নিত্যদিনের প্রয়োজন, সুখ-দুঃখ, হাসি-কান্না,আবেগ প্রভৃতি বিষয়ে প্রতিদিন নতুন-নতুন ফিচার, প্রবন্ধ, নিবন্ধ, সংবাদপত্রের পাতায় স্থান পাচ্ছে। পত্রিকার উন্নত মান ও স্নিগ্ধ রুচী ধরে রাখার জন্য সংবাদপত্রে চলছে একটি সুস্থ প্রতিযোগিতা। তথ্য প্রযুক্তির প্রতিযোগিতার বাজারে সংবাদপত্রের আঙ্গিক ও বিষয়গত রূপান্তরকে অনেকে আবার সমালোচনাও করেছেন। তাঁরা বলছেন, এর ফলে সংবাদপত্রের স্বতন্ত্র বৈশিষ্ট্য লোপ পাচ্ছে। কিন্তু নতুনত্বের এবং ভিন্নতা বজায় রাখবার জন্য এই বিশেষ পাতা সম্বলিত ভিন্ন ভিন্ন বিষয় উপস্থাপন আবশ্যক।" (সম্পাদকীয়ঃ নিরীক্ষাঃ ২০০০ঃ সংখ্যা-৯৮-৯৯)

গবেষণা চলাকালীন ব্যক্তিগত সাক্ষাৎকার থেকে প্রাপ্ত মতামতগুলো বিশ্লেষণ করে আলোচনা করা হলোঃ

- **প্রথম মতামতঃ**

"বর্তমানে সকল পত্রিকার বিশেষ পাতাগুলো অনলাইনে প্রকাশ করা হয় মূল পত্রিকার পাশাপাশি। অনেক সময় দেখা যায় যে, মূল পত্রিকার সংবাদের চাইতে বিশেষ পাতার বিশেষ সংবাদ বা ফিচারগুলোতে পাঠকের মিথস্ক্রিয়তার পরিমাণ বেশি অর্থাৎ এই সংবাদগুলো পাঠক বেশি শেয়ার করছে বা এই সংবাদগুলোতে পাঠক বেশি লাইক বা কমেন্ট করছে। এর থেকে বোঝা যায় পাঠক মূল সংবাদের চাইতে বিশেষ পাতার সংবাদের উপর বেশি গুরুত্ব দিচ্ছে। এসব কিছুর কারণে পত্রিকার ভিউ বাড়ছে, প্রকারান্তরে পত্রিকার আয় বৃদ্ধি পাচ্ছে"(গৃহিত সাক্ষাৎকারঃভুঁইয়া,২০১৮)।

- **দ্বিতীয় মতামতঃ**

"সংবাদপত্রগুলো পাঠককে তার পত্রিকার ক্রয়মূল্যের চাইতে অনেক বেশি কিছু দেয়ার চেষ্টা করে। সেই বেশি কিছু দেয়ার লক্ষ্যেই সংবাদপত্রগুলো পাঠককে সংবাদের বাইরেও বিষয়ভিত্তিক বিভিন্ন লেখা পাঠকের জন্য প্রকাশ করে। এজন্য মূল পত্রিকার বাইরে এই বিশেষ পাতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশে কয়েকটি প্রথম সারির পত্রিকার বিশেষ পাতা পড়ার জন্যই অনেক পাঠক পত্রিকা কিনে থাকেন। বিশেষ করে ফ্যাশন, রান্না বা চাকরি খোঁজা বা পাওয়ার জন্য যে বিশেষ পাতাগুলো পত্রিকাগুলো ছাপিয়ে থাকে তা পড়ার জন্য অনেক সময় পাঠক মূল পত্রিকা কিনে থাকেন। এসব কিছু বিবেচনা করলে বিশেষ পাতা মূল পত্রিকার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।" (গৃহিত সাক্ষাৎকারঃরহমান,২০১৮)

- **তৃতীয় মতামতঃ**

"বিশেষ পাতার মাধ্যমে পত্রিকাগুলো পাঠকের বিশেষ চাহিদা পূরণ করে থাকে। বাংলাদেশের অনেক পত্রিকাই বিশেষ পাতার মাধ্যমে পাঠকের চাহিদা পূরণ করতে সক্ষম হয়েছে। যার জন্য দেখা যায় দীর্ঘ দিন ধরে পত্রিকাগুলো বিশেষ পাতা

ছাপাচ্ছে। অনেক পাঠক এমনও আছেন যে, তারা সপ্তাহের নির্দিষ্ট দিনের পত্রিকা হাতে নিয়ে আগে বিশেষ পাতা খুঁজে দেখেন। অনেক পাঠক শুধু মাত্র বিশেষ পাতায় প্রকাশিত আলোকচিত্র দেখার জন্য সেই পত্রিকা ক্রয় করে থাকেন। বিশেষ পাতার প্রতি পাঠকের এই আলাদা চাহিদা এড়িয়ে যাবার কোনো উপায় নেই।" (গৃহিত সাক্ষাৎকার: খানম, ২০১৯)

- **চতুর্থ মতামত:**

"বাংলাদেশের জনপ্রিয় অনেক জাতীয় পত্রিকা পর্যবেক্ষণ করে দেখা গেছে, মূল পত্রিকার চাইতে অনেক বেশি পাতা ছাপানো হচ্ছে বিশেষ পাতাকে কেন্দ্র করে। সপ্তাহের প্রতি দিনই দেখা যায় যে, কোন না কোন বিশেষ পাতা তারা প্রকাশ করছে। কারণ পত্রিকার লক্ষ্য থাকে পাঠক ধরে রাখা এবং বিজ্ঞাপন পাওয়া। বিশেষ পাতার মাধ্যমে পাঠককে আকর্ষণ করা হয়। চমক দেয়ার চেষ্টা করা হয়। এমনও দেখা যায় যে, মূল পত্রিকার চাইতে বিশেষ পাতার কাগজের মানও অনেক উন্নত এবং সবই রঙ্গিন। সব মিলিয়ে স্বীকার করতেই হবে, বিশেষ পাতা পত্রিকার ব্যবসা বা বাজারে টিকে থাকার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। (গৃহিত সাক্ষাৎকার: হোসেন, ২০১৯)

- **পঞ্চম মতামত:**

"গতানুগতিক সংবাদ পরিবেশনের মাধ্যমে কোন পত্রিকা প্রচার সংখ্যা বাড়াতে পারবে না। তাছাড়া এ ধরনের পত্রিকা স্থায়িত্বও লাভ করতে পারবে না। আপাতদৃষ্টিতে সংবাদ নির্ভর কোনও পত্রিকা প্রচার সংখ্যায় ভাল অবস্থায় থাকলেও এর প্রতিষ্ঠা প্রাপ্তির ইতিহাস কয়েক দশক। অন্যদিকে, নতুন ধারার কোন কোন পত্রিকা সাত/ আট বছর এবং দু'একটি মাত্র দু'তিন বছরে পাঠকপ্রিয়তা ও প্রচার সংখ্যায় যে অগ্রগতি সাধন করেছে সেদিক থেকে বিচার করলে ঐ অর্জনকে কোনভাবেই বেশি বলা যাবে না। বরং নতুন ধারার পত্রিকা ঐতিহ্যবাহী পত্রিকাগুলোর প্রতি যে চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছে তা মোকাবিলায় তাদের প্রস্তুতি গ্রহণ করতে হবে এবং প্রকাশনায় আনতে হবে আঙ্গিকগত এবং আধেয়গত পরিবর্তন ও পরিবর্ধন। এক্ষেত্রে বিষয় ভিত্তিক বিশেষ পাতা অন্যতম প্রভাবশালী হাতিয়ার।" (গৃহিত সাক্ষাৎকার: আলমগীর, ২০১৮)।

- **৬ষ্ট মতামত:**

"বিভিন্ন বয়সের পাঠকের চাহিদায় রয়েছে ভিন্নতা। এই চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এই ক্ষেত্রে জাতীয় পত্রিকার নির্দিষ্ট পাতার সাথে একমাত্র বিশেষ পাতাই পারবে বিভিন্ন শ্রেণী,পেশা এবং সম্প্রদায়ের চাহিদা পূরণ করতে। গবেষণার মাধ্যমে এই বিশেষ পাতার আবশ্যকতা নির্ধারণ করা করা উচিত।" (গৃহিত সাক্ষাৎকার: মামুন, ২০১৯)

- **সপ্তম মতামত:**

"যুগের সাক্ষী হয়ে সংবাদপত্র এগিয়ে যাচ্ছে ক্রমবিবর্তনের ধারায়। আধুনিক মানুষের চিন্তা-চেতনাকে ধারণ করে এবং বিজ্ঞান ও প্রযুক্তির আশীর্বাদপুষ্ট হয়ে সংবাদপত্র নিজেকে নতুনরূপে সাজাচ্ছে এবং পাঠকের কাছে উপস্থাপন বা পরিবেশন করছে নতুন ধারার সংবাদ। নিয়মিত পাতা গুলোতে সব বিষয় উপস্থাপন

করা সম্ভব নয় বলে বিষয় ভিত্তিক বিশেষ পাতার আয়োজন পাঠককে যেমন নতুন সব ধারনার সঙ্গে সম্পৃক্ত করছে, তেমনি সংবাদপত্রের প্রতি পাঠকের চাহিদাও দিন দিন বাড়ছে।" (গৃহিত সাক্ষাৎকার:ঝুমা, ২০১৮)

- **নবম মতামত:**

  "দৈনিক পত্রিকা গুলো এখন পাঠকের কাছে প্রয়োজনীয় হতে চেষ্টা করছে। তারা শিক্ষার্থী পাঠক চায়। নারীপাঠক চায়। তেমনই হাতে রাখতে চায় অগণিত নব শিক্ষিত পাঠক। সংবাদপত্র গুলো গৎবাঁধা বিষয়ে আবদ্ধ না থেকে অনুসন্ধানী ও বিশ্লেষণধর্মী সংবাদ পরিবেশনের মাধ্যমে বুদ্ধিচর্চার দ্বার উন্মোচন করতে পারে। এক্ষেত্রে বিষয় ভিত্তিক বিশেষ পাতার মাধ্যমে তা দ্রুত করা সম্ভব। এর মাধ্যমে পত্রিকা গুলোর শূণ্যতা কিছুটা হলেও দূর করা সম্ভব।" (গৃহিত সাক্ষাৎকার: মিনু, ২০১৮)।

- **দশম মতামত:**

  "বিশেষ পাতার মাধ্যমে পাঠক বিশেষায়িত অনেক তথ্য পেয়ে থাকে। এইসব বিশেষ পাতায় একই সাথে পাঠক, বিশেষজ্ঞ বা পত্রিকার পক্ষ থেকে নির্ধারিত লোকজন লিখে থাকেন। যার ফলে এখানে সকলের মধ্যে এক প্রকার মিথস্ক্রিয়া ঘটে। যার মাধ্যমে অনেকেই তার কাঙ্ক্ষিত তথ্য বা কি সিদ্ধান্ত নেবেন তা সহজ হয়। যেমন নারী পাতা বা পাঠকের উকিলের মাধ্যমে উভয়ের মধ্যে মিথস্ক্রিয়া হয়। এসব কিছু বিবেচনায়ও বিশেষ পাতা গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।"(গৃহিত সাক্ষাৎকার: আলী, ২০১৮)

- **এগারোতম মতামত:**
- "বিশেষ পাতা পত্রিকার অবিচ্ছেদ্য অংশ যার মাধ্যমে পত্রিকাগুলোর স্বতন্ত্র বৈশিষ্ট্য প্রতিষ্ঠিত হয় বা একটা আলাদা ভাবমূর্তি তৈরী হয়। বাংলাদেশের দৈনিক পত্রিকাগুলোও বিশেষ পাতার মাধ্যমে আলাদা একটি জায়গা তৈরী করে নিয়েছে। এ সাপ্তাহিক আয়োজন পাঠকের জন্য আনন্দের ও এক ধরণের বিশেষ পাওয়া।" (গৃহিত সাক্ষাৎকার: মনু, ২০১৮)
- **বারোতম মতামত:**

  "সংবাদপত্র পাঠকমুখী ও সংবাদপত্র পাঠককে নিজের করে নেওয়ার ক্ষেত্রে বিশেষ পাতা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। পত্রিকা চাইলেই তাদের সংবাদের জন্য নির্ধারিত পাতা প্রকাশ করেই শেষ করতে পারত কিন্তু পাঠকের জন্য বিশেষ কিছু করা এবং অতিরিক্ত কিছু দেয়ার লক্ষ্য থেকেই বিশেষ পাতা প্রকাশ করা হয়ে থাকে। বিশেষ পাতা প্রকাশের জন্য পত্রিকার আলাদা জনবল প্রয়োজন হয়, লেখক প্রয়োজন হয়। তারপরও পত্রিকা পাঠকের জন্য বিশেষ পাতা প্রকাশ করে থাকে।"(গৃহিত সাক্ষাৎকার:ফিরোজ, ২০১৯)

- **তেরতম মতামত:**

  "সংবাদপত্রের রূপান্তর বড় কথা নয়, তা দক্ষ ব্যবস্থাপনার সাহায্যে পাঠককে আকৃষ্ট করতে সক্ষম। পাঠকচাহিদার প্রতি বিচ্ছিন্নতা সংবাদপত্রের জন্য কখনও সহায়ক হতে পারে না। নতুনত্ব এবং ভিন্ন ধর্মী আধেয়গত উপস্থাপন যে কত শক্তিশালী তা

প্রচার সংখ্যার শীর্ষে অবস্থানকারী পত্রিকাগুলোর শীর্ষে অবস্থানের দিকে তাকালেই বোঝা যায়। এই অবস্থানে পৌঁছানোর ক্ষেত্রে নতুন বিষয়ে পাতা সহায়ক হতে পারে।" (গৃহিত সাক্ষাৎকার: খান, ২০১৯)

- **চৌদ্দতম মতামত:**

  "পাঠক চায় নতুনত্ব। একঘেঁয়েমি বিষয় যদি প্রতিদিন সংবাদপত্রে উপস্থাপিত হয়, তবে সংবাদপত্রের প্রতি মানুষের আগ্রহ কমে যাবে। এই একঘেঁয়েমি দূর করার জন্য সংবাদপত্রে বিষয় ভিত্তিক বিশেষ পাতার প্রয়োজন অবধারিত। এর মাধ্যমে পাঠকের ভাবনার ক্ষেত্র প্রসারিত হয়।"(গৃহিত সাক্ষাৎকার: সৈকত, ২০১৯)

- **পনেরোতম মতামত:**

  "গণমাধ্যম হিসেবে সংবাদপত্রের প্রভাবিত করার ক্ষমতা থাকা অত্যন্ত জরুরী। আধুনিক যুগে মানুষের জীবনে রুচির বৈচিত্র্য বেড়েছে। মূলত এইসব দিকে লক্ষ্য রেখে সংবাদপত্রে পরিবর্তন আনতে হয়েছে। মুক্ত চিন্তার মানুষ নিরেট সংবাদের চেয়ে প্রয়োজনীয় কিন্তু ব্যতিক্রমী খবরাখবর পড়তে বেশি আগ্রহবোধ করে। পাঠকের আগ্রহ নিবৃত্তকরণে বিশেষ পাতার ভূমিকা অসাধারণ।"(গৃহিত সাক্ষাৎকার: বুলবুল, ২০১৯)

- **ব্যক্তি অভিমত সমন্বয় - এক নজরে বিশেষ পাতার গুরুত্ব উপস্থাপন:**

সংবাদপত্রের প্রকাশনায় চলছে আধুনিক সংযোজন, দেশের সংবাদপত্রের ইতিহাসে যে বিবর্তন বা পরিবর্তন সূচিত হয়েছে তার প্রায় সবটাই সময়ের দাবিকে অনুসরণ করে। সংবাদপত্রের রূপ-বৈচিত্র্য পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ পাতার গুরুত্ব নিম্নে প্রদান করা হলো-

- **প্রথমত:**
  বিষয় ভিত্তিক বিশেষ পাতার মাধ্যমে পত্রিকার 'আঙ্গিকগত' পরিবর্তন সাধিত হয়েছে।
- **দ্বিতীয়ত:**
  বিষয় ভিত্তিক বিশেষ পাতার মাধ্যমে সংবাদপত্রের 'আধেয়গত' নতুনত্ব এসেছে।
- **তৃতীয়ত:**
  পাঠকের আগ্রহ সৃষ্টিতে বিশেষ পাতা পত্রিকার 'উপস্থাপনগত' পরিবর্তনে সহায়ক ভূমিকা পালন করছে।

**চিত্র-২:** বিষয় ভিত্তিক বিশেষ পাতার গুরুত্ব:




(ডায়াগ্রাম: বিষয় ভিত্তিক বিশেষ পাতার মাধ্যমে সংবাদপত্রের উক্ত ৩টি ক্ষেত্রে পরিবর্তন করা সম্ভব। ফলে বিশেষ পাতার গুরুত্ব অনস্বীকার্য)

- চতুর্থত:
  বিষয় ভিত্তিক বিশেষ পাতার মাধ্যমে পাঠকের যেমন 'শ্রেণীবিন্যাস' হয়েছে, তেমনি জাতীয় দৈনিকে বিভিন্ন বৈচিত্র্যমন্ডিত বিভাগ প্রকাশ করা হচ্ছে।


- পঞ্চমত:
  বিষয় ভিত্তিক বিশেষ পাতার মাধ্যমে 'নির্দিষ্ট শ্রেণীর সংবাদ লেখক' এর শ্রেণীবিন্যাস ঘটেছে।

ষষ্ঠত:

বিষয় ভিত্তিক বিশেষ পাতার মাধ্যমে 'পাঠকের অংশগ্রহণ' নিশ্চিত করা হয়েছে। কেননা পাঠকের ভালো লাগার ওপর ভিত্তি করেই বিশেষ পাতার অস্তিত্ব টিকে থাকে।

- সপ্তমত:
  বিষয় ভিত্তিক বিশেষ পাতার মাধ্যমে বিভিন্ন ইস্যুতে পাঠকের 'সচেতনতা বৃদ্ধি' করা সহজ হয়েছে। যেহেতু নির্দিষ্ট দিনের নির্দিষ্ট পাতায় বিষয়টি ছাপা হয় ফলে পাঠকের দৃষ্টি আকর্ষণ সহজ।

**চিত্র-৩:** বিষয় ভিত্তিক বিশেষ পাতার গুরুত্ব-




(ডায়াগ্রাম:বিশেষ পাতার মাধ্যমে উক্ত বিষয়গুলো নির্মাণ করা সম্ভব। ফলে বিশেষ পাতার গুরুত্ব অস্বীকার করা যায় না। ৭টি উপাদানের ক্ষেত্রে বিশেষ পাতার প্রভাব রয়েছে)

## ১.১০ জাতীয় পত্রিকায় বিশেষ পাতা প্রণয়ন প্রক্রিয়া- পরিকল্পনা ও বিশ্লেষণের পর্যায় সমূহ

বাংলায় একটি প্রবাদ আছে- "ভাবিয়া করিও কাজ করিয়া ভাবিও না।" সংবাদপত্র ব্যবস্থাপনার কাজে যারা জড়িত তাদের এই কথাটি সর্বদা স্মরণ রাখতে হয়। যে কোন পত্রিকায় বিশেষ পাতা প্রণয়ণের ক্ষেত্রে ৩টি পর্যায়কে বিবেচনায় রাখতে হয়। যথা-

ক. প্রথম পর্যায়- পরিকল্পনা গ্রহণ:
বিশেষ পাতা প্রণয়নের পূর্ব অবস্থা যাচাই।

খ. দ্বিতীয় পর্যায়- পরিকল্পনা বাস্তবায়ন:
বিশেষ পাতা প্রকাশকালীন বিদ্যমান অবস্থা যাচাই।

গ. তৃতীয় পর্যায়- ফলাফল ও প্রভাব যাচাই:
বিশেষ পাতা প্রকাশের পরবর্তী অবস্থা তথা প্রভাবের অবস্থা যাচাই।

চিত্র-৪: বিশেষ পাতার সফলতার ভিত্তি:




(ডায়াগ্রাম: ৩টি পর্যায়কে সম্পৃক্ত করার মাধ্যমে বিশেষ পাতা প্রণয়ন করলে কাঙ্খিতসফলতা আসবেই।)

এ প্রসঙ্গে তাত্ত্বিক মত-

"সঠিক সিদ্ধান্ত কাজের অগ্রগতিতে সাহায্য করে। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সঠিক দিক ব্যাখ্যা বিশ্লেষণ করা আবশ্যক। গবেষণা করার ক্ষেত্রে পূর্ববর্তী অবস্থাকে যাচাই করার মধ্য দিয়েই কর্মকান্ড প্রবাহিত হয়। গবেষণা চলাকালীন অবস্থা যাচাই

> করতে হবে ফলাফলের সফলতা আনয়নের জন্য। সেই সাথে এর প্রভাবের স্থায়িত্ব নির্ধারণ করতে হবে ফলাফলের আলোকে। এই তিনটি পর্যায়কে একত্রিত করতে পারলেই সফলতা সম্ভব।" (laws:2003:101)

এই মতামতের আলোকে বিশেষ পাতা উপস্থাপনের ক্ষেত্রে ৩টি পর্যায়কে ব্যাখ্যা করা হলো:

- **প্রথম পর্যায় - পরিকল্পনা গ্রহণ:**

  ক. বিশেষ পাতা প্রণয়নের পূর্বে এর প্রয়োজনীয়তা এবং গ্রহণযোগ্যতার দিককে বিচার বিশ্লেষণ করে তবেই সঠিক কৌশল অবলম্বন করতে হবে।

- **দ্বিতীয় পর্যায় - পরিকল্পনা বাস্তবায়ন করা:**

  ক. বিশেষ পাতা উপস্থাপন করার ক্ষেত্রে বিদ্যমান অবস্থা যাচাই করতে হবে। সঠিক জরিপ করে দেখতে হবে এটি কি প্রভাব ফেলছে।

- **তৃতীয় পর্যায়- ফলাফল ও প্রভাব যাচাই:**

  ক. বিষয় ভিত্তিক বিশেষ পাতা প্রণয়নের পরবর্তী অবস্থা তথা প্রভাব যাচাই করতে এবং ইতিবাচক প্রভাব হলেই কেবল সেই পাতা ছাপানো যাবে।

## ১.১০ বিভিন্ন জাতীয় পত্রিকায় বিশেষ পাতার ভিন্নতার কারণ অনুসন্ধান:

> "প্রতিটি পত্রিকা ভিন্ন ভিন্ন ব্যক্তির মতোই আলাদা। ফলে প্রতিটি পত্রিকার পাতায় আলাদা বৈশিষ্ট্য পাওয়া যায়। প্রতিটি ক্ষেত্রে নতুনত্ব আনবার জন্য পত্রিকা গুলো সর্বদা প্রচেষ্টায় লিপ্ত।"(গৃহিত সাক্ষাৎকার, খান, ২০১৯)

বিশেষ পাতার বিষয়বস্তুতে আমরা বর্তমানে ভিন্নতা লক্ষ্য করছি। যার কারণ সমূহ নিম্নরূপ:

- **প্রথমত - পলিসিগত ভিন্নতা:**

  প্রত্যেকটি পত্রিকার রয়েছে আলাদা নিয়ম-নীতি। ফলে পলিসিতে ভিন্নতার কারণে বিশেষ পাতায় ভিন্নতা লক্ষ্যণীয়।

- **দ্বিতীয়ত - আর্দশগত ভিন্নতা:**


  প্রতিটি পত্রিকার রয়েছে নিজস্ব আর্দশগত ভিন্নতা।এই ভিন্নতার কারণে বিশেষ পাতার চরিত্র ভিন্ন হয়।

- **তৃতীয়ত - পত্রিকার পরিবর্তনশীল মানসিকতার ভিন্নতা:**
  প্রত্যেক পত্রিকা যুগের সাথে তাল মিলিয়ে যত দ্রুত সম্ভব তাদের আধেয়কে পরিবর্তন করতে পারবে, তত দ্রুত তাদের বিশেষ পাতাও পরিবর্তন হবে। নতুনের সাথে পাঠকের পরিচয় এবং বিভিন্ন বিষয়ে সচেতনতার মাধ্যমে পরিবর্তন আনতে চাইলে বিশেষ পাতার গুরুত্ব অনস্বীকার্য।
- **চতুর্থত - পাঠকের অবধারণাগত কাঠামোর ভিন্নতা:**
  আমাদের সমাজে ভিন্ন চাহিদা সম্পন্ন মানুষের বসবাস। এছাড়াও বিভিন্ন স্তরের পাঠকও রয়েছে। বিভিন্ন বয়স ও পেশার পাঠকের চাহিদা ও আগ্রহ ভিন্ন। ফলে তাদের অনুধাবনও ভিন্ন হবে। পাঠকের ভিন্নতার কারণে বিশেষ পাতার চরিত্রেও ভিন্নতা লক্ষ্য করা যায়।

- **পঞ্চমত - সচেতনতা সৃষ্টির মাত্রাগত ভিন্নতা:**

  প্রত্যেকটি পত্রিকা নিজস্ব পলিসি ও আদর্শ অনুযায়ী বিভিন্ন বিষয়ে সচেতন করবার প্রচেষ্টা চালায়। এক্ষেত্রে পাঠকের সচেতন করার বিষয়গত ভিন্নতার কারণে বিশেষ পাতাতেও ভিন্ন স্বাদের পরিচয় পাওয়া যায়।

চিত্র-৫: জাতীয় পত্রিকার বিশেষ পাতার ভিন্নতার চালকসমূহ:




(ডায়াগ্রাম: বিভিন্ন পত্রিকায় উক্ত উপাদানের কারণে বিশেষ পাতার ভিন্নতা লক্ষ্যণীয়। এগুলোর সমন্বয়ে বিশেষ পাতা প্রকাশিত হলে পত্রিকার চাহিদা বাড়বে।)

## ১.১১ বিদ্যমান জাতীয় পত্রিকায় প্রকাশিত বিশেষ পাতার নমুনা উপস্থাপন:

"বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ" শীর্ষক বর্তমান গবেষণায় বাংলাদেশে প্রকাশিত জাতীয় পত্রিকার বিশেষ পাতার চরিত্র উত্থাপন করা হয়েছে। এক্ষেত্রে ১০টি বাংলা জাতীয় পত্রিকা এবং ১০টি ইংরেজি জাতীয় পত্রিকায় প্রকাশিত বিশেষ পাতার স্বরূপতা অনুসন্ধান করে উপস্থাপন করা হলো। নির্বাচিত জাতীয় পত্রিকা সমূহ -

| বাংলা জাতীয় পত্রিকার নাম | ইংরেজি জাতীয় পত্রিকার নাম |
|---|---|
| ১. ইত্তেফাক | ১. The Daily Star |
| ২. জনকণ্ঠ | ২. Bangladesh Observer |
| ৩. আমার দেশ | ৩. Bangladesh Today |
| ৪. প্রথম আলো | ৪. Dhaka Tribune |

| | |
|---|---|
| ৫.ভোরের কাগজ | ৫. News Today |
| ৬. সংবাদ | ৬. Asian Age |
| ৭.কালের কণ্ঠ | ৭. Daliy Sun |
| ৮.বনিক বার্তা | ৮. Financial Express |
| ৯.সমকাল | ৯. Independent |
| ১০.বাংলাদেশ প্রতিদিন | ১০. News Nation |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **প্রথম আলো** | শুক্রবার | ৭ ডিসেম্বর | অন্য আলো (ট্যাবলয়েড আকার)<br><br>মুক্তিযুদ্ধের ছবি, নারী, একগুচ্ছ কবিতা, আনোয়ার হোসেন এর উপর বিশেষ প্রবন্ধসমূহ | অতিরিক্ত পৃষ্ঠা ২১, ২৮ |
| | শনিবার | ৮ ডিসেম্বর | ছুটির দিনে(ট্যাবলয়েড আকার)<br><br>ভ্রমণ, রাশিফল | অতিরিক্ত পৃষ্ঠা ২১, ২৮ |
| | রবিবার | ৯ ডিসেম্বর | স্বপ্ন নিয়ে, শিক্ষা (ট্যাবলয়েড আকার) | ২৮ |
| | সোমবার | ১০ ডিসেম্বর | --------------------------------- | ________ |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | ১৬ পৃষ্ঠার নকশা,<br>পোশাক, খাবার, ফ্যাশন, জীবনধারা | ৩৬ |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অধুনা, জীবনধারা, উপদেশমূলক, জীবন নিয়ে কথা, সমসাময়িক সামাজিক সমস্যা | ২৮ |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | আনন্দ, বিনোদন, চলচ্চিত্র | ২৮ |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **কালের কণ্ঠ** | শুক্রবার | ৭ ডিসেম্বর | শিলালিপি<br>কবিতা, বন্ধুত্বের জন্য সমতা চাই, গল্প, ধারাবাহিক উপন্যাস, ভুতুমের পাঠশালা, টুনটুনি, টিনটিন, পশুপাখিদের পরিচিতি, সেলিব্রেটিদের সাক্ষাৎকার | ২০ পৃষ্ঠার মূল পত্রিকাসহ ৪ পৃষ্ঠার ফিচার |

| | | | | |
|---|---|---|---|---|
| | শনিবার | ৮ ডিসেম্বর | অবসরে, ইতিহাস, নারী উদ্যোক্তা, বিদ্যানন্দ, শিশুবন্ধ, খেলাঘর, স্কুলের অর্জন, প্রবাসী বাঙালি, গ্রাম্য ব্যক্তি পুরুষ/নারী | মূল পত্রিকার ২০ পৃষ্ঠা সাথে ৮ পৃষ্ঠার ট্যাবলয়েড |
| | রবিবার | ৯ ডিসেম্বর | প্রথমেই বিশেষ পৃষ্ঠা, দলছুট- ১৬ পৃষ্ঠার, ম্যাগাজিন- উপন্যাস,চলচ্চিত্রের গল্প, কমিকস, ফটোফিচার, ব্যক্তিত্ব সাক্ষাৎকার | |
| | সোমবার | ১০ ডিসেম্বর | লাইফস্টাইল, জীবনধারা | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা সাথে ১৬ পৃষ্ঠার লাইফস্টাইল |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | ঘোড়ার ডিম, পাঁচমিশালী, প্রচারণার উপহাস, ব্যাঙ্গাত্মক কাহিনী, অফলাইন (ব্যঙ্গাত্মক), কথার কথা | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা সাথে ৮ পৃষ্ঠা অতিরিক্ত |
| | বুধবার | ১২ ডিসেম্বর | ক্যাম্পাস ও চাকরি | মূল পত্রিকা ২০ সাথে ফিচার ৪ পাতা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | রঙের মেলা, তারকা, জাতীয় ও আন্তর্জাতিক | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা সাথে ফিচার ৪ পাতা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **ইত্তেফাক** | শুক্রবার | ৭ ডিসেম্বর | সাময়িকী- ইত্তেফাক, কার্জন হল নিয়ে ফিচার, নির্বাচনে মনোনয়নের পর | ২০ পৃষ্ঠার মূল পত্রিকার সাথে ৪ পৃষ্ঠা অতিরিক্ত |
| | শনিবার | ৮ ডিসেম্বর | ভিন্নচোখ, প্রতিবন্ধকতাকে জয়, পথের খাবার, পর্যটন | ২৮ পৃষ্ঠার মূল পত্রিকার সাথে ৮ পৃষ্ঠার ট্যাবলয়েড |
| | রবিবার | ৯ ডিসেম্বর | ঠাট্টা- ব্যঙ্গের মধ্য দিয়ে সত্য প্রকাশ, দুর্নীতি বিরোধী ক্যাচাল,সিম্বলিক, চিহ্নতত্ত্ব, নির্বাচনী রঙ্গ | ২৮ পৃষ্ঠার মূল পত্রিকার সাথে ৮ পৃষ্ঠার ট্যাবলয়েড |
| | সোমবার | ১০ ডিসেম্বর | বিশ্ব-প্রবাহ, প্রজন্ম, মহিলা অঙ্গন, নারীদের খবরাখবর | ২০ পৃষ্ঠার মূল পত্রিকার সাথে ১২ পৃষ্ঠার ট্যাবলয়েড |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | কড়চা, ফ্যাশন, সংস্কৃতি, ঋতু, খাবার | ২০ পৃষ্ঠার মূল পত্রিকার সাথে ৮ পৃষ্ঠার ট্যাবলয়েড |

| | | | | |
|---|---|---|---|---|
| | বুধবার | ১২ ডিসেম্বর | পথিকৃৎ, তরুণ কণ্ঠ, ক্যারিয়ার, ক্যাম্পাস, বড় ফিচার ব্যক্তিকেন্দ্রিক | ২০ পৃষ্ঠার মূল পত্রিকার সাথে ৪ পৃষ্ঠা অতিরিক্ত |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | আনন্দ বিনোদন, ৪ পৃষ্ঠার সাংস্কৃতিক অঙ্গন নিয়ে লেখা | ২০ পৃষ্ঠার মূল পত্রিকার সাথে ৪ পৃষ্ঠা অতিরিক্ত |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **যুগান্তর** | শুক্রবার | ৭ ডিসেম্বর | পৃষ্ঠা-৮ বিশেষ পাতা হিসেবে রাখা হয়েছে, সংস্কৃতি নিয়ে বেশি লেখা হয়েছে | মূল কাগজ ২০ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | পৃষ্ঠা- ১৫ বিশেষ পাতা হিসেবে রাখা হয়েছে, আনন্দ নগর, রাজনীতি নিয়ে বিশেষ লেখা প্রকাশ করা হয়েছে | মূল কাগজ ২০ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | পৃষ্ঠা- ৯ বিশেষ পাতা হিসেবে রাখা হয়েছে বিচ্ছু, আনন্দনগর, ২০ বছর অভিনয়, দুর্নীতিবাজ, ব্যঙ্গাত্মকভাবে সমসাময়িক সমাজব্যবস্থাকে তুলে ধরা হয়েছে। | মূল কাগজ ২০ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | পৃষ্ঠা- ৯ বিশেষ পাতা হিসেবে রাখা হয়েছে- আনন্দনগর, ভালো কাজের মাধ্যমে বেঁচে থাকতে চাই | মূল কাগজ ২০ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | ঘরে বাইরে, আনন্দনগর-পৃষ্ঠা- ৯, দেবী থেকে ফুড়ুৎ, ফ্যাশন (পার্টিতে ফিটফাট), মনপুরা, অতিথি পাখির চোখে, ঋতু নিয়ে লেখা, | মূল কাগজ ২০ পৃষ্ঠা সাথে ১৬ পৃষ্ঠার ট্যাবলয়েড |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অনন্দনগর- পৃষ্ঠা- ৮, এক বছর পর বিজ্ঞাপনে | মূল কাগজ ২০ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | তারা ঝিলমিল, বিশ্ব পেল এক নতুন সুন্দরী | মূল কাগজ ২০ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **সংবাদ** | শুক্রবার-বৃহস্পতিবার | ৭ডিসেম্বর-১৩ডিসেম্বর | ----------------- | মূল পৃষ্ঠা ১৬ |
| | **পত্রিকাটি কোন বিশেষ পাতা/অতিরিক্ত পৃষ্ঠা প্রকাশ করে নি।** | | | |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **জনকণ্ঠ** | শুক্রবার | ৭ ডিসেম্বর | সাময়িকী- সাহিত্য, প্রকৃতি ও বিজ্ঞান অপরাজিতা,ফ্যাশন | মূল পৃষ্ঠা-১৬ বিশেষ পাতা-৮ |
| | শনিবার-বৃহস্পতিবার | ৮ডিসেম্বর-১৩ডিসেম্বর | --------------------------------- | মূল পাতা-২০ |
| | শুক্রবার ব্যতীতপত্রিকাটি অন্য কোনাদিন মূল পৃষ্ঠার সাথে আর কোন বিশেষ পাতা /অতিরিক্ত পৃষ্ঠা প্রকাশ করেনি। | | | |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্ব |
|---|---|---|---|---|
| **বণিক বার্তা** | শুক্রবার | ৭ ডিসেম্বর | সিল্করথট- উপন্যাস, ফ্রিগেট, ডয়েচল্যান্ড (১৮৪৮), মেড ইন চিটাগাং, একটি ব্যবসায়িক জাহাজ নির্মাণের গল্প, প্রিসিলা কথা, সিডার কান্ট্রি প্রকল্প পরিচালকের মেয়ে হাবিবার স্মৃতিকথা ও আমাদের প্রেম | মূল পৃষ্ঠা ১৬ অতিরিক্ত পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পৃষ্ঠা ১৬ |
| | রবিবার | ৯ ডিসেম্বর | সংকেত- ব্যবসায়িক | মূল পৃষ্ঠা ১৬ অতিরিক্ত পৃষ্ঠা ৪ |
| | সোমবার | ১০ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পৃষ্ঠা ১৬ |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | বদ্বীপ- রপ্তানি, আমদানি, ফলন, কৃষি ব্যবস্থা, ফলন কোথায় কিভাবে হচ্ছে, কৃষি শিক্ষা সেন্টার | মূল পৃষ্ঠা ১৬ |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পৃষ্ঠা ১৬ |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পৃষ্ঠা ১৬ |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **সমকাল** | শুক্রবার | ৭ ডিসেম্বর | কালের খেয়া- সাহিত্য ম্যাগাজিন | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৩২ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | চারমাত্রা-ভিনদেশী আলোকচিত্রীদের ছবি | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৮ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | আলোর পথযাত্রা | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৪ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ | প্যাচাল | মূল পৃষ্ঠা ২০, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডিসেম্বর | | অতিরিক্ত ৮ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | ঘাসফড়িং- শিশু কিশোর | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৪ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | শৈলী- জীবনযাপন বিষয়ের ট্যাবলয়েড | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ১৬ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | নন্দন | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৪ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **বাংলাদেশ প্রতিদিন** | শুক্রবার- বৃহস্পতিবার | ৭ডিসেম্বর- ১৩ডিসেম্বর | ------------------ | মূল পৃষ্ঠা ১২ টি |
| | পত্রিকাটি কোন বিশেষ পাতা/অতিরিক্ত পৃষ্ঠা প্রকাশ করে নি। তবে ৮ ডিসেম্বর শোবিজ নামে একটি পাতা আছে। | | | |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **আমাদের সময়** | শুক্রবার | ৭ ডিসেম্বর | কালের খেয়া- সাহিত্য ম্যাগাজিন | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৩২ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | চারমাত্রা-ভিনদেশী আলোকচিত্রীদের ছবি | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৮ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | আলোর পথযাত্রা | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৪ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | প্যাচাল | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৮ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | ঘাসফড়িং- শিশু কিশোর | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৪ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | শৈলী- জীবনযাপন বিষয়ের ট্যাবলয়েড | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ১৬ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | নন্দন | মূল পৃষ্ঠা ২০, অতিরিক্ত ৪ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **Dhaka Tribune** | শুক্রবার | ৭ ডিসেম্বর | Weekend Tribune News and Feature | মূল পত্রিকা ২৪ পৃষ্ঠা, অতিরিক্ত ৮ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | Arts and Literatre | মূল পত্রিকা ২৪ পৃষ্ঠা, অতিরিক্ত ২৪ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | International Business | মূল পত্রিকা ২৪ পৃষ্ঠা, অতিরিক্ত ৮ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | Business Tribune | মূল পত্রিকা ২৪ পৃষ্ঠা, অতিরিক্ত ৮ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | Business Tribune | মূল পত্রিকা ২৪ পৃষ্ঠা, অতিরিক্ত ৮ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | National Emergency 999 Supplementary& Business Tribune | মূল পত্রিকা ২৪ পৃষ্ঠা, অতিরিক্ত ৮ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | Business Tribune | মূল পত্রিকা ২৪ পৃষ্ঠা, অতিরিক্ত ৮ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **News Today** | শুক্রবার | ৭ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| New Nation | শুক্রবার | ৭ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| Bangladesh Today | শুক্রবার | ৭ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| The Daily Star | শুক্রবার | ৭ ডিসেম্বর | Star Weekend<br>Star Business | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা<br>অতিরিক্ত ২৪ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | Showbiz (12)<br>Star Business | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা<br>অতিরিক্ত ১২ পৃষ্ঠা |

| | | | | |
|---|---|---|---|---|
| | রবিবার | ৯ ডিসেম্বর | Star Business (4 page) | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা<br>অতিরিক্ত ৪ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | Star Business (4 page) | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা<br>অতিরিক্ত ৪ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | Star Life Style(20 page)<br>Star Business (4 page) | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা<br>অতিরিক্ত ২৪ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | Star Business | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা<br>অতিরিক্ত ৪ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | Shout – page-8<br>(culture,food,psychology)<br>Star Business(page-4) | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা<br>অতিরিক্ত ১২ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **Finacial Express** | শুক্রবার | ৭ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **The Daily Sun** | শুক্রবার | ৭ ডিসেম্বর | Interview-8<br>Photo feature-10-11<br>Focus Bangladesh<br>Around the City(page-10-11)<br>Special feature (4-5) | মূল পত্রিকা ১৮ পৃষ্ঠা<br>অতিরিক্ত ১৬ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **Asian Age** | শুক্রবার | ৭ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ২০ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **Observer** | শুক্রবার | ৭ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | Weeken Observer<br>Life creator<br>Life & Style<br>Women's Own<br>Book Review | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |

| পত্রিকার নাম | বার | তারিখ | বিশেষ সংখ্যা | পৃষ্ঠা/পাতা নম্বর |
|---|---|---|---|---|
| **Independent** | শুক্রবার | ৭ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | শনিবার | ৮ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | রবিবার | ৯ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | সোমবার | ১০ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | মঙ্গলবার | ১১ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বুধবার | ১২ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |
| | বৃহস্পতিবার | ১৩ ডিসেম্বর | অতিরিক্ত পৃষ্ঠা নাই | মূল পত্রিকা ১৬ পৃষ্ঠা |

## ১.১২ জাতীয় পত্রিকার বিশেষ পাতাঃ পরিকল্পনা -বাস্তবায়নঃ বিশ্লেষণ

### ক. অনির্বাণ পত্রিকার বিশেষ পাতাঃ পরিকল্পনা -বাস্তবায়ন - বিশ্লেষণঃ

ফলাফল বিশ্লেষণ করার সময় আমি বাংলাদেশের ২০টি জাতীয় পত্রিকায় প্রকাশিত বিশেষ পাতা বিষয়ে আলোচনা করেছি। এর কারণও ব্যাখ্যা করা হয়েছে। গবেষণা চলাকালীন তথ্য অনুসন্ধান করার সময় পাঠক এবং বিষেজ্ঞদের মতামত বিশ্লেষণ করে গবেষক হিসেবে আমিকাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ' পত্রিকায় এমন কিছু বিশেষ পাতা প্রণয়নের পরিকল্পনা নকশা করেছি যা বাংলাদেশের সংবাদ পাঠক এবং পত্রিকা মালিকদের নিম্নোক্ত চাহিদা পূরণে সহায়ক হবে-

ক. পাঠকের চাহিদা পূরণ করা যাবে;
খ. পাঠককে সচেতন করা যাবে;
গ. পত্রিকার প্রতি পাঠকের মনোযোগ বৃদ্ধি পাবে;
ঘ. প্রতিযোগিতায় এগিয়ে যেতে পারবে।

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে নিম্নোক্ত তিনটি আলোচনার ক্ষেত্র চিহ্নিত করা হয়েছে। যথাঃ

১. বিশেষ পাতা প্রণয়ন পরিকল্পনা নকশা;
২. বিশেষ পাতা বাস্তবায়ন পর্যায় নকশা;
৩. বিশেষ পাতার যথার্থতা বিশ্লেষণ পর্যায় নকশা।

- **প্রথমতঃ বিশেষ পাতা প্রণয়ন পরিকল্পনা নকশাঃ**

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ'পত্রিকায় বিশেষ পাতা প্রণয়নের পরিকল্পনা নকশায় যে বিষয়গুলো নির্ধারণ করা প্রয়োজন তা হলো-

ক. ১৪ টি বিশেষ পাতার বিষয় নির্ধারণ করা এবং এগুলো প্রণয়নের প্রাসঙ্গিকতা যাচাই করা হয়েছে।

খ. কোন পাতা কবে প্রকাশিত হবে সেই বিষয়টিও এখানে উল্লেখ করা হয়েছে।

গ. কোন পাতা কতদিন বা কতমাস ধরে প্রকাশিত হবে এই বিষয়টি আলোচনা করা হয়েছে।

ঘ. পাতার সংখ্যাও উল্লেখ করা হয়েছে।

ঙ. বিশেষ পাতার নামকরণের যথার্থতা আলোচনা করা হয়েছে।

চ. বিশেষ পাতার বিষয়বস্তুকোন ধরনের তথা এটা কি বিনোদন ধর্মী, তথ্য নির্ভর সেটাও উল্লেখ করা হয়েছে।
ছ. বিশেষ পাতাটির উদ্দেশ্যও এখানে উল্লেখ করা হয়েছে।

- **দ্বিতীয়তঃ বিশেষ পাতা বাস্তবায়ন পর্যায় নকশাঃ**

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ'পত্রিকায় বিশেষ পাতা প্রণয়নের পরিকল্পনা নকশায় যে পদক্ষেপ গ্রহণ করবো তা হলো-

ক. বিশেষ পাতাটি যে উদ্দেশ্যে তৈরী করা হয়েছিলো তা পূরণ হয়েছে কিনা তা যাচাই করা।

খ. পাঠক জরিপের মাধ্যমে পাতার সার্বিক দিক পর্যলোচনা করার ব্যবস্থা থাকবে ।

- তৃতীয়তঃ বিশেষ পাতা প্রণয়নের যথার্থতা বিশ্লেষণ পর্যায় নকশাঃ

  ক. ১৪ টি বিশেষ পাতা কেন নির্বাচন করা হলো তার ব্যাখ্যা এখানে দেয়া হয়েছে। অন্য পাতা কেনো আনা হলো না তারও ব্যাখ্যা আছে।

  খ. বিশেষ পাতা যে বিষয়গুলো বিবেচনায় রেখে প্রকাশ করা হবে তার প্রত্যেকটি বিষয় ব্যাখ্যা করা হয়েছে।

  গ. ভবিষ্যৎ দিক নির্দেশনাও প্রদান করা হয়েছে।

এক্ষেত্রে সংবাদ সূচনার সেই ষড়-ক সূত্রের মাধ্যমে ব্যাখ্যা বিশ্লেষণ করা হয়েছে। এখানে নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করা হয়েছে-

ক. 'কি'- বিশেষ পাতার বিষয়বস্তু কি এই বিষয়ে আলোচনা করা হয়েছে।

খ. 'কেন'- বিশেষ পাতাটি কেন প্রকাশ করা হচ্ছে এই বিষয়ে ব্যাখ্যা করা হয়েছে।

গ. 'কখন'- কোন দিন কোন বিশেষ পাতাটি প্রকাশিত হবে তার আলোচনা করা হয়েছে।

ঘ. 'কিভাবে'- বিশেষপাতার বিষয়বস্তু কিভাবে অর্থাৎ গল্প, প্রতিবেদন নাকি আলোচনার মাধ্যমে উপস্থাপন করা হবে তার ব্যাখ্যা করা হয়েছে।

ঙ. 'কোথায়'- বিশেষ পাতার বিষয়বস্তুর উৎস, ঘটনার উৎস কোথা থেকে দেয়া হবে তার ব্যাখ্যাকরা হয়েছে।

চ. 'কে'- বিশেষ পাতার বিষয়বস্তু কারা– এই বিষয়ে এখানে আলোচনা করা হয়েছে।

## খ. অনির্বাণ পত্রিকার বিশেষ পাতার বিষয়বস্তুঃ নামকরণ এবং যথার্থতা বিশ্লেষণ ও পরিকল্পনা নকশাঃ

ক. প্রথমতঃ বিশেষ পাতার বিষয়বস্তু এবং নামকরণঃ

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ' পত্রিকায় বিশেষ পাতা প্রণয়নের পরিকল্পনা নকশায় প্রথমেই ১৪টি পাতার বিষয়বস্তু এবং নামকরণ উপস্থাপন করা হলোঃ

| পত্রিকার নাম | বিশেষ পাতার বিষয়বস্তু | প্রকাশিত পাতার নাম |
|---|---|---|
| অনির্বাণ | ১. আমাদের সমাজে এমন অনেক মানুষ আছে যাদের আমরা পাগল বলি। কিন্তু তারা প্রতিবন্ধী, এই বিষয়টি সম্পর্কে আমাদের পাঠক জানেনা। আমার বিশেষ পাতার বিষয়বস্তু ''প্রতিবন্ধী মানুষ''। | ''জীবন জয়ী হবেই'' |
| | ২. পাহাড়ি মানুষদের আমরা আলাদা ভাবতে চাইনা। চাইআন্তঃসংস্কৃতি। চাই তাদের অধিকার প্রতিষ্ঠা করতে। আমার বিশেষ পাতার বিষয়বস্তু ''আদিবাসী''। | ''পাহাড়ের কথা বলা'' অথবা ''পাহাড়ের তান'' |
| | ৩. শিশুকিশোরদের পাতাও আমার বিশেষ পাতার বিষয়বস্তু। | ''রঙধনু'' |

| | | |
|---|---|---|
| | ৪. নারীর উন্নয়ন, সাফল্য, কষ্ট প্রতিরোধ নিয়ে থাকবে "নারী পাতা" । | "আমাদের পথচলা"/ "জীবন থেকে নেয়া" । |
| | ৫. বিজ্ঞানের বিভিন্ন আবিষ্কার । কম্পিউটার, টেলিযোগাযোগ তথা নানা ধরণের তথ্যভিত্তিক পাতা "বিজ্ঞান ও প্রযুক্তি" । | "যান্ত্রিক গোলযোগ"/"ডিজিটাল বিশ্ব" |
| | ৬. সারাদেশের সম্পদ, ঐতিহ্য, স্থান এর বর্ণনা ভিত্তিক পাতা যার মূল বিষয়বস্তু পর্যটন শিল্প ভিত্তিক । | "পর্যটন শিল্প" |
| | ৭. সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকান্ডের তুলনামূলক বিশেষ পাতা "মন্ত্রণালয় পাতা" । | "মন্ত্রী পাড়া" |
| | ৮. গণমাধ্যম গুলোকে নিয়ে তুলনামূলক আলোচনা ভিত্তিক পাতা । যার বিষয়বস্তু জাতীয়-আন্তর্জাতিক মিডিয়া ভাবনা । | "গণমাধ্যম"/ "যোগাযোগ" |
| | ৯. স্বাস্থ্য সম্পর্কিত পাতা এখানে যুক্ত করা হবে । | "স্বাস্থ্য ভাবনা" |
| | ১০. আমাদের স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, শিক্ষাব্যবস্থা, তাদের সার্বিক দিক এবং সুযোগ সুবিধা ভিত্তিক বিশেষ পাতা । | "ছুটির ঘন্টা" |
| | ১১. দেশের বিভিন্ন ক্ষেত্রের উন্নয়ন, সফলতা ভিত্তিক পাতা । যার বিষয়বস্তু জাতীয়-আন্তর্জাতিক উন্নয়ন । | "যাদুর পেন্সিল"/ "আলাদিনের চেরাগ" |
| | ১২. বিভিন্ন ধর্ম এবং আইন বিষয়ক নানা তথ্য এবং সেই সাথে মামলার রায় বিষয়ক বিশেষ পাতা । | "ধর্ম-জীবন" |
| | ১৩. সাহিত্য বিষয়ক সাময়িকীও বিশেষ পাতার অর্ন্তভুক্ত | "সাহিত্য-সাময়িকী" |
| | ১৪. পাঠকদের অংশগ্রহণ ভিত্তিক বিশেষ পাতা পাঠক ফোরাম হতে পারে । | "মিথস্ক্রিয়া" |

**খ. দ্বিতীয়তঃ বিশেষ পাতার বিষয়বস্তুর যথার্থতা যাচাই :**

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ' পত্রিকায় যে ১৪ টি বিষয়ে বিশেষ পাতা প্রণয়ন করা হবে তার কিছু কারণ নিম্নে আলোচনা করা হলোঃ

**১. প্রতিবন্ধী মানুষ- জীবন জয়ী হবেই:**

ক. আমরা অনেকেই প্রতিবন্ধী মানুষ সম্পর্কে জানি না । তাদের জীবন আচরণ এবং সমস্যা পাঠককে জানাবার উদ্দেশ্যেই আমাদের এই উদ্যোগ ।

খ. প্রতিবন্ধী মানুষদের প্রতি সমাজকে সাহায্যের হাত প্রসারিত করা এবং সচেতন করাও এর অন্যতম উদ্দেশ্য ।

গ. প্রতিবন্ধী মানুষদের সরকারী-বেসরকারী বিভিন্ন স্কুল বাংলাদেশে আছে। সেই স্কুলের শিক্ষার্থীদের বিভিন্ন অর্জন, সংস্কৃতি, শিক্ষাব্যবস্থা সম্পর্কে জানানোও এই পাতা প্রণয়নের কারণ।

ঘ. প্রতিবন্ধী মানুষের প্রতি সরকারের অনুকূল সাহায্য পাবার জন্য এই পাতা প্রণয়ন করা হবে।

২. **আদিবাসী পাহাড়ী মানুষ - পাহাড়ের কথা বলা/পাহাড়ের তানঃ**

ক. আমরা অনেকে পাহাড়ে বসবাসকারী জনগণের সংস্কৃতি জানি না। পাঠককে জানানো এবং তাদের সংস্কৃতির সাথে সবাইকে পরিচিত করার জন্য এই পাতা প্রকাশ করা হবে।

খ. পাহাড়ি জনগণের অবহেলিত জীবনের সমস্যা দূর করে তাদের অংশ গ্রহণ বাড়ানোর জন্য এই পাতা জরুরি।

৩. **শিশু-কিশোরদের পাতা- রংধনুঃ**

ক. শিশুদের মানসিক ও শারীরিক বিকাশ সাধনার জন্য এই রংধনু পাতাটির আর্বিভাব ঘটবে। শুধুমাত্র ফিচার নির্ভর এবং চোখকাড়া ছবি দিয়ে নয়, লেখার বৈচিত্র্য আনয়নের মাধ্যমে শিশুদের বুদ্ধিবৃত্তিক স্তরকে মজবুত করা হবে।

খ. শিশুদের লেখা প্রকাশ করা হবে এই পাতায়, তাদের সরাসরি অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে তাদের আগ্রহ এবং লেখার হাত তৈরী করতে হবে। ভবিষ্যৎ লেখক তৈরীর জন্য শিশুদের পাতায় শিশুদের লেখাকে প্রাধান্য দিতে হবে ।

গ. এখানে শিশুশ্রম,স্বাস্থ্য, পুষ্টি, শিশু উন্নয়ন বিষয়ক নানা ধরনের প্রতিবেদন প্রকাশ করা হবে তাদের প্রতি অন্যদের দায়িত্ব বৃদ্ধি করার জন্য। একই সাথে শিশুদের প্রতি দায়িত্ববোধ ও সচেতনতা সৃষ্টি করার ক্ষেত্রে এই পাতা অগ্রণী ভূমিকা পালন করবে।

৪. **নারী বিষয়ক পাতা-আমাদের পথচলা /জীবন থেকে নেয়াঃ**

ক. নারীদের সমস্যা এখনো শেষ হয়নি বলে এই পাতার প্রয়োজন রয়েছে। তাদের দাবী এবং অধিকার আদায়ের জন্য একটি নির্দিষ্ট পাতা আবশ্যক। দেশের বিভিন্ন স্তরের নারীদের সাফল্য, উন্নয়ন, কষ্ট জানাতে হবে পুরুষতান্ত্রিক সমাজকে। সচেতনা সৃষ্টির জন্য এই পাতা জরুরি।

খ. এ পাতাতে নারীদের লেখা প্রকাশ করা হবে। নারী লেখক তৈরী করাও এই পাতার অন্যতম উদ্দেশ্য।

গ. নারীদের বিভিন্ন সমস্যা এখানে আলোচিত হবে সমাজকে সচেতন করবার জন্য।

৫. **বিজ্ঞান ও প্রযুক্তি পাতা- যান্ত্রিক গোলযোগ/ ডিজিটাল বিশ্বঃ**

ক. বিজ্ঞানের বিভিন্ন অগ্রগতি প্রকাশের মাধ্যমে জনগণকে তথ্য সমৃদ্ধ করার জন্য এ পাতার আবশ্যকতা অনস্বীকার্য।

খ. বিজ্ঞানের বিভিন্ন আবিষ্কার সম্বন্ধে এ প্রজন্মকে জানাবার মাধ্যমে তাদের মেধাকে আরো শাণিত করার উদ্যোগ নেয়া হবে এই বিশেষ পাতার মাধ্যমে।

গ. তথ্যের মহাসমুদ্রে যেন আমাদের দেশ পিছিয়ে না যায় তার জন্য বিভিন্ন ক্ষেত্রে তথ্য সম্বলিত বৈজ্ঞানিক অগ্রগতি প্রকাশ আবশ্যক।

**৬. পর্যটন শিল্প ভিত্তিক পাতা - পর্যটন শিল্প:**

ক. আমাদের দেশের এমন অনেক সম্পদ আছে যেগুলোর তথ্য পত্রিকায় উপস্থাপনের মাধ্যমে বিনিয়োগ ক্ষেত্র বৃদ্ধি পাবে। এই বিষয়টি প্রচার করার জন্যই এই পাতা প্রকাশ আবশ্যক।

খ. দেশের ঐতিহ্য, সম্পদ বিষয়ক তথ্য পাঠককে জানানো এই পাতার অন্যতম উদ্দেশ্যে। এর মাধ্যমে দেশের সম্পদ সংরক্ষণে সমাজ ও সরকার উদ্বুদ্ধ হবে।

গ. যে সব মানুষ ভ্রমণ করতে ভালোবাসেন তাদের বিভিন্ন স্থান এবং সেই স্থানের সুযোগ-সুবিধা জানানোও এই পাতার উদ্দেশ্যে।

ঘ. দেশের বিভিন্ন স্থানের সমস্যা চিহ্নিত করে কিভাবে তাকে সম্পদে পরিণত করা যায় সেই বিষয়ক প্রতিবেদন রচনা করাও এই পাতার উদ্দেশ্য।

**৭. মন্ত্রণালয় বিষয়ক পাতা - মন্ত্রীপাড়া:**

ক. আমাদের দেশের জনগণের সাথে সরকারের অনেক দূরত্ব রয়েছে। আমরা জানিনা কিভাবে প্রশাসন কাজ করছে। প্রশাসনের গতি কিভাবে প্রব্যাহিত হয় তা জানানোর জন্য এ উদ্যোগ।

খ. সরকার জনগণের কাছে কোন বিষয়ে কথা বলতে চাননা। কিন্তু প্রশাসনের কর্মপ্রবাহ জানার অধিকার জনগণের আছে। এই বিষয়ে পাতা থাকলে সব মন্ত্রণালয় সতর্ক হয়ে কাজ করবে। কেননা তখন জনগণের কাছে সরাসরি জবাবদিহি করতে হবে।

গ. মন্ত্রণালয় সমূহ তাদের কাজে কতটুকু সচেতন এই বিষয়ে জানার জন্য এই পাতা সাহায্য করবে। মন্ত্রণালয়ের কর্ম ধারার সমস্যা এবং অবহেলা চিহ্নিত করার জন্য এই পদক্ষেপ জরুরি।

গ. প্রশাসনের জবাবদিহিতা নিশ্চিতকরণের ক্ষেত্রে এই পাতা সাহায্য করবে। এর মাধ্যমে মন্ত্রণালয়ের কর্ম পদ্ধতির সমস্যা চিহ্নিত করে সমাধানের পথ বের করা হবে। এর মাধ্যমে সরকারও প্রশাসন সব স্তরে উন্নয়ন ঘটাতে পারে।

ঙ. দেশের সার্বিক উন্নয়ন ঘটাতে চাইলে অবশ্যই মন্ত্রণালয়ের কাজ সঠিক এবং সুষ্ঠু হওয়া প্রয়োজন। এই কাজটি ঠিকমতো হচ্ছে কিনা তা বের করাই এই পাতার বৈশিষ্ট্য।

**৮. গণমাধ্যম বিষয়ক পাতা- গণমাধ্যম/দুর দর্শন/যোগাযোগ:**

ক. আমাদের দেশে প্রিন্ট মিডিয়া এবং ইলেক্ট্রনিক মিডিয়া হাউজে হাজারো ঘটনা ঘটে। মিডিয়া সমস্যা এবং উন্নয়নে এই পাতা সমালোচকের কাজ করবে।

খ. প্রত্যেকটি মিডিয়া সম্পর্কে জনগণের সুষ্ঠু তথ্য জানার সুযোগ হবে। ফলে প্রত্যেক মিডিয়া জবাবদিহিতার সম্মুখীন হবে। পরিবর্তনে পদক্ষেপ নেবে। জনগণের সাথে মিডিয়া গুলোর নতুন করে পরিচয় ঘটবে।

গ. সংবাদ কক্ষের ঘটনা সবার জানা উচিত। এক্ষেত্রে তুলনামূলক আলোচনার জন্য বাইরের দেশের মিডিয়ার খবরও জনগণকে জানানো হবে ।

**৯. স্বাস্থ্য বিষয়ক পাতা-স্বাস্থ্য ভাবনা:**

ক. প্রত্যেক স্তরের মানুষ অনেক ধরনের স্বাস্থ্য সমস্যায় থাকেন যাদের অনেকেই ভুল ধারণা পোষণ করেন। তাদের ধারণা পরিবর্তনের জন্য এই পাতা সহায়ক ভূমিকা রাখবে।

খ. বিভিন্ন দেশের সমন্বয়ে তথ্য উপস্থাপন করলে জনগণ তাদের স্বাস্থ্য বিষয়ে সচেতন হবে। ফলে অপমৃত্যুর সংখ্যা কমবে। সচেতনতা তৈরী করতে এ পাতা সহায়ক ভূমিকা পালন করবে।

১০. **স্কুল কলেজ-বিশ্ববিদ্যালয় পাতা - ছুটির ঘন্টা:**

ক. আমাদের শিক্ষা ব্যবস্থার পরিবর্তনে আমাদের শিক্ষা প্রতিষ্ঠানের সমস্যা চিহ্নিতকরণে এই পাতা সাহায্য করবে।

খ. শিক্ষা প্রতিষ্ঠানের সমস্যা চিহ্নিত করলে জনগণ ও সরকার সবাই সচেতন হবে এবং সমাধানের কথা ভাববে। কিছুক্ষণের জন্য হলেও পাঠক তার সন্তানদের ভবিষ্যৎ নিয়ে নতুন করে ভাববে।

গ. প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিজস্ব অভিজ্ঞতা, চাহিদা, আনন্দ বিষয়ক তথ্য জানা যাবে। এর মাধ্যমে সংবাদ পত্রের পাঠক সংখ্যা বৃদ্ধি পাবে। কেননা শুধু বিশ্ববিদ্যালয় নিয়ে পাতা না করে সার্বিক শিক্ষা প্রতিষ্ঠানকে সংযুক্ত করলে আমূল পরিবর্তন সম্ভব।

১১. **উন্নয়ন বার্তার পাতা - যাদুর পেন্সিল/আলাদিনের চেরাগ:**

ক. বিভিন্ন ক্ষেত্রের উন্নয়ন বার্তা প্রচার করলে জনগণের মনের মধ্যে উৎসাহ বাড়বে এবং এক অঞ্চলের প্রভাবে অন্যরাও পরিবর্তনের জন্য কাজে অনুপ্রেরণা পাবে।

খ. দেশের উন্নয়ন বার্তা বাইরের দেশেও পৌছাবে। ফলে দেশের সুনাম অক্ষুন্ন থাকবে এবং অন্যদের এদেশে বিনিয়োগ আগ্রহ সৃষ্টি হবে।

১২. **ধর্ম ও আইন বিষয়ক পাতা - ধর্ম-জীবন:**

ক. প্রত্যেক ধর্ম অন্যের ধর্ম বিষয়ে জানতে পারবে এবং সকলে অন্যের প্রতি সম্মান বোধ প্রদর্শনে উদ্ধুদ্ধ হবে এবং অন্যের অধিকারের প্রতি সচেতন হবে।

খ. এছাড়া বিভিন্ন ধর্মের আইন সম্বন্ধে মানুষের ধারণাগুলো স্বচ্ছহবে। ভুল ধারণা গুলো দূর হবে। ধর্মের নামে নারীর প্রতি যে প্রতিবন্ধকতা তৈরী করা হয় তা দূর করা সম্ভব।

গ.এই পাতায় আইনেরমাধ্যমে বিভিন্ন সময়ের মামলার রায় আলোচনা করা হবে। এক্ষেত্রে বিচার বিভাগ আরো বেশি সচেতন হয়ে উঠবে।

১৩. **সাহিত্য-সাময়িকী বিষয়ক পাতা - সাহিত্য -সাময়িকী:**

ক. পাঠকের বিনোদনের জন্য এই পাতা আবশ্যক। মানুষের ক্লান্তি দূর করার জন্যও এই পাতা সহায়ক ভূমিকা পালন করবে।

খ. পাঠকের ইতিবাচক মানসিকতা বিকাশের ক্ষেত্রে পাতাটি সহায়ক ভূমিকা পালন করবে।

গ. এছাড়া এই পাতার মাধ্যমে অনেক অচেনা ব্যক্তি সাহিত্য জগতে প্রবেশের সুযোগ পাবে। তাদের সাথে থাকবে বিখ্যাত ব্যক্তিত্বের লেখা। দু'য়ের সমন্বয়ে তারা যেকোন বিষয়ে সমাজ ও সরকারকে সচেতন যেমন করতে পারবে, তেমনি বিভিন্ন সমস্যা নিয়ে সতর্কও করতে পারবে।

ঘ বিখ্যাত ব্যক্তিদের লেখনীর মাধ্যমে পাঠক নানা দিকের তথ্য জানবে এবং নিজেদের ভাবনাকে আরো মজবুত করতে পারবে। নতুন নতুন সাহিত্যিক এর আগমন ঘটবে এবং সম্পদ বাড়বে।

**১৪. পাঠকদের অংশগ্রহণ ভিত্তিক পাতা - মিথস্ক্রিয়াঃ**

ক. পাঠকের আগ্রহ এবং পছন্দ জানবার জন্য এই পাতা আবশ্যক। তাদের কোন বিষয়ে সচেতন করতে চাইলে এই পাতার মাধ্যমে আমরা জানতে পারবো তাদের সচেতনতার মাত্রা।

খ. পাঠকের অংশগ্রহণ নিশ্চিত করা গেলে পাঠক সংখ্যা বাড়বে, মিডিয়ার চরিত্র পরিবর্তনে এই পদক্ষেপ জরুরি।

**গ. তৃতীয়ত - বিশেষ পাতার আধেয় ও কাঠামোঃ**

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ' পত্রিকায় বিশেষ পাতা প্রণয়নের পরিকল্পনা নকশায় যে ১৪ টি বিশেষ পাতা নির্বাচন করা হয়েছে সেই পাতাগুলোর আধেয়, কাঠামো এবং উপাদানের স্বরূপতা উপস্থাপন করা হলোঃ

## ১. বিশেষ পাতা-জীবন জয়ী হবেইঃ

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ১.জীবন জয়ী হবেই | প্রতিবন্ধী মানুষ | ক. প্রতিবন্ধী মানুষদের সমস্যা বিষয়ক প্রতিবেদন। জনগ আচরণ কি হওয়া উচিত এই বিষয়ক সচেতনতামূলক রচনা। |
| | | খ প্রতিবন্ধকতা বিষয়ক স্কুল গুলোর পড়াশোনা ভিত্তিক ফিচা এক্ষেত্রে প্রতিবন্ধী শিশুদের অভিজ্ঞতা এবং অর্জন উপস্থাপন ক হবে। |
| | | গ. প্রতিবন্ধকতা কিভাবে সৃষ্টি হয় সেই বিষয়ক বিভিন্ন রি প্রকাশ করা হবে। |
| | | ঘ. প্রতিবন্ধী মানুষদের প্রতি বাইরের দেশগুলো কি ধর ব্যবস্থা গ্রহণ করেছে তার আলোচনা প্রকাশ করা হবে। |
| | | ঙ. প্রতিবন্ধী শিশুদের বিভিন্ন লেখা প্রকাশ করা হবে। তারা ছবি আঁকতে পারে সেইগুলো ছাপা হতে পারে। |
| | | চ. প্রতিবন্ধী শিশুদের জন্য সরকারী সেবা ব্যবস্থাগুলোর তথ্য প্রতিবেদন প্রকাশ করা হবে। |

## ২. বিশেষ পাতাঃ পাহাড়ের কথা বলা/পাহাড়ের তানঃ

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ২.পাহাড়ের কথা বলা/ পাহাড়ের তান | আদিবাসী পাহাড়ী মানুষ | ক. বিভিন্ন অঞ্চলের আদিবাসী মানুষদের জীবন-যাত্রা, সংস্কৃতি, আনন্দ, বেদনা, সমস্যার চিত্র উপস্থাপন। |
| | | খ. আদিবাসী মানুষদের সরাসরি অংশগ্রহণ বৃদ্ধির জন্য তাদের লেখা কিম্বা যে কোন বিষয়ে তৈরীকৃত প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | গ. সবার সাথে তাদের আন্তঃসম্পর্ক সৃষ্টির ক্ষেত্রে বিভিন্ন মহলের মতামত ভিত্তিক প্রতিবেদন প্রকাশ করা হবে। |

| | | |
|---|---|---|
| | | ঘ. আদিবাসী শিক্ষার্থীদের মধ্যে সাংবাদিকতা প্রসারের জন্য বিভিন্ন কর্মশালার ব্যবস্থা করে তার ফলাফল উপস্থাপন। |
| | | ঙ. সরকারকে সচেতন করবার জন্য আদিবাসী মানুষদের দাবী, সমস্যা তাদের কাছ থেকে জেনে তথ্য প্রকাশ করা হবে। |

### ৩. বিশেষ পাতা- রঙধনু:

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ৩. রঙধনু | শিশু-কিশোরদের পাতা | ক. শিশু অধিকার বিষয়ক প্রতিবেদন এই পাতাতে ছাপানো হবে। এছাড়া বিভিন্ন দেশের শিশু উন্নয়ন, শিশু শ্রম, স্বাস্থ্য বিষয়ক প্রতিবেদনও ছাপা হবে। |
| | | খ. শিশু-কিশোরদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য তাদের বিভিন্ন লেখা, কবিতা, অভিজ্ঞতার বর্ণনা বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | গ. বিভিন্ন আবিষ্কারের কাহিনী ছাপানো হবে শিশুদের মানসিক বিকাশ তরান্বিত করার জন্য। |
| | | ঘ. "সেক্স এবং জীবন" এই বিষয়ে এই পাতায় সুন্দর ভাষায় লেখা প্রকাশ করা হবে। যাতে করে ছোট বেলা থেকে সেক্স বিষয়ে শিশুদের ভুল ধারণা দূর করা যায়। এবং মানসিক ভাবে ইতিবাচক মনোভাব তৈরী করা যায়। |
| | | ঙ. শিশু কিশোরদের নিজেদের জীবন গড়ার ক্ষেত্রে বিভিন্ন ক্ষেত্রের বিখ্যাত ব্যক্তিদের জীবন কাহিনী প্রকাশ করা হবে। বিখ্যাত ব্যক্তিদের জীবন কথা দ্বারা প্রভাবিত হয়ে ছোট বেলা থেকে ক্যারিয়ার গঠনের স্বপ্ন সৃষ্টিই এই পাতার উদ্দেশ্য। |
| | | চ. বিভিন্ন কুইজ প্রতিযোগিতার ব্যবস্থা রাখা হবে শিশুদের ভাবনার স্তরকে শক্তিশালী করবার জন্য। |
| | | ছ. জ্ঞান-বিজ্ঞান, জানা-অজানা বিষয়, খবরাখবর, গল্প-ছড়া, প্রবন্ধ ফিচার ইত্যাদি উপস্থাপনের মাধ্যমে তাদের বিকাশ বহুমুখী করা হবে। |
| | | জ. শিশু-কিশোরদের নিজস্ব সমস্যা, চাহিদা তাদের অংশগ্রহণের মাধ্যমে চিহ্নিত কওে প্রকাশ করা হবে। বাবা-মায়ের অভিমত প্রকাশ করা হবে। |

৪. বিশেষ পাতা- আমাদের পথ চলা/জীবন থেকে নেয়াঃ

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ৪.আমাদের পথ চলা/জীবন থেকে নেয়া | নারী বিষয়ক পাতা | ক. দেশের সকল স্তরের নারীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য এই পাতায় একটি অংশই থাকবে তাদের মতামত, লেখা, সমস্যার দিক উন্মোচনের জন্য। যেখানে প্রতি অঞ্চলের নারীদের লেখার ভিত্তিতে প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | খ. এই পাতায় বিভিন্ন স্তরের নারীদের নির্যাতনের ঘটনা প্রকাশ করা হবে এবং সেই নির্যাতনের বিরুদ্ধে বিচার দাবী করা হবে। |
| | | গ.নির্যাতিত নারীদের সমাজে মাথা উঁচু করে চলবার শক্তি সঞ্চয়ের জন্য এই পাতায় তাদের সহায়ক বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ঘ. এই পাতায়সচেতনতা সৃষ্টির জন্য 'নিরাপদ মাতৃত্ব' বিষয়টিকে ধারাবাহিকভাবে প্রকাশ করা হবে। |
| | | ঙ. বিভিন্ন অঞ্চলের নারীদের বিভিন্ন সংগঠনের কর্মধারা ও উন্নয়ন ও সাফল্যের ঘটনা প্রকাশ করা হবে। |
| | | চ. নারীদের জন্য বিভিন্ন আইন ও সুযোগের অধিকার বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে সচেতনতা সৃষ্টির জন্য। |
| | | ছ. বিভিন্ন বয়সের নারীদের সমস্যা ও সমাধান বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |

৫. বিশেষ পাতা- যান্ত্রিক গোলযোগ/ডিজিটাল বিশ্বঃ

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ৬.যান্ত্রিক গোলযোগ/ডিজিটাল বিশ্ব | বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক পাতা | ক. বিভিন্ন বৈজ্ঞানিক আবিষ্কারের ঘটনা প্রকাশ করা হবে। |
| | | খ. নতুন প্রযুক্তির প্রভাব সংক্রান্ত মতামত ভিত্তিক প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | গ. বাংলাদেশের ক্ষেত্রে কিভাবে নতুন প্রযুক্তি উদ্ভাবন করা সম্ভব সেই বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ঘ. প্রযুক্তি ব্যবহার এবং তার নীতিমালা বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |

### ৬. বিশেষ পাতা-পর্যটন শিল্প:

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ৬. পর্যটন শিল্প | পর্যটন শিল্প ভিত্তিক পাতা | ক.পর্যটন শিল্প সৃষ্টির পরিবেশ তৈরী করার লক্ষ্যে বাংলাদেশের বিভিন্ন স্থানের বর্ণনা এবং সম্পদের বর্ণনা ভিত্তিক প্রতিবেদন প্রকাশ করা হবে । |
| | | খ. বাংলাদেশের ঐতিহ্য রক্ষায় পুরাতন বিষয় গুলোকে তুলে ধরা হবে। প্রত্নতত্ত্ব বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | গ. ভ্রমণকরাীদের সহায়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |

### ৭. বিশেষ পাতা- মন্ত্রীপাড়া পাড়া:

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ৭. মন্ত্রীপাড়া পাড়া | মন্ত্রণালয় বিষয়ক পাতা | ক. প্রত্যেকটি মন্ত্রণালয়ের কর্মকান্ডের পরিকল্পনা এবং তা বাস্তবায়নের সার্বিক দিকের প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | খ. মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী এবং সচিবদের মতামত এবং সমস্যাগ্রস্ত জনগণের মতামত ধর্মী প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | গ. মন্ত্রণালয়ের উন্নয়নের জন্য বিশেষজ্ঞদের মতামত ভিত্তিক প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ঘ. বিদেশী মন্ত্রণালয়ের কাজের ধারা এবং উন্নয়নের চিত্র তুলে ধরা হবে। |
| | | ঙ. মন্ত্রণালয়ের অব্যবস্থা নিয়ে সরকারের মতামত ভিত্তিক প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | চ. প্রশাসনের উন্নয়নের জন্য যে মন্ত্রণালয়ের সুষ্ঠু এবং স্বচ্ছ ভাবে এবং দ্রুত কাজ করা উচিত সেই বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ছ.মন্ত্রণালয়ের কাজের প্রতি গাফিলতি এবং দেরী করার কারণ অনুসন্ধান বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |

### ৮. বিশেষ পাতা- গণমাধ্যম/দূর দর্শন/যোগাযোগ:

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ৮.গণমাধ্যম/দূর দর্শন/যোগাযোগ | গণমাধ্যম বিষয়ক পাতা | ক. বাংলাদেশের বিভিন্ন সংবাদপত্র এবং টেলিভিশনের সমস্যা বিষয়ক প্রতিবেদন। এই সব সংস্থায় কর্মরত সাংবাদিকের পেশাগত উন্নয়নে বিভিন্ন পরামর্শমূলক প্রতিবেদন প্রকাশ করা হবে। |

| | | |
|---|---|---|
| | | খ. বিদেশী গণমাধ্যম ব্যবস্থার কর্ম পদ্ধতির তথ্য প্রতিবেদন প্রকাশ। তাদের সমস্যা এবং উন্নয়ন পদ্ধতি নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | গ. গণমাধ্যমেরপ্রতি জনগণের চাহিদা নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ঘ.বিভিন্ন দেশের নতুন গণমাধ্যম অবকাঠামো এবং তাদের পরিচালনা পর্ষদের প্রক্রিয়া নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ঙ.গণমাধ্যমের নীতিমালা এবং পরিচালনা ব্যবস্থা লঙ্ঘন হলে তার বিস্তারিত প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | চ.সাংবাদিকদের নির্যাতন এবং অপমৃত্যু বিষয়ক তথ্য প্রকাশের মাধ্যমে সচেতনতা এবং একতা সৃষ্টি করা। |
| | | ছ.গণমাধ্যমগুলোর বিভিন্ন অনুষ্ঠানের সমালোচনা এবং উন্নয়নের জন্য পরামর্শ বিষয়ক আলোচনা প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | জ. গণমাধ্যমের নিজস্ব সচেতনতামূলক পদক্ষেপ নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে। |

## ৯. বিশেষ পাতা- স্বাস্থ্য ভাবনাঃ

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ৯.স্বাস্থ্য ভাবনা | স্বাস্থ্য বিষয়ক পাতা | ক.স্বাস্থ্য কিভাবে ভালো রাখা যায় তার পরামর্শ, এক্ষেত্রে বিভিন্ন রোগের বিশেষজ্ঞ ডাক্তারদের মতামত ধর্মী আলোচনা প্রকাশ করা হবে। |
| | | খ. এই পাতায় 'মানসিক স্বাস্থ্য' বিষয় নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে। কেননা আমাদের সমাজে এমন অনেক মানুষ আছেন যারা নিজেরাও জানেনা তাদের বিভিন্ন মানসিক অসুখের কথা। এই বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য এই প্রচেষ্টা। |
| | | গ. বিভিন্ন স্বাস্থ্য বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে জনগণের ভুল ধারণা দূর করার জন্য। |
| | | **ঘ. বিভিন্ন বয়সের রোগের জন্য আলাদা আলাদা চিকিৎসা ব্যবস্থা এবং কোথায় চিকিৎসা সেবা গ্রহণ করলে ভাল হবে সেই বিষয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে।** |

১০. বিশেষ পাতা- ছুটির ঘন্টা:

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ১০. ছুটির ঘন্টা | স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় পাতা | ক. দেশের বিভিন্ন অঞ্চলের স্কুল কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিৰা ব্যবস্থা এবং তার উন্নয়নে কি ধরনের পদক্ষেপ গ্রহণ করা উচিত সেই বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | খ.বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অভিজ্ঞতা মিশ্রিত প্রতিবেদন প্রকাশ করা হবে। তাদের চাহিদা এবং সমস্যা বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | গ. সার্বিক শিৰা ব্যবস্থার সমস্যা দূরীকরণে সরকারের সচেতন ভূমিকা সৃষ্টির জন্য বিশেষজ্ঞদের মতামত ধর্মী প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ঘ. বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাংস্কৃতিক এবং সাফল্য গাঁথা প্রকাশ করা হবে অন্যদের স্পৃহা জাগানোর জন্য। |
| | | ঙ. মাঝে মাঝে বাইরের দেশের শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন দিক নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | চ. সকল স্তরের ছাত্র-ছাত্রীদের ক্যারিয়ার গঠনের ক্ষেত্রে সহায়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। বিখ্যাত ব্যক্তিদের স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় জীবনের ঘটনা উপস্থাপন করা হবে। |

১১. বিশেষ পাতা- যাদুর-পেন্সিল/আলাদিনের চেরাগ:

| বিশেষ পাতা | বিশেষপাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ১১.যাদুর-পেন্সিল/আলাদিনের চেরাগ | উন্নয়ন বিষয়ক পাতা | ক. দেশের বিভিন্ন পেশা এবং লিঙ্গের মানুষদের অর্জন চিত্র এই পাতায় স্থান পাবে। |
| | | খ. অন্যান্য দেশের উন্নয়ন প্রতিবেদন ছাপানো হবে যাতে করে আমাদের দেশ উন্নয়নে আরো সজাগ হয়। |
| | | গ. কৃষিক্ষেত্রে উন্নয়ন, মৎস্য ক্ষেত্রে উন্নয়ন এবং বিভিন্ন ক্ষেত্রের উন্নয়ন নিয়ে আলাদা করে প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ঘ. অন্যান্যদের আগ্রহ বাড়ানোর জন্য উন্নয়নকর্মীদের মতামতধর্মী প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ঙ. উন্নয়নের সার্বিক স্তরে সরকারের সাহায্য নিশ্চিত করণের ক্ষেত্রে বিভিন্ন মহলের মতামতধর্মী প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | চ.উন্নয়নকর্মীদের চাহিদা এবং উন্নয়ন নিয়ে তাদের চিহ্নিত সমস্যা নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে। |

## ১২. বিশেষ পাতা- ধর্ম-জীবন:

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ১২. ধর্ম-জীবন | ক.ধর্ম ও আইন<br>খ. মামলার রায় বিষয়ক | ক. বিভিন্ন ধর্মের আইন এবং সংস্কৃতি বিষয়ক তথ্য প্রকাশ করা হবে। |
| | | খ. ভুল ধারণা নিরসনে ধর্মে নারীদের অবস্থান বিষয়ক প্রতিবেদন প্রচার করা হবে। |
| | | গ. প্রতিটি ধর্মের মধ্যে সু-সম্পর্ক বজায় রাখবার জন্য বিভিন্ন ধর্মের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা সভার ব্যবস্থা করা হবে এবং প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | ঘ. দেশের বিভিন্ন মামলার রায় যা আলোর মুখ দেখতে পায় না সেই বিষয়ক প্রতিবেদন প্রকাশ করা হবে। এর মাধ্যমে সরকারের অব্যবস্থা (যদি থেকে থাকে) তুলে ধরা হবে। |
| | | ঙ.ধর্মের ভুল প্রচার বন্ধে প্রতিবেদন প্রকাশ করা হবে। |

## ১৩. বিশেষ পাতা- সাহিত্য-সাময়িকী:

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ১৩.সাহিত্য-সাময়িকী | সাহিত্য-সাময়িকী,কবিতা,প্রবন্ধ বিষয়ক রচনা | ক. দেশী-বিদেশী লেখকদের গল্প, প্রবন্ধ, কবিতা ছাপানো হবে। |
| | | খ. অচেনা ব্যক্তিদের গল্প, প্রবন্ধ, কবিতা প্রকাশ করা হবে। |
| | | গ. সচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে সমাজের সাহিত্যিক, প্রাবন্ধিক, ঔপন্যাসিকদের মতামত নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে। |

## ১৪. বিশেষ পাতা: সাহিত্য-সাময়িকী

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু | বিশেষ পাতার আধেয় |
|---|---|---|
| ১৪. মিথস্ক্রিয়া | পাঠকদেও অংশগ্রহণ ভিত্তিক পাতা | ক. পাঠকের ভালো-লাগা, পছন্দ-অপছন্দ নিয়ে বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | খ. পাঠকদের চাহিদা এবং সমস্যা নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হবে। |
| | | গ. কোন বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য কর্মশালার ব্যবস্থা করে তার ফলাফল ধর্মী প্রতিবেদন প্রকাশ করা হবে।<br>পাঠকদের সরাসরি পরামর্শ ভিত্তিক প্রতিবেদন প্রকাশ করা হবে। এই প্রতিবেদন গুলো পাঠকদের মাধ্যমেই তৈরী করা হবে। |

**ঙ. চতুর্থত- বিশেষ পাতাগুলো প্রকাশের উদ্দেশ্যে:**

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ'পত্রিকায় ১৪ টি বিষয়ে বিশেষ পাতা প্রকাশের উদ্দেশ্য নিম্নরূপ:

ক. পাঠককে সচেতন করা;
খ. পাঠককে বিনোদন দেয়া;
গ.পাঠককে তথ্য সমৃদ্ধ করা;
ঘ. অন্য পত্রিকা থেকে নিজের আলাদা সত্তা প্রতিষ্ঠা করা;
ঙ. বিশেষ পাতার মাধ্যমে নতুনত্ব আনা।

চিত্র: ৬: অনির্বাণ পত্রিকার বিশেষ পাতা প্রকাশের উদ্দেশ্য:




(ডায়াগ্রাম: বিশেষ পাতা প্রণয়নেরক্ষেত্রে এই ৩টি প্রেক্ষিত বিবেচনায় এনে পাতার বিষয়বস্তু নির্ধারণ করতে হবে। তবেই পাঠককে প্রভাবিত করা সম্ভব।)

**ঙ.পঞ্চমত- বিশেষ পাতার নামকরণের যথার্থতা:**

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ' পত্রিকায় ১৪ টি বিষয়ে বিশেষ পাতার ১৪ টি নামকরণের কারণ নিম্নরূপ:

ক. বিষয়বস্তুর মাধ্যমে পাঠকদের আকৃষ্ট করবার জন্য।
খ. নামকরণে নতুনত্ব ও ছন্দ আনবার জন্য।

**চ. ৬ষ্ঠত- বিশেষ পাতা প্রকাশ বার, পাতা সংখ্যা এবং প্রকাশের ব্যাপ্তির ভিন্নতার কারণ:**

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ' পত্রিকায় সপ্তাহব্যাপি ১৪টি বিষয়ে বিশেষ পাতা কবে প্রকাশ হবে, কতমাস ধরে প্রকাশিত হবে এক্ষেত্রে নিম্নোক্ত কারণকে ভিন্নতার মাপকাঠি হিসেবে বিবেচনা করা হয়েছে। যথা:

ক. সংবাদপত্রের পলিসিগত ভিন্নতা;
খ. সংবাদপত্রের আদর্শগত ভিন্নতা;
গ. পাঠকের চাহিদা এবং প্রকাশের যৌক্তিকতার ভিন্নতা।

- **এক নজরে অনির্বাণ পত্রিকার বিশেষ পাতার স্বরূপতা:**

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ' পত্রিকায় সপ্তাহব্যাপি ১৪টি বিষয়ে বিশেষ পাতা কবে প্রকাশ হবে, কতমাস ধরে প্রকাশিত হবে তার একটি ছক উপস্থাপন করা হলো:

| পত্রিকার নাম | বিশেষ পাতা প্রকাশের বার | প্রকাশিত পাতার নাম | পাতা নম্বর |
|---|---|---|---|
| অনির্বাণ | শনিবার | জীবন জয়ী হবেই | ১১-১৩ |
| | ঐ | যান্ত্রিক গোলযোগ | ১৪-১৫ |
| | রবিবার | আমাদের পথচলা/ জীবন থেকে নেয়া | ১১-১৪ |
| | ঐ | পর্যটন শিল্প | ১৫-১৭ |
| | সোমবার | ছুটির ঘন্টা | ১১-১৩ |
| | ঐ | যাদুর পেন্সিল/ আলাদিনের চেরাগ | ১৪-১৭ |
| | মঙ্গলবার | পাহাড়ের কথাবলা/ পাহাড়ের তান | ১১-১৩ |
| | ঐ | মন্ত্রী পাড়া | ১৪-১৬ |
| | বুধবার | ধর্ম-জীবন | ১১-১৩ |
| | ঐ | গণমাধ্যম/দূরদর্শন/যোগাযোগ | ১৪-১৭ |
| | বৃহস্পতিবার | রঙধনু | ১১-১৪ |
| | ঐ | স্বাস্থ্য ভাবনা | ১৫-১৭ |
| | শুক্রবার | মিথস্ক্রিয়া | ১১-১৪ |
| | ঐ | সাহিত্য-সাময়িকী | ১৫-২০ |

### ৩.৩ অনির্বাণ নামক জাতীয় পত্রিকার বিশেষ পাতা প্রণয়নের পূর্বে বিবেচ্য বিষয়:

বাংলাদেশে বর্তমানে নানা ধরনের পত্রিকা প্রকাশিত হচ্ছে। নানা নামে এই পত্রিকা গুলো প্রতিদিন প্রকাশিত হয়। গবেষণা হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকার নামকরণ করেছি 'অনির্বাণ'। এই নাম করণের কারণ হলো অন্যান্য পত্রিকা থেকে আমার পত্রিকায় ভিন্নতা আনয়ন। গবেষণা চলাকালীন বিভিন্ন শ্রেণীর পাঠক ও বিশেষজ্ঞদের মতামত বিশ্লেষণ করে আমার মনে হয়েছে এমন একটি পত্রিকা আমাদের দরকার যেখানে পাঠকদের চাহিদা পূরণ হবে। প্রকাশিত নানা ধরনের জাতীয় পত্রিকা থাকা সত্ত্বেও গবেষণার স্বচ্ছতা আনয়নে আমার মনে হয়েছে অনির্বাণ নামক একটি কাল্পনিক জাতীয় পত্রিকা পাঠকের সেই চাহিদা পূরণ করতে পারবে যা বিদ্যমান জাতীয় পত্রিকাগুলো দিতে ব্যর্থ হচ্ছে। অনির্বাণ পত্রিকায় বিশেষ পাতা প্রণয়নের পূর্বে কিছু দিক বিবেচনা করা হয়েছে। যথা:

ক. পাঠকের চাহিদা;

খ. যৌক্তিকতা যাচাই।

**ক. পাঠকের চাহিদাঃ**

> "বিশেষ পাতা প্রণয়ন করা হয় পাঠকের চাহিদাকে নির্ণয় করার মাধ্যমেই। যে বিষয়ে পাঠকের চাহিদা থাকবে না, সেই বিষয়ক পাতা প্রকাশ করা মোটেও যুক্তিযুক্ত হবে না।"(গৃহিত সাক্ষাৎকার, আলী, ২০১৮)

পাঠকের চাহিদাকে মূল্যায়নের ক্ষেত্রে আরো কিছু বিষয় আছে যেগুলোকে বিবেচনায় এনেই বিশেষ পাতা প্রকাশ করা উচিত। যথা:

- **প্রথমত- পাঠকের পছন্দ ও ভালোলাগাঃ**

> "সংবাদের বিষয়বস্তু পাঠকের ভালো লাগবে কিনা অথবা লাগছে কিনা সেই বিষয়কে মাথায় রেখেই সংবাদ উপস্থাপন করা উচিত, এতে পাঠকের মিথষ্ক্রিয়া বাড়বে।" (Dary:1973:225)

বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রেও পাঠকের ভালো লাগা-মন্দ লাগাকে প্রাধান্য দেয়া আবশ্যক।

- **দ্বিতীয় - পাঠকের বয়সঃ**

> "জনসংযোগ কর্মকর্তারা উদ্দিষ্ট জনগোষ্ঠীকে প্রভাবিত করার ক্ষেত্রে তাদের বয়সকে প্রাধান্য দেন। কেননা একই বার্তা সব বয়সকে সমান ভাবে প্রভাবিত করতে পারে না।" (Starr:1968:125)

একইভাবে সব বিশেষ পাতা সব বয়সের ৰেত্রে সমভাবে প্রযোজ্য নয়। মহিলাদের পাতা নিশ্চয়ই ১০ বছরের শিশুকে একই ভাবে প্রভাবিত করবে না।

- **তৃতীয়ত - পাঠকের লিঙ্গ বিভাজনঃ**

> "কোন লিপস্টিক কিম্বা নেইল পলিশ কোম্পানী যখন তাদের প্রচারণা বার্তা প্রকাশ কিম্বা প্রচার করবে, তখন তাদের নারী ক্রেতাদের জন্যই বার্তাটি তৈরী হবে, কোন শিশুর জন্য নয়। এর মূল উদ্দেশ্যদৃষ্টি আর্কষণের মাধ্যমে বিক্রয় বাড়ানো।" (Cohen:1987:95)

Paula Maranz Cohen এর ভাষায় আমরাও বলতে পারি, বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে লিঙ্গ বৈশিষ্ট্যকে গুরুত্ব দিতে হবে।

- **চতুর্থত -পাঠকের সামাজিক অবস্থান যাচাইঃ**

এমন কোন বিষয়ে বিশেষ পাতা প্রকাশ করা উচিৎ নয়, যা পাঠকের সামাজিক অবস্থানের সাথে অসঙ্গতি পূর্ণ হয়। ভিন্ন সংস্কৃতিকে তুলে ধরা উচিত। তবে তা যেন নেতিবাচক ভাবে উপস্থাপিত না হয় সেই দিকে লক্ষ্য রাখা জরুরি। আধুনিকতার নামে যেন অশালীনতা প্রকাশ না পায়।

**উদাহরণঃ**

> ক. পতিতা কিম্বা হিজড়াদের নিয়ে যদি বিশেষ পাতা তৈরী করা হয় তবে তা সতর্কতার সাথে করতে হবে। মনে রাখতে হবে ওরাও সমাজের মানুষ। এমন কোন বার্তা উপস্থাপন করা যাবে না, যাতে করে পাঠকদের মধ্যে বিরূপ মনোভাব তৈরী হয়।

- **পঞ্চম - পাঠকের বিশ্বাস ও মূল্যবোধঃ**

এমন কোন বিষয়ে বিশেষ পাতা প্রকাশ করা উচিত নয় যা পাঠকের বিশ্বাস ও মূল্যবোধে আঘাত হানে। পাঠকের বিশ্বাস ও মূল্যবোধের প্রতি সম্মান প্রদর্শন করেই বিশেষ পাতা তৈরী করা উচিত।

- **ষষ্ঠত - পাঠকের শিৰাগতযোগ্যতাঃ**

> "বার্তা প্রস্তুত করার ক্ষেত্রে দর্শক/ শ্রোতার শিৰাগত যোগ্যতাকে প্রাধান্য দিতে হবে। তা না হলে বার্তার প্রভাব কর্যকারী হবে না, জনসংযোগ কর্মীদের এই বিষয়গুলো পুঙ্খানুপুঙ্খ ভাবে পরীক্ষা করেই যোগাযোগ বার্তা নির্মাণ করা উচিত।" (Marston:1979:67)

সংবাদপত্রের বিশেষ পাতা নির্মাণ করার ৰেত্রেও এই বিষয়টি মনে রাখা উচিত। কেননা সংবাদ পত্রের পাঠক শুধুমাত্র উচ্চ শিক্ষিতরাই হবে এমন কোন কথা নেই।

- **সপ্তম - পাঠকের শ্রেণী বিভাজনঃ**

সংবাদপত্রের পাঠক বিভিন্ন শ্রেণী, পেশার হতে পারে। বিশেষ পাতা প্রস্তুত করার ৰেত্রে এই দিক গুলো স্মরণে রাখা উচিত। সকলের স্বার্থ সংরৰণ করা সংবাদপত্রের দায়িত্ব।

## খ. যৌক্তিকতা যাচাইঃ

সংবাদ পত্রের ব্যবস্থাপনা বিভাগ সর্বদা একটি নিয়ম-নীতির মধ্য দিয়ে কর্মকান্ড পরিচলনা করে। কোন কিছু করার আগে কেন সেই বিষয়টি করা হবে এই বিষয়ে সুনির্দিষ্ট কারণ চিহ্নিত করা সংবাদ পত্রের অত্যন্ত জরুরিকাজ। এ প্রসঙ্গে গবেষণা হতে ব্যক্তি সাক্ষাৎকার বিশ্লেষণ করে বলা যায়-

> যে কোন পদক্ষেপ গ্রহণের সময় সংবাদ পত্রের দায়িত্ব তার যৌক্তিকতা যাচাই। কেননা যুক্তির মাধ্যমে ভবিষ্যৎ নির্ণয় করা সহজ। সংবাদপত্র ব্যবস্থাপনা এবং সংবাদ পত্রের গ্রহণযোগ্যতা বৃদ্ধির ক্ষেত্রে সংবাদপত্রের আরো বেশি যৌক্তিক হওয়া উচিত।

১৯৯৪ সালে "বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট" (পিআইবি) কর্তৃক পরিচালিত "*সংবাদপত্র ও পাঠকের চাহিদা* " শীর্ষক গবেষণা জরিপের ফলাফলের ভিত্তিতে নিম্নে সংবাদপত্রের যুক্তি সঙ্গত পদক্ষেপ এর নমুনা উপস্থাপন করা হলোঃ

- **প্রথমত - বিশেষ পাতাটির প্রয়োজনীয়তা যাচাইঃ**
  যে কোন বিষয়ে বিশেষ পাতা প্রণয়নের পূর্বে এবং পরবর্তী সময়ে গবেষণা করে দেখতে হবে প্রয়োজনীয়তা আছে কিনা।
- **দ্বিতীয় - প্রকাশনার সময় নির্ধারণঃ**
  বিশেষ পাতাটি কতদিন, কত সপ্তাহ এবং কত সময় ধরে প্রকাশিত হবে তাও নির্ধারণ করা উচিত ।
- **তৃতীয়তা- পাঠকের মতামত জরিপঃ**
  বিশেষ পাতাটি আদৌও পাঠকের ভালো লাগছে কিনা এই বিষয়ে মতামতা জরিপ করা উচিত। এই জরিপ হতে পারে-

  ক. বিশেষ পাতা প্রণয়নের পূর্ব অবস্থায়;
  খ. বিশেষ পাতা প্রণয়নের পরবর্তী অবস্থায়।

- **চতুর্থত- প্রকাশনার দিন নির্ধারণঃ**

কোন দিন কোন বিশেষ পাতা প্রকাশিত হবে এটাও সংবাদপত্র ব্যবস্থাপনার দায়িত্ব। এটাও জরিপ করে নির্ধারণ করা যেতে পারে।

**উদাহরণঃ**

ক. শুক্রবারে সাহিত্য পাতা যাবে কিনা এটা নিয়ে অনেকে ভিন্ন মত পোষণ করেন। কেউ বলে শুক্রবার ছুটির দিন বলে অনেকে নামাজ কিংবা বাইরে বেড়াতে যায়। ফলে অনেকে শুক্রবারের পরিবর্তে রবিবার সাহিত্য সাময়িকী প্রকাশের পক্ষে কথা বলেন।

- **পঞ্চমত- বিশেষ পাতাটি কতটুকু সামঞ্জস্যপূর্ণঃ**

বিশেষ পাতার বিষয় যাই হোক না কেন, এটি উপস্থাপন করার ক্ষেত্রে দেখতে হবে এটি কতটুকু সামঞ্জস্যপূর্ণ। বিশেষ কোন মুহূর্তে যে কোন বিষয়ে বিশেষ পাতা তৈরী হতে পারে।

**উদাহরণঃ**

ক. 'তত্ত্বাবধায়ক সরকার সংস্কার'- এই বিষয়ে বিশেষ পাতা হতে পারে।
খ. "দুর্নীতি দমন কমিশন"- এই বিষয়ে বিশেষ পাতা হতে পারে।
গ. ''ধূমপান বিরোধী আইন''- এই বিষয়ে বিশেষ পাতা হতে পারে।

- **ষষ্ঠত -কোন বিষয়ে পাঠককে সজাগ করাঃ**

এমন অনেক দিক আছে যেখানে পাঠক হয়ত সচেতন নয়।কিন্তু সংবাদপত্রের দায়িত্ব পাঠককে নিজ উদ্যোগে সজাগ করা।

> "গণমাধ্যম হিসেবে সংবাদপত্রের অন্যতম উদ্দেশ্য হচ্ছে পাঠককে সব বিষয়ে জাগিয়ে তোলা। সমাজের অনেক বিষয় আছে, যার সম্বন্ধে পাঠকের দৃষ্টি তৈরী করা সংবাদপত্রের অন্যতম দায়িত্ব। পাঠককে সচেতন করতে হবে সংবাদপত্রকেই।"
> (ইসলামঃ নীরীক্ষাঃ ৩১)

বিশেষ পাতার মাধ্যমে সংবাদপত্রগুলো পাঠককে আরো সক্রিয় করতে পারে বলে গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণে পাওয়া গেছে।

**উদাহরণঃ**

ক. নারী নির্যাতন রোধে বিশেষ পাতা হতে পারে;
খ. শিশু শ্রম রোধে বিশেষ পাতা হতে পারে;
গ. এইডস রোধে বিশেষ পাতা হতে পারে;
ঘ. মানবাধিকার প্রতিষ্ঠাকরণে সহায়ক বিশেষ পাতা হতে পারে।

এছাড়াও বিশেষ পাতা প্রকাশ করবার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় আনতে হবে:

- **প্রথমত- ইতিবাচকতা আনয়ন ও নেতিবাচকতা পরিহারঃ**

> "সংবাদের বিষয়বস্তু হবে সত্য এবং নিরপেক্ষ। এর মাধ্যমে সমাজে অনুকূল পরিবেশ সৃষ্টি করতে হবে। সংবাদপত্রের উপস্থাপিত আধেয়

> সমাজের সকল স্তরে যেন ইতিবাচক প্রভাব ফেলে সেটাও বিবেচ্য বিষয়। কেননা সংবাদ পত্রের পাঠক বিভিন্ন বয়সের।"(Campabell & Wolseley:1961:82)

বিশেষ পাতা প্রণয়নের ৰেত্রে লৰ্য রাখতে হবে যেন এটি ইতিবাচক প্রভাব ফেলে।

- **দ্বিতীয়ত-নৈতিকতা বজায়:**

> "সংবাদপত্র সর্বদা নীতিমালা অনুযায়ী সংবাদপ্রকাশ করবে। যে কোন বিষয়ে খবর উপস্থাপনের ক্ষেত্রে এর নৈতিকতার মাত্রা যাচাই করা সংবাদপত্রের অন্যতম ভূমিকা।"(Patterson & Wilkins:1999:21)

বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে নৈতিকতার উপাদানগুলোকে বিবেচনা করতে হবে। যথা-

১. সত্য প্রকাশে সঙ্কোচ করা যাবেনা। মিথ্যা বলা যাবে না।

২. নিরপেক্ষতা বজায় রাখতে হবে। ব্যক্তিস্বার্থ, সংবাদপত্রের স্বার্থকে পরিত্যাগ করে সমাজের স্বার্থকে প্রাধান্য দিতে হবে।

৩. ব্যক্তিগত গোপনীয়তা বজায় রাখা অবশ্য কর্তব্য। এমন কোন বিষয় বিশেষ পাতা কিংবা বিশেষ পাতার আধেয় হওয়া উচিত নয়, যার ফলে ব্যক্তির গোপনীয়তা ক্ষুন্ন হয়।

৪. সামাজিক দায়িত্ব পালন সংবাদপত্রের অন্যতম নীতি। এমন কোন বিষয়ে বিশেষ পাতা হওয়া উচিত নয় যার ফলে সমাজে নেতিবাচক প্রভাব কিম্বা সহিংসতা তৈরী হয় ।

- **তৃতীয়ত -ব্যক্তিত্বপ্রেক্ষিত তত্ত্বকে প্রাধান্য দেওয়া :**

গণযোগাযোগের বৈশিষ্ট্যে বলা আছে একই বার্তা সব গ্রাহককে একই ভাবে প্রভাবিত করে না। প্রত্যেক দর্শক-শ্রোতার স্বতন্ত্র বৈশিষ্ট্য এবং গোষ্ঠীগত চরিত্রের কারণে প্রভাবও হয় ভিন্ন। বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত তিনটি ব্যক্তিত্ব তত্ত্বকে প্রাধান্য দিতে হবে।যথা:

ধ. ব্যক্তিস্বতন্ত্র দৃষ্টিভঙ্গি (Individual difference Perspective)
ন. সামাজিক শ্রেণী দৃষ্টিভঙ্গি (Social Categories Perspective)
৩. সামাজিক সম্পর্ক দৃষ্টিভঙ্গি (Social Relationship Perspective)

**ক. বিশেষ পাতা প্রণয়নে ব্যক্তির স্বতন্ত্র দৃষ্টিভঙ্গির উপাদান সমূহ:**

মনোবিজ্ঞানী আলবার্ট বান্দুরা তাঁর 'সামাজিক শিক্ষণ তত্ত্ব' (১৯৭৭) গবেষণায় প্রমাণ করেছেন পরিবেশ থেকে মানুষ শেখে। পরিবেশ থেকে প্রাপ্ত শিক্ষার প্রভাব মানুষের আচরণ গঠনে সহায়তা করে। দৃষ্টিভঙ্গি, মূল্যবোধ এবং বিশ্বাস এই তিনটি উপাদান মানুষের অবধারণগত কাঠামো তৈরী করে। ব্যক্তিভেদে অবধারণগত ভিন্নতা পরিলক্ষিত। অবধারণগত ভিন্নতাই একজন ব্যক্তিকে অন্যজন থেকে আলাদা করে। সৃষ্টি হয় ব্যক্তি স্বাতন্ত্র্যবোধ।ব্যক্তি স্বাতন্ত্র্যবোধের ভিন্নতার কারণে প্রত্যেক ব্যক্তির অনুধাবনও ভিন্ন হয়।

মনোবিজ্ঞানী আলবার্ট বান্দুরা তাঁর 'সামাজিক শিক্ষণ তত্ত্ব' (১৯৭৭) গবেষণার আলোকে সংবাদপত্র বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে ব্যক্তিস্বাতন্ত্র্যবোধকে গুরুত্ব দেবে। অর্থাৎ বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে প্রতিটি ব্যক্তির অবধারণগত কাঠামো ও অনুধাবনের পার্থক্য স্তরকে বিবেচনায় আনতে হবে । এক্ষেত্রে বিবেচনায় বিবেচ্য বিষয়-

ক. ব্যক্তি তথা পাঠকের মূল্যবোধ;

খ. ব্যক্তি তথা পাঠকের প্রয়োজন;
গ. ব্যক্তি তথা পাঠকের বিশ্বাস;
ঘ. ব্যক্তি তথা পাঠকের দৃষ্টিভঙ্গি।

**খ. বিশেষ পাতা প্রণয়নে সামাজিক শ্রেণী দৃষ্টিভঙ্গির উপাদানসমূহ:**

সামাজিক শ্রেণী দৃষ্টিভঙ্গি অনুযায়ী সমাজের বিভিন্ন শ্রেণীর মানুষের আচরণ ভিন্ন। ব্যক্তির স্বতন্ত্র দৃষ্টিভঙ্গিতে স্পষ্ট বলা আছে ব্যক্তিভেদে অবধারণগত ভিন্নতা পরিলক্ষিত। অবধারণগত ভিন্নতাই একজন ব্যক্তিকে অন্যজন থেকে আলাদা করে। সৃষ্টি হয় ব্যক্তি স্বাতন্ত্র্যবোধ। ব্যক্তি স্বাতন্ত্র্যবোধের ভিন্নতার কারণে প্রত্যেক ব্যক্তির অনুধাবনও ভিন্ন হয়। ব্যক্তি স্বাতন্ত্র্যবোধের ভিন্নতার কারণে গণমাধ্যমের একই বার্তা প্রত্যেক ব্যক্তি ভিন্ন ভাবে নির্বাচন করে। তাত্ত্বিক মত অনুযায়ী ব্যক্তি স্বাতন্ত্র্যবোধের ভিন্নতার অন্যতম কারণ সামাজিক শ্রেণী দৃষ্টিভঙ্গির ভিন্নতা। এক্ষেত্রে সংবাদপত্রের বিশেষ পাতা প্রণয়নে সামাজিক শ্রেণীর ভিন্নতায় প্রভাব সৃষ্টিকারী সকল নিয়ামক প্রাধান্য দিতে হবে। যথা-

ক. পাঠকের বয়স
খ. পাঠকের লিঙ্গ
গ. পাঠকের আয়ের স্তর
ঘ. পাঠকের শিক্ষা
ঙ. পাঠকের পেশা
চ.পাঠকের বাসস্থান
ছ.পাঠকের ধর্ম

**গ. বিশেষ পাতা প্রণয়নে সামাজিক সম্পর্ক দৃষ্টিভঙ্গির উপাদান সমূহ:**

বিশ্বায়ন এবং ডিজিটাল প্রযুক্তির অবাধ প্রবাহের এই যুগে সমাজের মানুষকে কোন নির্দিষ্ট শ্রেণীর অর্ন্তভুক্ত বলে চিহ্নিত করা যায় না। গণমাধ্যমের প্রতি মানুষের মনোযোগ, বার্তা নির্বাচন ও অনুধাবন প্রক্রিয়াকে বিভিন্ন শ্রেণীর মানুষের আন্তঃসম্পর্ক ও পারস্পরিক যোগাযোগ প্রভাবিত করে। এই সামাজিক সম্পর্ক দৃষ্টিভঙ্গির প্রভাবে মানুষ ভিন্ন ভাবে ভিন্ন আঙ্গিকে গণমাধ্যমের বার্তা অনুধাবন করে,স্মরণ করে এবং ব্যাখ্যা করে। বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে সামাজিক সম্পর্ককে চিহ্নিত করে সেই অনুযায়ী বার্তা প্রকাশ করা উচিত।

চিত্র: ৬: বিশেষ পাতার সফলতা আনয়ণে সফলতার ভিত্তি




(ডায়াগ্রাম: বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে উক্ত তিনটি প্রেক্ষিত তত্ত্বকে সমন্বয় সাধন করে পাতার আধেয় নির্বাচন করলে পাঠককে প্রভাবিত করা এবং কাঙ্খিত সফলতা সম্ভব।)

**৩.৪ অনির্বাণ পত্রিকার বিশেষ পাতায় বিষয় নির্বাচনে চলমান-অতীত-ভবিষ্যতের সংবাদের প্রাধান্য ও প্রভাব যাচাই:**

> "গণমাধ্যম অতীত,বর্তমান, ও ভবিষ্যতের মধ্যে সম্পর্ক সৃষ্টি করবে। অতীতের বিভিন্ন ঘটনার মাধ্যমে বর্তমানকে ব্যাখ্যা করেই ভবিষ্যৎ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ সহজ। গণমাধ্যম গুলোতে অতীতের ঘটনা এবং ইতিহাসের পুঙ্খানুপুঙ্খ ব্যাখ্যা বিশ্লেষণ ব্যতীত বর্তমান প্রজন্ম সত্য ঘটনা জানবেনা। ইতিহাস হারিয়ে যাবে, ইতিহাস এবং বাস্তব সত্যতা ব্যতীত মজবুত ভবিষ্যৎ নির্মাণ কঠিন।" (Merrill & Others:1994:159)

সংবাদপত্র যেহেতু গণমাধ্যমের অন্যতম এক ধারা, সেহেতু বিষয়বস্তু উপস্থাপনে সংবাদপত্র গুলোতে অবশ্যই নতুন পুরাতনের সংমিশ্রন ঘটাতে হবে। প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক জাতীয় পত্রিকা 'অনির্বাণ' পত্রিকায় ১৪ টি বিষয়ে বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে পত্রিকাটি ৩ টি বিষয়কে প্রাধান্য দিয়ে পাতা প্রকাশ করবে। যথা:

১. অতীত ঘটনা;
২. চলমান ঘটনা;
৩. ভবিষ্যৎ ঘটনা।

- **প্রথমত অতীত সময়ের ঘটনা:**

এমন অনেক বিষয় থাকে যা আমদের জীবনে অনেক গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে। সেই বিষয়গুলো বিশেষ পাতা হতে পারে। অতীত সময়ের যে তথ্যগুলো সংবাদ হতে পারে-

ক. অর্জন এর ঘটনা;
খ.ব্যর্থতার ঘটনা।

এর মাধ্যমে আমরা জীবন সম্পর্কে জানতে পারব। অর্জনের ঘটনা আমাদের নতুন পথে চলবার প্রেরণা যোগাবে। ব্যর্থতার ঘটনা নতুন করে জীবনে সামনে চলার পথে কৌশল অবলম্বনে সাহায্য করবে। এই বিষয়গুলো হতে পারে-

ক. দেশীয় ঘটনা;
খ. আন্তর্জাতিক ঘটনা

**উদাহরণ:**

ক. শুধুমাত্র ২১ শে ফেব্রুয়ারী আসলে বিশেষ পাতা না করে, যদি ৩/৪ মাস ধরে ভাষা আন্দোলনের ঘটনা সংক্রান্ত বিশেষ পাতা তৈরী হয় তবে নতুন প্রজন্ম সত্য ঘটনা জানতে পারবে।

অতীতের ঘটনাবলী উপস্থাপনের প্রাসঙ্গিক কারণ সমূহ নিম্নরূপ-

১. পুরনো ইতিহাস নতুন আঙ্গিকে প্রকাশ করলে পাঠকের চাহিদা বাড়বে;

২. বর্তমানে অবস্থানরত পাঠক এমন কালকে পেছন ফিরে যেতে পারবে। এবং প্রমাণিত হবে সংবাদপত্র সমাজের আয়না;

৩. পত্রিকার প্রচার সংখ্যা বৃদ্ধিতে সহায়ক হবে।

- **দ্বিতীয়ত- চলমান সময়ের ঘটনা:**

আমাদের চারপাশে প্রতিনিয়ত নানা ধরনের ঘটনা ঘটছে। সব বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা পাঠকের পক্ষে অসম্ভব। ফলে বিশেষ পাতার মাধ্যমে সেই বিষয় গুলো প্রকাশ করলে পাঠক অস্পষ্ট দিকের ভাবনাগুলো নতুন করে ভাবতে পারবে। এটা হতে পারে-

ক. অতীতের কোন বিষয় নিয়ে বর্তমানে পুনরায় কথা শুরু হলে ফলো-আপ সংবাদ ভিত্তিক বিশেষ পাতা;

খ. হঠাৎ সৃষ্ট কোন ঘটনা নিয়ে বিশেষ পাতা;

গ. প্রতিনিয়ত ঘটছে এমন চলমান বিষয়ক বিশেষ পাতা।

এর মাধ্যমে আমরা অতীতের কোন ঘটনার সঙ্গে যেমন পরিচিত হতে পারব এবং বর্তমানের সমস্যা গুলো সম্বন্ধে ধারণা পাবো এবং সচেতন হতে পারবো। এই বিষয়গুলো হতে পারে-

ক. দেশীয় ঘটনা;

খ. আন্তর্জাতিক ঘটনা।

**উদাহরণ:**

ক. বর্তমানে "ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীর যে আন্দোলন" এটা নিয়েও বিশেষ পাতা হতে পারে। অতীতের বিষয়ে বর্তমানে নতুন করে ভাবনা শুরু।

খ. নারী নির্যাতন,শিশুশ্রম এই বিষয়ক ঘটনা নিয়ে বিশেষ পাতা হতে পারে। কেননা এটা প্রতিদিনের ঘটনা।

গ. মাঝে মাঝে স্কুল শিশু হারিয়ে যাওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। এ বিষয়ে সৃষ্ট সমস্যা, সমাধান ও সচেতনতা বৃদ্ধির জন্য বিশেষ পাতা হতে পারে।

ঘ. সড়ক নিরাপদ হবার বিষয়েও বিশেষ পাতা হতে পারে।

- **তৃতীয়ত-ভবিষ্যৎ সময়ের ঘটনা:**

গণমাধ্যম হিসেবে যেকোনো পরিস্থিতি নিয়েআগাম খবর দেয়া সংবাদপত্রের অন্যতম দায়িত্ব। বিশেষ পাতার মাধ্যমে আমরা যদি কোনো বিষয়ে পূর্বাভাষ প্রদান করি তবে মানুষ সর্তক থাকবে এবং সচেতন থাকবে। এটা হতে পারে-

ক. অতীতের কোন ঘটনা সম্পর্কে বিশেষ পাতা তৈরী করে ভবিষ্যৎ সম্পর্কে সর্তক/সচেতন করা।

খ. অন্য দেশের সঙ্গে নিজের দেশের ভবিষৎ পরিস্থিতি নিয়ে বিশেষ পাতা প্রকাশ করা যায়।

গ. বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করে দেশের ভবিষ্যৎ উন্নয়ন সম্পর্কে বিশেষ পাতা প্রকাশ করা যায়।

এর মাধ্যমে পাঠক নিজের অবস্থান সম্পর্কে সজাগ হতে পারবে এবং দেশকে নতুন আঙ্গিকে সাজানোর পন্থা খুঁজে পাবে। যে বিষয় গুলো নিয়ে ভবিষ্যৎ প্রতিবেদন হতে পারে-

ক. জাতীয় পর্যায়ের ঘটনার মাধ্যমে বিশেষ পাতা;

খ. আন্তর্জাতিক পর্যায়ের ঘটনার মাধ্যমে বিশেষ পাতা।

উদাহরণঃ

ক. "বাংলাদেশের ভূমিকম্প" নিয়ে যদি বিশেষ পাতা তৈরী হয় তবে সচেতনতা বাড়বে এবং সবাই সর্তক হবে।

খ. জনসংখ্যা রোধে বিশেষ পাতা হলেও ভবিষ্যৎ প্রজন্ম সর্তক থাকবে;

গ. এইডস কিংবা মাদক বিষয়ক বিশেষ পাতা হলে ভবিষ্যৎ আশংকা দূর হবে।

পূর্বাভাষ দিয়ে পাতা প্রকাশ করলে, তা অবশ্যই তথ্য সম্বলিত হতে হবে। যার ফলাফল-

ক. জনগণের মধ্যে সতর্কতা ও সচেতনতা বৃদ্ধি হবে;

খ. দেশের উন্নয়ন ঘটবে;

গ. সরকারের কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালিত হবে।

চিত্রঃ ৭ঃ অনির্বাণ পত্রিকায় বিশেষ পাতা প্রণয়নে তিন কালের সংবাদ এর প্রাধান্যঃ




(ডায়াগ্রামঃ বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে উক্ত তিনটি কালের সংবাদকে সমন্বয় সাধন করে পাতার আধেয় নির্বাচন করলে পাঠককে প্রভাবিত করা এবং কাঙ্খিত সফলতা সম্ভব।)

বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে উক্ত তিনটি কালের সংবাদকে সমন্বয় সাধন করে পাতার আধেয় নির্বাচন করলে পাঠক যা পাবে-

ক. জাতীয় ও আন্তর্জাতিক বিশ্বে অতীতে কী ঘটেছিলো সেই সংবাদ;

খ. জাতীয় ও আন্তর্জাতিক বিশ্বে বর্তমানে কী ঘটছে সেই সংবাদ;

গ. জাতীয় ও আন্তর্জাতিক বিশ্বে ভবিষ্যতে কী ঘটবে সেই সংবাদ।

### ৩.৫ অনির্বাণ পত্রিকা ও অন্যান্য বিশেষ পাতা- একটি ভবিষ্যৎ পরিকল্পনা উপস্থাপন:

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে এই পর্যায়ে কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ' পত্রিকায় পরবর্তী সময়ে আরো অন্যান্য বিষয় নিয়ে বিশেষ পাতা প্রণয়নের সম্ভবনা রয়েছে যা নিম্নে সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করা হলো:

| বিশেষ পাতা | বিশেষ পাতার বিষয়বস্তু |
|---|---|
| ১.কূটনৈতিক বন্ধন | • বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের কূটনৈতিক অবস্থার খবর প্রকাশ। |
| ২.বন্দর পেরিয়ে | • বাংলাদেশের বিভিন্ন বন্দর এর অবস্থা নিয়ে বন্দর পাতা প্রকাশ। |
| ৩.বই সমাচার | • স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বই-পত্রের মান উন্নয়ন সংক্রান্ত পাতা প্রকাশ। |
| ৪. যুদ্ধ নয় শান্তি | • বিভিন্ন দেশের যুদ্ধের চিত্র এবং এর ভয়াবহতা এবং এর প্রতিকার নিয়ে বিশেষ পাতা "যুদ্ধ নয় শান্তি" বিষয়ক পাতা প্রকাশ। |
| ৫. মুক্তিযুদ্ধ ও ১৯৭১ | • বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে সঠিক চিত্র উপস্থাপনের জন্য স্বাধীনতা বিষয়ক পাতা প্রকাশ। |
| ৬. দাড়িয়াবান্ধা/ বউচি | • গ্রামীণ খেলাধূলা বিষয়ক পাতা প্রকাশ। |
| ৭. প্রবাস জীবন | • প্রবাসী বাংলাদেশীদের অবস্থা নিয়ে প্রবাসীদের জীবনপাতা প্রকাশ করা হবে। |
| ৮. পথিকৃৎ/মৃত্যুঞ্জয়ী/অমর | • বিশেষ দিন, বিশেষ ব্যক্তির জন্মদিন / মৃত্যুদিনে বিশেষ পাতা প্রকাশ করা হবে। |

## সমাপনী বক্তব্য

> "বাংলাদেশের জনপ্রিয় অনেক জাতীয় পত্রিকায় অনেক সময় দেখা যায় যে, মূল পত্রিকার চাইতে অনেক বেশি পাতা ছাপাচ্ছে বিশেষ পাতার জন্য। সপ্তাহের প্রত্যেকদিনই দেখা যায় যে কোন না কোন বিশেষ পাতা তারা প্রকাশ করছে। কারণ পত্রিকার লক্ষ্য থাকে পাঠক ধরে রাখা এবং বিজ্ঞাপন পাওয়া। বিশেষ পাতার মাধ্যমে পাঠককে আকর্ষণ করা হয়। এছাড়া দেখা যায় যে মূল পত্রিকার চাইতে বিশেষ পাতার কাগজের মানও অনেক উন্নত এবং সবই রঙ্গিন। সব মিলিয়ে বলা যায় যে, বিশেষ পাতা পত্রিকার ব্যবসা বা বাজারে টিকে থাকার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। (গৃহিত সাক্ষাৎকার: হোসেন, ২০১৯)

গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে ফলাফলের ভিত্তিতে প্রমাণ করা গেছে বিশেষ পাতার মাধ্যমে পাঠক বিশেষায়িত অনেক তথ্য পেয়ে থাকে। এইসব বিশেষ পাতায় একই সাথে পাঠক, বিশেষজ্ঞ বা পত্রিকার পক্ষ থেকে নির্ধারিত লোকজন লিখে থাকেন। এইজন্য এখানে সকলের মধ্যে এক প্রকার মিথষ্ক্রিয়া হয়। যার মাধ্যমে অনেকেই তার কাঙ্খিত তথ্য বা কি সিদ্ধান্ত গ্রহণ করবেন সহজ হয়। যেমন নারী পাতা বা পাঠকের উকিলের মাধ্যমে উভয়ের মধ্যে মিথষ্ক্রিয়া হয়। এসব কিছু বিবেচনায়ও বিশেষ পাতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

বিশেষ পাতা পত্রিকার অবিচ্ছেদ্য অংশ যার মাধ্যমে পত্রিকাগুলোর স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য দাঁড়ায় বা একটা আলাদা ভাবমূর্তি তৈরী হয়। বাংলাদেশের দৈনিক পত্রিকাগুলোও বিশেষ পাতার মাধ্যমে আলাদা একটি জায়গা তৈরী করে নিয়েছে। এ সাপ্তাহিক আয়োজন পাঠকের জন্য আনন্দের ও এক ধরণের বিশেষ পাওয়া। সংবাদপত্র পাঠকমুখী ও সংবাদপত্র পাঠকের নিজের করে নেওয়ার ক্ষেত্রে বিশেষ পাতা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। পত্রিকা চাইলেই তাদের সংবাদের জন্য নির্ধারিত পাতা প্রকাশ করেই শেষ করতে পারত কিন্তু পাঠকের জন্য বিশেষ কিছু করা এবং অতিরিক্ত কিছু দেয়ার লক্ষ্য থেকেই বিশেষ পাতা প্রকাশ করা হয়ে থাকে। বিশেষ পাতা প্রকাশের জন্য পত্রিকার আলাদা জনবল প্রয়োজন হয়, লেখক প্রয়োজন হয়। তারপর পত্রিকা পাঠকের জন্য বিশেষ পাতা প্রকাশ করে থাকে।

সংবাদপত্রের রূপান্তর বড় কথা নয়, তা দক্ষ ব্যবস্থাপনার সাহায্যে পাঠক মুখী করে তুলতে হবে। পাঠক -চাহিদার প্রতি বিচ্ছিন্নতা সংবাদপত্রের জন্য কখনও সহায়ক হতে পারে না। নতুনত্ব এবং ভিন্ন ধর্মী আধেয়গত উপস্থাপনের যে কত শক্তি তা প্রচার সংখ্যার শীর্ষে অবস্থানকারী পত্রিকাগুলোর দিকে তাকালেই বোঝা যায়। এই অবস্থানে পৌঁছানোর ক্ষেত্রে নতুন বিষয়ে পাতা সহায়ক হতে পারে। সংবাদপত্রের প্রভাবিত করার ক্ষমতা রয়েছে। গবেষণায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে যেহেতু গবেষণার প্রশ্নের উত্তর অনুসন্ধান করে প্রমাণ করা গেছে বিশেষ পাতা বিশেষ প্রভাব নিয়ে প্রকাশিত হয়। তাই বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতা প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত প্রভাব লক্ষ্য রাখতে হবে, তবেই বিশেষ পাতা পরিবার, সমাজ এবং রাষ্ট্রের উন্নয়নে ইতিবাচক প্রভাব রাখতে পারবে। যথা-

১. সামাজিক প্রভাব
২. মনস্তাত্ত্বিক প্রভাব

''বাংলাদেশের জাতীয় পত্রিকায় বিশেষ পাতার আবশ্যকতা: একটি পরিকল্পনা ও বিশ্লেষণ'' শীর্ষক গবেষণা প্রকল্পে প্রমাণ করা গেছে বিশেষ পাতা পাঠকের চাহিদার সঙ্গে সামঞ্জস্য পূর্ণ হলেই আমরা এর সফলতা নির্ধারণ করতে পারবো। গবেষণা হতে প্রাপ্ত তথ্য থেকে আমি কাল্পনিক একটি জাতীয় পত্রিকা 'অনির্বাণ' নামকরণ করে কিছু সুপারিশ এবং পরিকল্পনা নকশা উপস্থাপন করেছি যা ভবিষ্যৎ গবেষক এবং পত্রিকা মালিকদের মান উন্নয়নে কাজে আসবে বলে একজন গবেষক হিসেবে আমার বিশ্বাস।

## সহায়ক তথ্যপঞ্জী:


১. ইসলাম, আমিরবল, পাঠকের সচেতনতাও সংবাদপত্রের বস্তুনিষ্ঠতা নিরীক্ষা, সংখ্যা-৯৩, জুলাই আগষ্ট-১৯৯৯ ঢাকা, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট।

২. সিদ্দিকী, মাহাবুব হাসান, '*সংবাদপত্রে বিষয়গত রূপান্তর*'। নিরীক্ষা। সংখ্যা ৯৮-৯৯, মে আগষ্ট ২০০০। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট। ঢাকা।

৩. সেন, নির্মল; '*আজকের সংবাদপত্র ও সাংবাদিকতা পেশা* '; (২০০০); নিরীক্ষা; সংখ্যা -১০০; বাংলাদেশ প্রেস ইনস্টিউট; ঢাকা।

৪. সিদ্দিকী, মাহাবুব হাসান, '*সংবাদপত্রে বিষয়গত রূপান্তর*'। নিরীক্ষা। সংখ্যা ৯৮-৯৯, মে আগষ্ট ২০০০। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট। ঢাকা।

৫. ব্যক্তিগত সাক্ষাৎকার: অধ্যাপক শফিউল আলম ভূঁইয়া, ফিল্ম টেলিভিশন ও ফটোগ্রাফি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৫ নভেম্বর, ২০১৮।

৬. ব্যক্তিগত সাক্ষাৎকার: অধ্যাপক মফিজুর রহমান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৮ ডিসেম্বর, ২০১৮।

৭. ব্যক্তিগত সাক্ষাৎকার: সাইদা খানম, বিশিষ্ট ফটো সাংবাদিক, ১৫ জানুয়ারি, ২০১৯।

৮. ব্যক্তিগত সাক্ষাৎকার: কাজী রওনাক হোসেন, বিশিষ্ট ফটো সাংবাদিক ও শিক্ষক, ১ জানুয়ারি, ২০১৯।

৯. ব্যক্তিগত সাক্ষাৎকার: শাহ আলমগীর, বিশিষ্ট সাংবাদিক ও মহাপরিচালক, পিআইবি, ৭ জুলাই, ২০১৮।

১০. ব্যক্তিগত সাক্ষাৎকার: জ ই মামুন, বিশিষ্ট সাংবাদিক, ১ জানুয়ারি, ২০১৯।

১১. ব্যক্তিগত সাক্ষাৎকার: পারভীন সুলতানা ঝুমা, বিশিষ্ট সাংবাদিক ও নারী সাংবাদিক কেন্দ্রের প্রতিষ্ঠাতা সম্পাদক, ১২ নভেম্বর,২০১৮।

১২. ব্যক্তিগত সাক্ষাৎকার: নাসিমুন আরা হক মিনু, নারী সাংবাদিক কেন্দ্রের প্রতিষ্ঠাতা সভাপতি, ২৫ ডিসেম্বর, ২০১৮।

১৩. ব্যক্তিগত সাক্ষাৎকার: মোহাম্মদ শাহেদ আলী, বিশিষ্ট সাংবাদিক, ১০ অক্টোবর, ২০১৮।

১৪. ব্যক্তিগত সাক্ষাৎকার: দিল মনোয়ারা হোসেন মনু, বিশিষ্ট সাংবাদিক, ১০ অক্টোবর, ২০১৮।

১৫. ব্যক্তিগত সাক্ষাৎকার: মোস্তফা ফিরোজ, বিশিষ্ট সাংবাদিক, ১০ মার্চ, ২০১৯।

১৬. ব্যক্তিগত সাক্ষাৎকার: বিশিষ্ট সাংবাদিক আবেদ খান, ২০ ডিসেম্বর, ২০১৯।

১৭. ব্যক্তিগত সাক্ষাৎকার: বিশিষ্ট সাংবাদিক মঞ্জুরবল আহসান বুলবুল, ৩০ নভেম্বর, ২০১৯। ১৯. ব্যক্তিগত সাক্ষাৎকার: বিশিষ্ট সাংবাদিক আশিস সৈকত, ১৫ অক্টোবর, ২০১৯।

১৮. ব্যক্তিগত সাক্ষাৎকার: নাঈমুল ইসলাম খান, নিরীক্ষা কর্তৃক গৃহিত হয়েছে ২০০০ সালে । বাংলাদেশ প্রেস ইনস্টিউট; ঢাকা।

১৯. ব্যক্তিগত সাক্ষাৎকার: শাহাদাত চৌধুরী, সাপ্তাহিক-২০০০ এর সম্পাদক। নিরীক্ষা কর্তৃক ২০০০ সালে গৃহিত। বাংলাদেশ প্রেস ইনস্টিউট; ঢাকা।

২০. Cohen, Paula, Marantg, (1987), 'A Public Relations Primer-Thinking & Writting In Context', Printice Hall.

২১. Campbell, Laurence,R; Wolsely Roland E. (1961) 'How to report and Write the news',Printice Hall.

২২. Dray, David, (1973),'How to Write News for Broadcastand Print Media', G/L Tab Book.

২৩. Laws, Sopie, (2003);'Research For Development a Practical Guiide ', Sage Publications India Pvt. Limited.

২৪. Merrill, John.C; Lee.John.D; Friedlander, EdwarD Jay (1994) 'Modern Mass Media', Pearson,London.

২৫. Marston, John.E; (1979), 'Modern Public Relations, McGraw-Hill. New York.

২৬. Patterson, Philip; Wilkins, Lee (1991),'Media Ethics'; TJWC.

২৭. Starr, Edward, (1968), 'Public Relations', Copyright office, Labrary of Congress.

২৮. Wimmer, D, Roger & Dominick R. Joseph (2003), Mass Media Research: An Introduction,Thomson Wadsworth Publishing Company, Singapore.

# REPRESENTATIVE DEMOCRACY AND INFORMATION LITERACY: AN INDIAN PERSPECTIVE

**Dr. Pranab Kumar Ganguly***

It is well known, well accepted and at the same time well established truth that literacy and education are fundamental precondition for the success of representative democracy --a system where people irrespective of age, sex, race, religion, economic condition have equal right to exercise their right to franchise. But mere constitutional recognition of right to vote is not at all a sufficient condition to critically, conscientiously and successfully participate in the process of forming government--be it at the Panchayat level, state level or national level. Moreover, only academic qualification doesn't guarantee effective participation in the process of the formation of government; what is essential in this age of information revolution is critical awareness of every important issue relating to local level, state level, national level and even international level. Lack of literacy, awareness and political awareness leads to hamper the very root of democracy. So, in a democracy where the people are ultimate source of legitimate power, the citizens should not only be qualified and literate, they must have critical awareness of multidimensional issues. People must be critically aware of what is *happening around them.* Many qualified persons are found to be less interested in what is happening in the political world; they are less bothered about activities of different political parties and less informative about the activities of the political leaders who are in a position to lead the nation. In a representative democracy or in a participatory democratic system the electorate should know well about the leadership quality, efficiency, level of education, integrity, honesty, sense of dedication, about direct and indirect contact with the people and equally their sense of well being of the people. In a participatory democracy no citizen is supposed to be casual towards political parties and their leaders. In representative democracy government means party government. So, the citizens must be well informed about the parties and their leaders. We the citizens must not take an ostrich view towards political parties and their leaders nor we should be indifferent towards the important socio-political, economic and important issues which are directly or indirectly related to the process of all round development of a nation.

*WBES Librarian, Govt. Training College, Hooghly. E-mail : gangulypranab1958@gmail.com

In order to be aware of each and every important issue people must be informative--a quality which can be acquired through information seeking behaviour. Again, this kind of behaviour or thirst for varied information can be developed among the people through information literacy. One might opine in this context that the habit of seeking information should develop among the learners from their very school stage.

In a representative democracy people are the ultimate source of power. It is an indirect democracy. In fact, representative democracy refers to the facts that in this system of democracy people directly participate in the process of franchise and accordingly form government. People have every right to remove the old government and install a new one in place of the old. In a representative democracy people participate in decision making process indirectly. They choose their representatives through an election process. These elected representatives meet and make decision for the entire population. So, in this system people indirectly participate in the decision-making process. So, in such a system of democracy elections is a very important issue and at the same time a vital process. For electing right government to rule the people in a right way and to lead the nation in the path of all round development every citizen must be critically aware of every important issue.

Today in this age of population explosion it is not possible to sit together to take decision on any issue. Moreover, everyone is not able to take right decision , especially for the people who are citizens of the third world countries like ours where crores of people are still illiterate and many more people are neo-literates while many others are semi-literates. Besides, political parties are very important factor in a representative democracy. As a matter of fact, political parties in a representative democracy fight among themselves to win majority seats to form government. It is the process of universal adult franchise that the people form government and it is the process of election that people can change the same government . Thus it is through election that people can exercise control over the government. It is in this context that we should remember that the government is of the people, for the people and by the people. As it has been stated above that people participate in the process of polling and caste their valuable votes according to their choice and thereby elect the representatives to form government.

It may be stated that the concept of democracy is not any new concept. It is as old as Athenian democracy. In such a system of democracy people used to get every opportunity to directly participate in the process of decision-making on every important issue.-the issues or matters that influence the lives of the citizens. It may be termed as participatory democracy. But unlike Athenian democracy today we are in indirect democratic system where people do not directly rule themselves, rather rules through elected representatives. In a participative democratic system people's needs and interests get priority. Interest of the people becomes the central focus of political decision-making process. Citizens are the heart of democracy and their opinion acts as basis of change. In a participatory democracy citizens are provided with every opportunity to participate in the decision making. Through this participation the people give impulse for change. There are different levels of participatory democratic practices. Information,

consultation, dialogues and partnership and many others to organize participation Participatory democracy supports public authorities and civil society stockholders to establish sustainable mechanisms for civil participation. Through round table events, expert roundtable discussion and public campaigns it raises local authorities and civil society organizations' awareness, builds knowledge regarding interactional issues. It fact, participatory democracy is a type of democracy which is itself a form of government.

Democracy has two main sub-types: direct and representative democracy. While direct democracy is the original concept; its representative version is very widespread today. Today's representative democracy is indirect democracy. Public participation in this context is the inclusion of the public in the activities of polity. It can be any process that directly engages citizens in decision making and give consideration to its impact.

In almost all forms of representative democracy political parties hold key place. One might go a few steps ahead and opine that today's democracy is party democracy As a matter of fact, political parties actively participate in the process of franchise and people vote for the symbols of different parties. Joining political parties allows citizens to participate in democratic systems, but is not considered participatory democracy. As a matter of fact, participatory democracy existed in different forms. Its modern theory is developed by Jean-Jacques Rousseau in the eighteenth century and later promoted by John Stuart Mill and GDH Cole who argued that political participation is indispensable for a just society. In the early twenty-first century, participatory democracy has been most widely studied and experimented with.

Needless to say, democracy provides an environment that respects human rights and fundamental freedom and in which the truly expressed will of people is exercised. To be sure, in any form of representative democracy and in form of government the role of citizens or people at large is very important. In a democracy people are the ultimate source of legitimate power. So, the opinion of people is supposed to be informed and educated one. So awareness in general and political awareness of the people in particular are required to be given due emphasis. The electorates must be literate and educated one to exercise their valuable opinion. Here it may be argued that mere formal literacy and formal education or educational qualifications are not sufficient condition for the success of representative democracy. In order to achieve the fundamental objectives of democracy people from all walks of life must have to be information literate.

In a representative democracy effective or informed political participation presupposes information literacy on the part of the electorates. Thus, information literacy is an important tool for supporting informed participation not only in the political process but at the same time in the process of socio-economic development. In fact, information literacy refers to accessing, evaluating, managing and communicating information. So an information literate person is one who realizes the social, cultural and political implications of information. An information literate person knows how to utilize information for the best advantages both at work and in everyday life. Such person with the habit of seeking information identify the most useful information when

making decision, when voting or to participate in community life. They are able to evaluate, newscast, advertisements and political campaigning speeches. The five important components of information literacy are: identify, find, evaluate, apply and acknowledge. In fact, as education is a life-long process information literacy is equally a life-long learning process. The process of information literacy today should begin with the school life in the life of every learner. This process of information literacy continues in the life of the learner and develops in their life of higher education and then continues throughout their life. Information literacy aims to teach students how to find information and prepare them for life-long learning. The students can find information needed for any assignment, project or decision at hand. Information literacy helps an individual to use and create information to achieve their personal, social, occupational and educational goals. It helps every citizens to develop political awareness which is one of the fundamental factors for the success of representative democracy.

In view of growing complexities in the field of social, political, economic, religious, cultural and many other fields which are related to our daily lives people living in the system of representative democracy will have to acquire critical information literacy; otherwise the representative democracy will suffer a serious setback. In fact, critical information instruction is an important factor to develop knowledge, skill, and sense of responsibility as a responsible citizen of nation where representative democracy prevails. In a democratic system critical awareness or heightened awareness among the people in general and that of young people in particular regarding social injustice and many other evil forces that weaken the base of people's democracy and equally the spirit of democracy, is an important question to be reckoned with. The younger generation will have to be aware of the ugly faces of disintegrating forces and combat such challenges for the success of democracy. According to Smith, Lauren, critical pedagogy is an educational movement which gives people opportunity to develop the knowledge, skills, sense of responsibility necessary to engage in the culture of questioning. Mr. Smith further says that a central feature of critical pedagogical approach is critical literacy which teaches analysis and critiquing skills. Critical literacy has been recommended by a number of authors as a valuable aspect to inculcate in information literacy instruction. Critical information literacy could contribute to enabling the development of political agency and increasing the meaningful and active involvement in democratic processes. With the focus on value of information literacy becoming increasingly important within library and information science, it is important to be aware of its roots. Information literacy is required to adopt a critical approach in order to meaning fully engage with the democratic social goals of library and information science and address some of the limitations of information literacy theories. Critical information can help the younger people to develop critical awareness which is of much importance for the success of representative democracy. Every citizen of a nation will have to be an informed one.

In view of the necessity of information awareness, information literacy education for all the learners is almost a crying need of the hour. It must begin with school stage of the pupils. It should be there across the curriculum. In this context the role of academic libraries in particular

deserves special mention. The democratic role of libraries is very crucial. The academic library is a common platform of every member of its parent institution, while public library is known as people's university and it is also known as community resource centre. According to UNESCO Public Library Manifesto, public Library is a living force for education, culture and information and an essential agent for fostering of peace and welfare through the minds of all people. UNESCO in its Public Library Manifesto for the first time spells out the key missions that relate to information, library, education and culture and should be at the core of public library services; creating and strengthening reading skills and habits in children from an early age. So, UNESCO emphasizes that every citizen shall have to be educated and informative. So every individual in society must have information literacy that can be provided to all people irrespective of age, sex, race, cast and community. In fact, a library exists when three components like the readers, the books and the staff are in purposive contact with one another. The libraries in traditional sense of the term have played and are still playing crucial role since its very inception. With the passage of time varied kinds of libraries have come into existence with varied role to play. The so called and much discussed virtual library or E-Library could not replace the old traditional library. The traditional libraries are still working in full swing . In this age of technological revolution and its increasing sophistication library exists all over the world. In case of technologically advanced societies in Asia, Europe and America libraries have not been abolished. In fact, this information centre is internally connected with civil society. No educated society prevails without library-either public library or other kinds of libraries. Hence inspite of constant threat from modern information technology to replace the library in traditional sense of the term by E-Library or Virtual Library, as a social institution the traditional libraries are playing their part in educating the people and enriching society with necessary and varied information. Needless to say , the basic objective of every library is to develop an educated people; while the academic library helps in imparting higher knowledge in different fields, field-specific and subject-specific knowledge, , imparts knowledge in different disciplines and at the same times provides knowledge in information literacy, the research and special libraries contribute in providing specialized knowledge in specialized fields. It deserves mention that apart from providing specialized knowledge in varied specialized fields, the special libraries can provide information literacy to the researchers which help them to be socio-politically aware and that of the things happening around them. It is true that public library is different from other kind of libraries in its structure and function , but there is no contradiction between the public library on the one hand and other kind of libraries on the other, because the basic objective of all kinds of libraries are fundamentally same i.e. to develop an educated society where every individual will be literate and educated and each individual will have information literacy knowledge.. Knowledge in information literacy helps the people to have awareness of all important issues, be it social, economic, political or economic. Such an awareness is not only desirable but equally required in the life of every citizen for effective participation in the process of nation building or in other words, in a representative democracy like ours people are expected to have their participation in the political

process critically and conscientiously. In order to develop educated and conscious citizens public libraries and school libraries must come forward on the basis of active cooperation and collaboration for giving information literacy knowledge along with literacy knowledge to the illiterate masses and for developing self-reading ability to the neo-literates. In Public Library Act in West Bengal it was stated that the rural libraries will take adult education classes. On the basis of active collaboration the public libraries and school libraries will serve the information needs of the people, provide literacy knowledge and at the same time information literacy. In so doing these libraries in collaboration among themselves and in collaboration with the literacy canters and voluntary agents will be able to ensure educational development of the illiterate masses and school libraries on the basis of co-operation and collaboration with the local rural libraries will serve the information needs of the pupils. As a matter of fact, public library provides free services such as pre-school story times to encourage early literacy among the children who will be future participants in the process of nation building including that of the process of franchise.

Needless to say, in the 21st century information is most valuable capital. It is required by every conscious citizen every now and then. But unfortunately there are many in our country and in many third world countries who are hardly aware of their information needs. Such people have very poor level of information awareness. So , initiatives are required to be taken to develop information-seeking behavior among such people who lack information literacy knowledge. Information literacy helps to promote problem solving approaches, thinking skills, asking questions and seeking answers, finding information, forming opinion, evaluating sources and making decisions, fostering successful learners, effective contributors, confident individuals and responsible citizens. An individual and/or a learner having information literacy education and further personal learning can successfully cope with every important walk of life. The importance of planned information searches and priotrising potential sources of information help a learner to acquire knowledge and skills and also critical awareness. So, the pupils can learn information literacy across the curriculum. Since today's children are tomorrow's citizens the success of representative democracy most crucially depends on them. Today's children will have to participate tomorrow in the process of the formation of government. Today's representative democracy is indirect democracy. Public participation in this context is the inclusion of public in the activities of polity. It can be any process that directly engages citizens in decision making and give consideration to its impact.

In any form of government and in that of representative democracy the role of the citizens or that of the electorate becomes decisive factor in the formation of government. People are the ultimate source of legitimate power in a democracy. Quite logically therefore, the opinion of the people is supposed to be informed and educated one. So , awareness in general and political awareness of the people in particular is required to be given due emphasis in a representative democratic system. The electorate must be well-informed and educated ones to express their valuable opinions. It deserves mention in this context that mere formal literacy and formal

education or educational qualification are not sufficient condition for the success of representative democracy. In order to achieve the fundamental objective of democracy propel from all walks of life will have to be information literate.

In a representative democracy effective or informed political participation presupposes information literacy knowledge of the people. So information literacy is an important tool for supporting informed participation not only in the political process but equally in that of socio-economic development.. in fact, information literacy refers to assessing, evaluating, managing and communicating information. So, an information literate person is one who realize the social, cultural and political implications of information. An information literate person knows how to use information for the best advantages both at work and in everyday life. Such person with habit of seeking information identify the most useful information when making decision, when voting or to participate in community life. They are able to evaluate newscasts, advertisement and political campaign speeches. The five important components of information literacy are: identify, find, evaluate, apply and acknowledge. In fact, as education is a life long process, information literacy is also a lifelong learning process. The process of information literacy today should begin in the life of every learner with school life, it develops in their life of higher education and then continues throughout their life. Whatever the children learn in their childhoods continues throughout their life, information literacy being no exception. Information literacy aims to teach students how to find information and prepare them for lifelong learning. The students can find information needed for any assignment, project or decision at hand. Information literacy helps an individual to use and create information to achieve their personal, occupational, social and educational goals. It helps every citizen to develop political awareness which is one of the fundamental factors that works behind the success of representative democracy. The critical information literacy instruction is an important factor that develops knowledge, skills, sense of responsibility among the individuals of a nation where representative democracy prevails. In a democratic system critical awareness or heightened awareness of people in general and that of young generation in particular acts as an important factor to raise voice against social injustice and also against many other evil forces that weaken the very base and spirit of democracy. Hence, in every democratic system critical information literacy of the people from all walks of life is a very crucial factor to be reckoned with. The younger generation will have to be aware of the ugly faces of disintegrating forces and to combat the challenges to ensure the successful working of representative democracy. According to Smith, Lauren, critical pedagogy is an educational movement which gives people opportunity to develop the knowledge, skills, and sense of responsibility necessary to engage in a culture of questioning. Mr. Smith further says that a central feature of critical pedagogical approach is critical literacy which teaches analysis and critiquing skills. Critical literacy has been recommended by a number of authors as a valuable aspect to include in information literacy instruction. Critical information literacy could contribute to enabling in the development of political agency and in increasing meaningful and active involvement in democratic processes. With the focus on the value of information literacy

becoming increasingly important within library and information science, it is important to be aware of its roots. Information literacy is required to adopt a critical approach in order to meaningfully engage with the democratic social goals of library and information science.. Critical information can help the younger people to develop critical awareness which is of much importance for the success of representative democracy. Every citizen of a democratic country will have to be informed one. Libraries as information resource centers can enormously contribute to develop critical outlook of the people.

India is one of the largest representative democracies in the world. It deserves mention that the people of India have experienced more than seventy-five years of the system of representative democracy. One might question regarding the success of representative democracy in this country. Jawarlal Nehru was in favour of socialistic patter of society in our country. How far his dream of the said pattern of society has been successful? In this context it may be stated that India since its independence has been experiencing multidimensional problems which are quite detrimental to the health and spirit of representative democracy. Problems of cast, communalism, secessionist movement in different parts of India, the ugly faces of poverty, illiteracy and many other problems are weakening the very base of democracy. Perhaps it will not be over - simplication to say that one of the most crucial factors for such increasing problems in our country is illiteracy which leads to create ignorance and poverty. In fact, poverty and illiteracy are two sides of the same coin. We are lagging far behind the achievement of total literacy and self-reading ability of many neo-literates. Problems like illiteracy, poverty, lack of political awareness and that of self-confidence are acting as enemies of representative democracy of India. Behind population problem in India illiteracy and poverty are working as important factors. In India population problem is an alarming one. There are many in our country who do not follow family planning norm. here also illiteracy and lack of awareness have become contributory. So, what is essential is to control population. If we can control population growth, it will lead to decrease many a problem. It needs awareness of the people in general and educationally and economically backward people in particular.

For the development of information literacy of the illiterate and neo-literate adults some agents like public library, literacy centers, voluntary organizations, Village Panchayat, Zilaparisod and the like should come forward on the basis of collaboration. Such collaboration can effectively contribute to the development of information literacy knowledge. For the students or learners government should make necessary provision in the curriculum for teaching information literacy. It should be taught across the curriculum. So, the major problems that come in the way of successful working of representative democracy are required to be solved without further delay and for this purpose the knowledge in information literacy of every citizen should be gives due emphasis. In fact, success of representative democracy and learning of information literacy are closely inter related.

***References:***


1. Bamberger, R.Promoting reading habit.1975. UNESCO; Paris. In Mahapatra,p.k. and Thomas V.K. Public libraries in developing countries.1996;Vikas Publishing : New Delhi .252p
2. Internet.
3. Kumar, Krishan. Library organization.1989.Vikas Publishing: New Delhi.278p.
4. Lynch, I.Life long education and the preparation of educational personnel.1997.UNESCO Institute for Education: Humbug. 123p.
5. Quinn, V.N.Applying psychology.1985Magraw-hill: New York.456p.
6. Shukla, P.D.Towards the new pattern of education in India.1987. Sterling publishers: New Dehli. 294p.

# শিল্পে ডুডলিং (Doodling)-এর প্রভাব : একটি বিশ্লেষণাত্মক সমীক্ষা

অরূপ কুমার দাস*

**(a) Aesthetics behind art and creation and their relation :**

পানিনি পূর্বযুগে অর্থাৎ খ্রীঃ পূর্ব পঞ্চম শতকের আগেই 'ঐতরেয় ব্রাহ্মণ' গ্রন্থে মানব শিল্পকর্মের বিকাশ বিষয়ে একটি বিশিষ্ট উদ্ধৃতি লক্ষ্য করা যায়। যেখানে বলা হয়েছে— দেব শিল্পের অনুকরণে মানব সৃজন শিল্পকর্মের বিকাশ ঘটেছে।

হিরণ—অর্থাৎ সোনার অলঙ্কার।

কাংস—কাঁসার বাসন

বাস—বস্ত্র

রথ—কাঠের যানবাহণ

তরী—নৌকা—এই সব দেব শিল্পের অনুকরণেই তৈরি হয়েছে। বেদান্ত দর্শন অনুসারে— জীবনকে ছন্দোময় করার জন্য এবং আত্মার সংস্কারের জন্য মানুষ প্রাথমিক ভাবে দেবতাদের অনুকরণে শিল্প সৃজন কর্ম করতে শিখেছিল। উক্ত শিল্প কর্মগুলি তথা craft গুলি মানুষ তাদের নিত্যপ্রয়োজনের তাগিদে নিজস্ব শিল্প চেতনা থেকেই তৈরি করেছিল।

সুতরাং চিরাচরিত কাল থেকে অজান্তেই শিল্প চেতনা মানব জীবনের অঙ্গে পরিণত হয়েছে এবং সামান্য থেকে সামান্যতর কর্ম ও কর্মপ্রচেষ্টার মধ্যে তা নানাভাবে প্রতিফলিত হয়েছে। মানুষ তার চিন্তা, ভাবনা কর্মগুলিকে নিখুঁত থেকে নিখুঁততর ভাবে করার চেষ্টার মাধ্যমে জীবনকে শৃঙ্খলাপূর্ণ ও ছন্দোময়তা যুক্ত করার প্রয়াস করে চলেছে। ফলে মানব জীবনের ক্ষুদ্রাতিক্ষুদ্র কর্ম প্রচেষ্টা শিল্পে উন্নীত হয় যা একটি পর্যায়ে দেবত্বে পর্যবসিত হয়। এইভাবেই শিল্পের নিরিখে ধর্ম, জীবন, কর্ম, একসূত্রে ছন্দোময় ভাবে বিন্যস্ত হয়। স্বামী বিবেকানন্দ বলেছেন—"ধর্ম এমন একটি ভাব যা পশুকে মনুষ্যত্বে ও মানুষকে দেবত্বে উন্নীত করে"। 'বিষ্ণুধর্মোত্তর' পুরাণের 'চিত্রসূত্র' অধ্যায়ের আখ্যান অনুযায়ী রাজা চিত্রকলায় নিপুণ নারায়ণমুনিকে গুরু রূপে বরণ করে তাঁর কাছে চিত্রকলা বিদ্যা শিক্ষার জন্য অনুশীলনরত হন। একদিন রাজা মুনিকে জিজ্ঞাসা করলেন কি করলে আমি একজন শ্রেষ্ঠ চিত্রকর হয়ে উঠতে পারবো। মুনি রাজাকে উপদেশ দিলেন—তুমি যদি একজন শ্রেষ্ঠ চিত্রকর হতে চাও তাহলে তোমাকে আগে একজন শ্রেষ্ঠ মূর্তিকার হতে হবে, তুমি যদি একজন শ্রেষ্ঠ মূর্তিকার / ভাস্কর হতে চাও তাহলে তোমাকে উৎকৃষ্টরূপে নৃত্যকলা শিখতে হবে। আর এমনিভাবে নৃত্যকলা শেখার জন্য আগে বাদ্যকলা শিখতে হবে এবং বাদ্যকলা জানার জন্য তাল বা মাপ-পরিমাপ জ্ঞান লাভ করা জরুরী, একমাত্র এইভাবেই সম্ভব হতে পারে পরস্পর সম্পর্কিত পরবর্তি কর্মগুলির মাধ্যমে বিমূর্তায়ন বা Abstraction ফুটিয়ে তোলা এবং চূড়ান্ত উৎকর্ষতা লাভ করা।

* Asst. Professor, Graphic Design/Applied Art. Govt. College of Art and Craft, Calcutta.
E-mail : arupdasart@gmail .com

চিত্রকলা তথা অঙ্কিত বিদ্যার ক্ষেত্রে এই কথাগুলি উল্লেখ্য বা তাৎপর্যপূর্ণ। শোভেন হেয়ারের মতে "শিল্পের উদ্দেশ্য বা গতিপথ হোল বিমূর্ততার দিকে যাওয়ার চেষ্টা করা যে বিমূর্ততা সঙ্গীতের মধ্যেই উপনীত হয়ে গিয়েছে। পরস্পর সম্পর্কিত শিল্প শাখাগুলির মধ্যে যে সূত্র তা বাদ্যের ফর্মের মধ্যে দিয়েই চূড়ান্ত বিমূর্ততার সব থেকে সান্নিধ্যে বা নিকটে উপনীত হতে পারে।"

চিত্রকলারই একটি বিমূর্ত বা অর্ধ বিমূর্ত রূপ হোল Doodling, মানুষের বহু বিচিত্র অবচেতনার আকস্মিক দৃশ্যরূপ এটি। সহস্র মূহূর্তের বিচিত্র ভাবনার একত্রিত দৃশ্যরূপায়ণ তা বিমূর্ত বা অর্ধবিমূর্ত কখন প্রকাশিত কখনও বা অস্থায়ী মাধ্যমে বিলীন। এটি বিমূর্ততার একটি অতিপ্রচীন অথচ চির নতুন এক সার্বিক প্রকাশ।

'চিত্রসূত্র অধ্যায়ের' ব্যাখ্যা দিতে গিয়ে স্টেলা স্ক্রামরিস বলেছেন "এই শিল্পের প্রতিটি অঙ্গের পারস্পরিক ছন্দ পাঠকের কাছে ও শিল্পীর কাছে প্রায় হেঁয়ালির সমতুল্য।"

এর ব্যাখ্যা প্রসঙ্গে বলা যায়— চিত্রে রেখা বা লাইন আছে, রিলিফ কে আবার অর্ধচিত্র বলা হয়। এক সময় ভাস্কর্যকেও চিত্রকলা বলা হোত। প্রকৃতপক্ষে এদের পারস্পরিক জটিল ও গভীর সম্পর্ককে বুঝতে হবে।

চিত্রে রেখার ব্যবহার হয়, ভাস্কর্যে carving বা modelling করা হয়। চিত্রের থেকে ভাস্কর্যে একটি অতিরিক্ত গুণ আছে। চিত্র দ্বিমাত্রিক এবং ভাস্কর্য ত্রিমাত্রিক, ভাস্কর্য কঠিন, চিত্র অপেক্ষাকৃত সহজ ও বেশি বিমূর্ত।

ভাস্কর্যের থেকেও আরো উন্নত নৃত্য পরিকল্পনা। এখানে নির্দিষ্ট ছন্দে movement হয় এখানে প্রতি মূহুর্তে Expression পরিবর্তিত হয়, অভিব্যক্তি পরিবর্তিত হয়, Time, Place পরিবর্তিত হয়। ভাস্কর্য প্রবহমান জীবনের একটি বিশেষ মূহূর্তের অভিব্যক্তি (ভাব) কে একটি Time এবং Place-এ প্রকাশ করা হয়। যেমন—ধ্যানী বুদ্ধ, ধর্মচক্র প্রবর্তন বুদ্ধ— এগুলি এক একটি ভাব। একটি মূহূর্ত বা ঘটনার স্থায়ী রূপ। ভাস্কর্য স্থিতিশীল। অনন্ত জীবন প্রবাহের খণ্ডকালের মর্মর মূর্তি, নৃত্য গতিশীল জীবন প্রবাহ। একটি নৃত্যের একটি বিশেষ মূদ্রাকে কেন্দ্র করে ভাস্কর্য নির্মিত হতে পারে।

ভালো নৃত্য জানতে হলে সঙ্গীতকে ভালোভাবে বুঝতে হবে। নৃত্যে ও সঙ্গীতে ছন্দ আছে। তবে এখানে আরো একটি অতিরিক্ত বিষয় আছে তা বিমূর্ততা; এখানে কোন দৃশ্যমান ফর্ম নেই-এর আবেদন আমোঘ, এর ভাব খুব সহজে মনকে স্পর্শ করে তা যেকোন ভাষার সঙ্গীতই হোক না কেন।

এর মাধ্যমে আসলে আমরা ক্রম বিমূর্তায়ণে যাই। চিত্রে কর্ম আছে, ভাস্কর্যে Time এবং Place আছে, নৃত্যে ছন্দ আর গতি আছে। কর্মের মধ্যে আবার সঙ্গীতে আমরা Placeless time-এ পৌঁছে যাই। সঙ্গীতেই আমরা প্রথম formlessness বা আকারহীনতায় পৌঁছাই। কিন্তু এখানে অর্থবহ কথা আছে। শব্দ আছে, 'তালে' আবার কেবলই শব্দ আছে কোন অর্থবহ কথা নেই— এটাই চরম বিমূর্ত রূপ, শব্দ বাজতে হলে শূন্যতা লাগে।

তাল ও সঙ্গীত দুইই formless, তবে দুইটিতেই ছন্দ আছে। তাল সঙ্গীতকে নিয়ন্ত্রণ করে। সমস্ত শিল্পেই হারমনী অর্থাৎ Hermony Rythm দরকার হয়। কখনও তা অপরিমিত হতে পারে না, যদি তা হয় তাহলে সৌন্দর্য্য ক্ষুণ্ণ হয়, ছন্দপতন ঘটে তা সে যতই বিমূর্ত হোক না কেন। ঠিক যেমন ভাবাবেগে আপ্লুত হয়ে over work হয়ে গেলে যেকোন শিল্প কর্ম দৃষ্টিকূট লাগে, Doodling করার সময় অনেক সময় মানুষ ভাবাবেগে নিয়ন্ত্রণ হারায়, আবার অনেক সময় সচেতনতা কাজই করে না, অবচেতন মনে Doodling করে যায় মানুষ, ফলে এই বিষয়টি সম্পূর্ণ না হলেও অনেকটা Accidental (আকস্মিক), তা শিল্পের উৎকর্ষতা লাভ করতে পারে, নাও পারে। তবে এই শিল্পের কর্মটি অনেকটা স্বাধীন তাই বিমূর্তার উৎকর্ষতাতে পৌঁছাতে সক্ষম। এখানে অবচেতনার বিমূর্ততা অন্তর্নিহিত শৈশব ও

ভাবাবেগের প্রভাব বিমূর্ততার উৎকর্ষের ভিত্তি অনেকটা প্রস্তুত করে দেয়।

বিমূর্ততার সূক্ষতর উপলব্ধিতে উপনীত হওয়ার বিষয়টি পরস্পর গভীর সম্পর্ক যুক্ত; সৃষ্টি, স্রষ্টা, স্থিতি, বিমূর্ততা, ধ্বংস, পুনঃসৃষ্টি-সবই যে এক সূত্রে আবদ্ধ। শিল্পের উৎকর্ষতা লাভ আর চূড়ান্ত বিমূর্তার মাধ্যমে স্রষ্টা বা শিবকে উপলব্ধি করাই শিল্পের উদ্দেশ্য যা মানুষকে দেবত্বে এবং পশুকে মনুষ্যেতর উপলব্ধি দেয়। সুরের ছন্দ তৈরি করে তাল, ছন্দ প্রথমে চিত্র থেকে শুরু করে বাদ্যের সর্বত্রই আছে, প্রথম যা প্রত্যক্ষ হয় নৃত্যে। একটি নির্দিষ্ট ছন্দে ঘাত করলে তাল তৈরি হয়। তাল সরাসরি আমাদের মস্তিষ্ককে উদ্দীপ্ত করে যদিও এটি চূড়ান্ত বিমূর্ত। তাই সঙ্গীত শোনার সময় বেশির ভাগ মানুষ তার অর্থ বুঝুক বা নাই বুঝুক তবলার বা বাদ্য যন্ত্রের তালে তালে তাল দেয়। সুতরাং এই তাল চূড়ান্ত বিমূর্ত হওয়ার জন্যই সবচেয়ে প্রথমে মস্তিষ্কে অনুভূতি জাগায়। এটি এমনকি জন্তু, জানোয়ারদের ক্ষেত্রেও কার্যকর। চিত্রকলার মধ্যে Doodling formটি সবচেয়ে বিমূর্ত কারণ এতে অসীম স্বাধীনতা আছে, সমস্ত বোধ্যগমতার উর্ধ্বে যাওয়ার সুযোগ আছে—তাই এটি সার্বিক। বহু non artist Doodling করে আর প্রায় প্রতিটি মানুষই Doodling করে থাকে সচেতন কিংবা অচেতনভাবে কোন স্থায়ী কিংবা অস্থায়ী মাধ্যমে। Doodling সৃষ্টির একটি প্রকাশ বা অংশ।

এক সৃষ্টি থেকে অন্য সৃষ্টিকে বলা হয় মহাকাল/কালান্তর। মহাকালের সময় থেকে সূক্ষ্মতম সময় সবই একসূত্রে গাঁথা। এই দুটি তালের মাঝে মুহূর্তের যে শূন্যতা তাও মহাকালেরই একটি অংশ। মহাকালের যে চরিত্র, এর মধ্যেও সেই একই চরিত্র আছে। ব্রহ্মের সহস্র অঙ্গের মধ্যে একটি অঙ্গ হল শব্দ বা নাদ ব্রহ্ম। মহাশূন্য থেকেই এই পৃথিবী সৃষ্টি হয়েছে। আবার শিল্পীর সৃষ্টিতেও সেই শূন্য আছে। তার থেকেই শিল্প সৃষ্টি হয়। মানুষ শূন্য দিয়েই নানাবিধ ফর্ম সৃষ্টি করে চলেছে। আসলে অনন্তকালেরই খণ্ডকালকে শিল্পের বিভিন্ন ফর্মে ধরা হয়। আমরা শূন্যের সৃজনশীলতাকে সম্মকরূপে অনুধাবন করে থাকি শিল্পের বিভিন্ন 'ফর্মে'। সুতরাং কালচক্র পারস্পরিক সম্পর্কিত এবং প্রতিটি একটি নির্দিষ্ট ছন্দে বাঁধা। এর মধ্যেই অনন্ত, অখণ্ড কাল, সময়, দেশ সমস্ত কিছুই প্রকাশিত হয়। আবার একই রকম প্রবাহ মানসিক শূন্যতা থেকে সৃষ্টি হয় চূড়ান্ত ব্যক্তিগত অবচেতনার নানা Doodling রূপে

"আকাশ হতে আকাশ পথে। ঝরছে জগৎ
ঝর্ণাধারার মতো আকাশ হতে।।"


Publo Picaso-এর মতে—"Every child is an artist, the problem is staying an artist when you grow up."

শৈশবে মানুষ সমস্ত জটিল চিন্তা থেকে মুক্ত এক স্বাধীন জীবন উপভোগ করে সেখানে যে তার পরিপার্শ্বিক জটিল ফর্ম ও বিষয়গুলিকে নিজের স্বাধীন চেতনায় সহজ ফর্মে অনায়াসেই প্রকাশ করতে পারে। তা অনেক ক্ষেত্রেই ফর্ম ও রং-এ বিমূর্ততায় উৎকর্ষতা লাভ করে। শিল্প আসলে পবিত্র, নিস্পাপ, জটিলতাবর্জিত স্বাধীনতার প্রকাশ। যা সময়ের সাথে সাথে বোধগম্যতা বাড়ার সাথে সাথে মানুষ হারাতে থাকে, সচেতনতা বাড়ার সাথে সাথে লোপ পেতে থাকে সমাজ, সংসারের নানা চাপে। স্বপ্নে, অবচেতন মনে ও কল্পনায় মানুষ পুনরায় এক স্বাধীনতার বাতাবরণে বিরাজ করে যা শিল্প সৃষ্টির ভিত্তি প্রস্তুত করে।

Artist, non-Artist প্রায় সব মানুষই Doodling করে থাকে। এটি একটি সার্বিক শিল্পরূপ বলা চলে। প্রকৃতপক্ষে Pure form of Doodling আসে মানুষের অবচেতন মনের ভিতর থেকে। যদিও বর্তমানে বহুক্ষেত্রেই বিজ্ঞাপন, চিত্রকল্প ও Design-এর স্বার্থে এই Doodling ফর্মগুলিকে নতুন আঙ্গিকে ব্যবহারের প্রবণতা বেড়েছে তবে তা একেবারেই সচেতনভাবে করা Doodling প্রয়াসের আপেক্ষিক ব্যবহার মাত্র যা অনেকটাই শিল্পের উৎকর্ষতা লাভ

করে, বাধ্যতামূলক সুন্দর, দৃষ্টি নন্দন, more appling করা হয়। অচেতন অবস্থায় Doodling করার ক্ষেত্রে মানুষ যে কোন সহলভ্য মাধ্যমে তার মানসিক অবস্থার বহিঃপ্রকাশ ঘটায়। যেটি স্থায়ী কিংবা অস্থায়ী মাধ্যম হতে পারে তখন সে তার শৈল্পিক বিকাশ ও স্থায়িত্বের কথা ভাবে না। তবে Doodling-এর সময় যে form গুলি প্রকাশিত হয় সেগুলি Doodller- কোন ভবিষ্যৎ নেই তাই প্রায় বেশিরভাগ ক্ষেত্রেই এই সব Doodling গুলির ব্যক্তিগত সচেতন সত্ত্বার দ্বারা পরিচালিত হয়। কল্পনা, Drawing skill, form সম্পর্কে ও রং সম্পর্কিত ধারণা, composition sense প্রভৃতি Doodling করার সময় সচেতন ভূমিকা পালন করে। অচেতন অবস্থাতেও এই sense গুলি সক্রিয় থাকে, এমনকি এতে Doodler এর মাতৃভাষার প্রভাবও দেখা যায়। সচেতনভাবে Doodling করার ক্ষেত্রে অবশ্য অনেকেই তাকে universal করার জন্য English ভাষার ব্যবহার করে থাকে। উক্ত আলোচনার ভিত্তিতে বলা যায় Doodling একটি সহজাত প্রবৃত্তির মতোই। প্রত্যেকের শিল্পে অধিকার আছে, নিজস্ব সৌন্দর্যবোধ আছে যদিও তা আপেক্ষিক এই অন্তিনিহিত শিল্পসত্ত্বা গুহা মানব থেকে আধুনিকতর যন্ত্রসভ্যতার প্রধান কারিগরদের মধ্যে সুপ্ত অবস্থায় বর্তমান থাকে। বহুবিধ অদ্ভুত সুন্দর সৃষ্টি, আবিস্কার, সহজ থেকে সহজতর জীবন প্রণালীর ব্যবহার সবই তারই মৌলিক প্রকাশ। এই Human Instinct গুলি তার অবচেতন ও অচেতন সত্ত্বার মধ্যে থেকেই আসে এবং প্রায় বংশ পরম্পরায় বিস্তার লাভও করে। তবে যে যত বেশি এই সকল বিষয়ে সচেতনভাবে সাধনা করে সে ততই সমৃদ্ধ হয় এবং তার শিল্প সত্ত্বার বিকাশ ঘটে।

Reasoning relation
Between Instinct and Insitution
Intuition (সজ্জা)
Instinct behind doodling



**Doodling is an expression and expression is art**—(Theory of expression of Beneditto Crocuhe and rational views of Rabindranath Tagore) ঃ

Doodling মানুষের অবচেতনার প্রকাশ। মানুষ তার চেতনা, অবচেতনার প্রকাশ বিষয়ে সর্বদা খুব একটা সচেতন থাকেন না, বিশেষত Non artist-রা তারা এটাকে একটি creation ভেবে সঞ্চয় করে রাখে না, তারা জানে এই সব Doodling গুলির সময় যে form গুলি প্রকাশিত হয় সেগুলি Doodler-কোন ভবিষ্যৎ নেই তাই প্রায় বেশিরভাগ ক্ষেত্রেই এই সব Doodling গুলির প্রকাশ অস্থায়ী মাধ্যমে হয়ে থাকে ক্ষণিকের সময় কাটানোর জন্য বা সাময়িক আনন্দ লাভের জন্য। যেমন—জলে বিভিন্ন from সৃষ্টি করা; মাটি, বালি, কাদায়, দেওয়াল, চেয়ার, টেবিলে, ছেঁড়া কাগজে আঁকিবুঁকি কাটা, ছবি আঁকা যাকে অভিধানিক ভাষায় Doodling বলে—এগুলি সহজেই নষ্ট হয়ে যায়। আবার কখনও এর প্রকাশ কেবল কথায় বা কল্পনাতেই ঘটে বাহ্যিক প্রকাশ ঘটে না। তা অবশ্য ব্যক্তি সাপেক্ষ।

প্লেটোর মতে—"শিল্পের বিশুদ্ধতম রূপ কেবল কল্পনায় পাওয়া যায়।"

এইভাবেই প্রতিনিয়ত বহু Doodling নানাভাবে নানা আঙ্গিকে প্রকাশিত হয় আবার অজান্তেই মিলিয়ে যায়।

কল্পনা দিয়ে মনের মধ্যে শিল্পী নিজের শিল্পের জগৎ গড়ে তোলেন, সেখানে তিনি নিজেই স্রষ্টা। তিনি যখন চবি আঁকেন তখন তার প্রকাশ রূপে আমরা শিল্পকে দেখি। কিন্তু দার্শনিক ক্রোচের মতে শিল্পী যখন আঁকছেন তখন তাঁর সেই ছবি ইতিমধ্যেই প্রকাশিত তাঁর মনের অঙিনায়। ক্রোচের মতে "শিল্প হল প্রকাশ, এবং তা শিল্পীর প্রতিভার প্রকাশ। 'প্রকাশ' জগতের ধর্ম, বিশ্বজগৎ—ব্রহ্মের প্রকাশ। বড় থেকে জীব এবং জীব থেকে উন্নততর জীবে অনবরত

বিবর্তনের মাধ্যমে প্রকৃতির বহু বিচিত্র প্রকাশ ঘটে চলেছে। প্রাণের ধর্মই প্রকাশ, প্রকাশ ছাড়া মানুষ থাকতে পারে না। প্রতিটি মানুষ প্রতি মুহুর্তে কর্মে, অভিব্যক্তিতে কোন না কোন উপায়ে নিজেকে প্রকাশ করতে ব্যস্ত। এমনকি একটি অবলা শিশুও বহু বিচিত্র উপায়ে নিজেকে প্রকাশ করতে চেষ্টা করে Doodling ও এই রকমই একটি স্বতন্ত্র, স্বতস্ফুর্ত সার্বিক প্রকাশ রূপ, যাকে মানুষের অবচেতন অনুভূতির দৃশ্য রূপ বলা যায়।

ক্রোচের মতে শিল্পও একধরনের প্রকাশ তবে তা স্বতন্ত্র, রবীন্দ্রনাথ ঠাকুরের মতে "সে প্রকাশ ভাবের প্রাচুর্যের প্রকাশ, জ্ঞানের প্রকাশ নয়। জ্ঞানের প্রকাশ বিজ্ঞানে, দর্শনে, কিন্তু ভাবের প্রকাশ সৃষ্টিতে।"

দার্শনিক ক্রোচে শিল্পকে প্রকাশ বলেছেন, তবে তা প্রতিভার প্রকাশ। অন্তঃর্নিহিত শিল্প সত্ত্বা সকলের মধ্যেই থাকে। তিনি জ্ঞানকে দুভাগে ভাগ করেছেন—(1) নৈয়ায়িক জ্ঞান, Logical knowledge এবং (2) প্রতিভানিক জ্ঞান বা সংজ্ঞা, Intuitive knowledge

এই প্রতিভানিক জ্ঞান বা সংজ্ঞা প্রকাশই শিল্প। আবার Doodlingও একপ্রকার অবচেতন সংজ্ঞার স্বতস্ফুর্ত প্রকাশ।

প্রতিভা সম্বন্ধে ভারতবর্ষে ভরত মুনি বলেছেন—'অপূর্ব বস্তু নির্মাণ ক্ষমতা হল প্রজ্ঞা"। অর্থাৎ প্রতিভা হল এমন এক প্রজ্ঞা যা অপূর্ব বস্তুকে নির্মাণ করতে সক্ষম এবং প্রতিভার দ্বারা যে অপূর্ব অভূতপূর্ব বস্তুর সৃষ্টি হয় তাই শিল্প। তবে বহুকাল আগেই প্রমাণিত হয়েছে সৌন্দর্য বিষয়টি আপেক্ষিক, ব্যক্তি স্বাপেক্ষ বিষয়। বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীতে শিল্পের বাধ্যতামূলক সৌন্দর্য্যে প্রশ্ন চিহ্ন আরো স্পষ্ট হয়ে ওঠে এবং বর্তমানে শিল্পকে সুন্দর হতেই হবে তা বাধ্যতামূলক নয়। কারণ শিল্পের স্থায়িত্ব যেমন আপেক্ষিক সৌন্দর্য্যের উপলদ্ধিও ব্যক্তি স্বাপেক্ষ বা আপেক্ষিক।

এই প্রতিভা স্বতন্ত্র সৃষ্টিশীল শক্তি যা স্থান কাল নিরপেক্ষ তথাকথিত বাস্তব, অবাস্তবের দ্বন্দোত্তীর্ণ প্রকাশ ধর্মী প্রজ্ঞা। তা না হলে প্রত্যেকের শিল্প তথা প্রকাশ স্বতন্ত্র হতো না। এর কারণ রূপে ক্রোচে বলেছেন—'শিল্প কোন বাহ্যিক ক্রিয়ার অনুকরণ নয়। বরং তা শিল্পীর প্রতিভা তথা ভাবের প্রকাশ। যথার্থ শিল্প সৃষ্টি তথা ছবি আঁকার ক্ষেত্রে আগে শিল্পী মনে মনে ছবিটাকে প্রত্যক্ষ করেন, ক্রোচের মতে প্রকৃত সৃষ্টি সেখানেই হয়ে যায়। শিল্পী তখন সেই মনে মনে দেখা ছবিটাকে বাইরের আঙ্গিকের মাধ্যমে ছবি, কথা, গান, কবিতা বা সাহিত্য রূপে প্রকাশ করেন। সেটা হোল মিস্ত্রীর কাজ। এটি শিল্প চর্চার ক্ষেত্রে স্বতঃসিদ্ধ। এর সত্যতাকে অস্বীকার করা যায় না। এর সব থেকে বড় প্রমাণ কবিতা লিখতে বসে কবি বারবার কবিতার লাইন কেটে দিয়ে নতুন করে লেখেন। চিত্রকার ছবি মনমত না হলে তা মুছে বা ফেলে দিয়ে নতুন করে আঁকেন। আর যখন বাইরের সৃষ্টির সাথে অন্তরের সৃষ্টির মিল ঘটে যায় তখন শিল্পী তৃপ্ত হন। শিল্পীরা ছাড়াও প্রায় প্রত্যকটি মানুষের মনের মধ্যে নানা বিষয়ে সক্রিয় পরীক্ষা নিরীক্ষা চলতে থাকে সর্বদা, কখনও কখনও তা অবচেতন মনে কখনও বা সচেতনভাবে Doodling রূপে নানা মাধ্যমে এর প্রকাশ ঘটে। এটি মানব চরিত্রের সহজাত সজ্ঞার প্রকাশ। সকলের পক্ষে মন ও মননের ভিত্তিতে প্রকাশ মাধ্যমে শিল্পীর পর্যায়ে উন্নীত হওয়া হয়তো সম্ভবপর হয় না কিন্তু মানুষ অজান্তেই নানাবিধ সহজ স্বতন্ত্র ফর্মের প্রকাশের মাধ্যমে সৃষ্টিশীলতার পরিচয় দেয়। শিল্পীদের শিল্প সৃষ্টির আগে কল্পনায় বা বাহ্যিক প্রকাশে যেমন বহু Experiment চলে ঠিক তেমনি Dooder রাও Doodling এর মাধ্যমে এক প্রকার Experiment এর মধ্যে বিচার করেন একে আত্ম বিশ্লেষণের প্রণালী বলা চলে। সুতরাং এই প্রকাশ প্রণালীটি সর্বদা শিল্পের উৎকর্ষতা লাভ না করলেও এটিকে আপেক্ষিক ভাবে শিল্পের Layout বলা চলে। পরে নানাবিধ কর্মের মাধ্যমে এর প্রকাশ ঘটে।

'প্রতিভা ও প্রকাশ সমার্থক'—ক্রোচের এই তত্ত্বটির যথার্থতা প্রমাণিত হয় পল ক্লী, অবন ঠাকুর, নন্দলাল, প্রমুখ শিল্পীদের কর্মপ্রচেষ্টা ও জীবনচরিত থেকে।

এতক্ষণ ক্রোচের এই তত্ত্বের অস্তিত্ব পর্যবেক্ষণ করলাম শিল্প ও শিল্পীর মধ্যে। কিন্তু তার অস্তিত্ব শিল্প ও দর্শকের মধ্যেও আছে। কারণ প্রত্যেকের মধ্যে শিল্পসত্তা সুপ্ত অবস্থায় থাকে, যা তাদের বিভিন্ন কর্মপ্রচেষ্টার দ্বারা অন্তঃর্নিহিত প্রজ্ঞা থেকে প্রকাশিত হয়। এইরূপ একটি প্রজ্ঞার প্রকাশ হল Doodling।

ক্রোচের মতে—শিল্পভাব যা শিল্পীর মনের মধ্যে থাকে তা স্ব-রূপে ছবির মাধ্যমে দর্শকের মনে আসে না। তা দর্শকের মনগত হয়ে তাঁর মধ্যে আসে। অর্থাৎ শিল্পীর মতো দর্শকও যখন ছবিটা দেখেন তখন তাকে মনে মনে পুনঃ সৃষ্টি (recreat) করেন। সেখানেও তাঁর মনের মধ্যে সৃষ্ট রূপের সঙ্গে শিল্পীর ছবির মিল ঘটলেই পরিপূর্ণ রসোপলব্ধি ঘটে। আর যেখানে মিল ঘটছে না সেখানে দর্শকের শিল্পকর্মটি ভালো লাগে না। দার্শনিকের ভাষায় একে বলা হয় Gestalt বা অন্তরশায়ী পরিকল্পিত রূপ। আর এই সমস্যা হল Gestalt problem। দর্শক ও শিল্পীর Gestalt উভয়ের মিল ঘটলেই রসোপলব্ধি ঘটে। সব কিছু ভালো,মন্দ লাগার পিছনে এই Gestalt সমস্যাই কার্যকরী। সুতরাং শিল্পীর মধ্যে যেমন সৃষ্টি ক্রিয়া চলে ঠিক তেমনই তা দর্শকের মধ্যেও চলে। দর্শকও আপন মনে শিল্পীর মতো সৃষ্টিতে সক্ষম, সেই দর্শক একজন Non artist বা শিল্প সমালোচক হোন বা সাধারণ মানুষ হোন সকলের ক্ষেত্রেই এই বিষয়টি প্রযোজ্য। কারণ সকল মানুষই সৃষ্টিশীল এবং প্রকাশে সক্ষম আর প্রকাশই শিল্প।

রবীন্দ্রনাথ ঠাকুর এই বিষয়ের ব্যাখ্যা প্রসঙ্গে বলেছেন—

"একাকী গায়কের নহে তো গান, মিলিতে হবে দুইজনে—
গাহিবে একজন খুলিয়া গলা, আরেকজন গাবে মনে।।" ['গানভঙ্গ' সঞ্চয়িতা পৃ. ১২৯]

অতএব দেখা গেল শিল্পী ও শিল্প এবং শিল্প ও দর্শক উভয় ক্ষেত্রে প্রতিভা ও প্রকাশ সমার্থক।

এখন বিবেচ্য বিষয় শিল্পের প্রকাশের ক্ষেত্রে প্রতিভা ও প্রকরণ বা টেকনিকের কতটা কার্যকরী ভূমিকা রয়েছে। ক্রোচের মতে শিল্পে প্রকাশ হল প্রতিভার সমার্থক এবং শিল্পের মুখ্য বিষয়। প্রকাশের জন্য টেকনিকের দরকার হয়। টেকনিক ছাড়া শিল্পের যথার্থ প্রকাশ সম্ভব নয় অর্থাৎ চূড়ান্ত উৎকর্ষতা লাভের জন্য সুচিন্তিত ও বিশেষ শিল্প চর্চার প্রয়োজন হয়। তাও বলা যায় টেকনিকই শিল্প নয়। তাকে রবীন্দ্রনাথ ঠাকুরও গৌণ স্থান দিয়েছেন। শিল্প চর্চার ক্লাসে শিক্ষক মশাই যখন একই টেকনিক শেখান এবং ছাত্র ছাত্রীদের একই টেকনিকে একই বিষয়বস্তু অবলম্বনে আঁকতে বলেন তখন সকলের আঁকা ছবি বা প্রকাশিত শিল্পকর্মে বৈচিত্র্য দেখা যায়। সেখানে প্রত্যেকের স্বতন্ত্র প্রকাশ ঘটে।

মনের মধ্যে প্রতিভাবৃত ভাব রূপ প্রত্যেকের ক্ষেত্রে আলাদা যার বহিঃপ্রকাশ ঘটে নানা ভাবে নানা রূপে, তা কখন তথাকথিত শিল্পের উৎকর্ষতা লাভ করে কিংবা কখনও করে না। সর্বদা শিল্প সৃষ্টি জন্য বা প্রকাশের জন্য টেকনিক কার্যকরী হয় না। যেমন—যথাযথ শিল্প টেকনিক জ্ঞান না থাকলেও শিশুর স্বাধীন প্রকাশ ও বহু Non artist দের স্বতঃস্ফুর্ত Doodling প্রকাশ অনেক ক্ষেত্রেই শিল্পের উৎকর্ষতা লাভ করে কারণ প্রত্যেক মানুষের মধ্যেই প্রকাশের তথা শিল্পসত্ত্বা প্রজ্ঞা সুপ্ত অবস্থায় বিরাজ করে। আর তাই প্রকাশ ঘটে নানা রূপে, পূর্বেই ক্রোচে বলেছেন —শিল্প নৈয়ায়িক জ্ঞানের প্রকাশ নয় এটি প্রতিভা তথা প্রতিভাসিক জ্ঞান Intuitive knowledge এর প্রকাশ।

ক্রোচের মতে শিল্পী প্রাত্যহিক সংসারের রূপকার নন আবার তিনি যে মানব জীবনের বিবিধ সমস্যা সম্পর্কে অজ্ঞ তাও নয়। ক্রোচে প্রকাশের গুরুত্ব বোঝাতে গিয়ে শিল্পের reality-র কথা বলেছন। এটি শিল্পের নিজস্ব বাস্তব যা জাগতিক বাস্তব সত্য থেকে সম্পূর্ণ আলাদা।

রবীন্দ্রনাথ ঠাকুরও বলেছেন—'কবিরে পাবে না তার জীবন চরিতে।'

জীবন ও শিল্পসত্ত্বা মধ্যে ভেদ রয়েছে। ক্রোচে বলেছেন—"Art is below the logical level"

শিল্পের ক্ষেত্রে Logic টেনে এনে বাস্তব, অবাস্তবের বিচার করার প্রশ্ন আসে না। এই বিচার ও দ্বন্দ্বোত্তীর্ণ প্রকাশ নিয়েই শিল্প গড়ে ওঠে। তার নিজস্ব এক বাস্তব আছে তা শিল্পীর বা সৃষ্টার প্রতিভাবৃত রূপ।

অভিনব গুপ্ত বলেছেন—চৈতন্য যে সব অবান্তর বস্তুতে আচ্ছন্ন থাকে সেগুলিকে বাতিল করে কবিপ্রতিভা নিজের নিজের রূপ উপলব্ধি করার চেষ্টা করে।

ক্রোচে বলেছেন—বুদ্ধি, যা শাস্ত্র তৈরি করে এবং কর্ম প্রবৃত্তি যা ব্যবহারিক জগৎকে কর্মময় করে এরা অধিকার করার আগে চৈতন্য যে বিশুদ্ধরূপ সৃষ্টি হয় তারই বহিঃপ্রকাশ ঘটে শিল্পে।

রবীন্দ্রনাথ বলেছেন—শিল্পীর মনে প্রতিভা যে রূপ গ্রহণ করে তা যেহেতু শিল্পীর একান্তে নিজস্ব সম্পদ তাই তা অপরিবর্তনীয়।

এই সমস্ত বিষয়গুলি কেবল শিল্পীর সৃষ্টি ক্ষেত্রেই নয় সাধারণ মানুষের মৌলিক প্রকাশের ক্ষেত্রেও প্রযোজ্য। যদিও তা কখনও আপেক্ষিক বিচারে শিল্প হয় বা হয় না।

রবীন্দ্রনাথ ঠাকুর শিল্পের প্রকাশ বিষয়ে বিশুদ্ধ আনন্দ ও সত্য এই দুইটি শব্দের ব্যবহার করেছেন। আনন্দ তখনই বিশুদ্ধ হয় যখন তার জাগতিক ভোগ বাসনার সঙ্গে তার যোগ ছিন্ন হয়। ভোগ বাসনার সঙ্গে ব্যবহারিক জীবন ও তার প্রয়োজন এবং ইন্দ্রিয় সুখের যোগ থাকে। শিল্প যদি বিশুদ্ধ আনন্দের আধারে গড়ে ওঠে, তাহলে সেকানে বাস্তব জীবনের কোন Logic কার্যকরী হবে না। অর্থাৎ ক্রেচের কথায়—"Art is below the logical leavel"—কথাটি যুক্তিযুক্ত।

রবীন্দ্রনাথ ঠাকুর আরো বলেছেন—"সেই সত্য যাহা রচিবে তুমি, ঘটে যাহা সব সত্য নয়।"

—অর্থাৎ শিল্প যে reality তৈরি করে তা বাস্তব জীবনের reality থেকে ভিন্ন ধরনের reality শিল্পীরা ছাড়াও সাধারণ মানুষরাও ব্যক্তি জীবনের আড়ালে থাকা সুপ্ত শিল্প সত্ত্বা থেকে এমন বহু স্বতন্ত্র reality তৈরি করে। এমনই কিছু উদাহরণ অবচেতনে প্রকাশিত Doodling গুলি এসব আসলে স্বাধীন, স্বতন্ত্র ব্যক্তিগত reality এর একান্ত ও একত্রিভূত প্রকাশ মাত্র। এর সাথে জাগতিক ভোগ বাসনার কোন সম্পর্ক থাকে না একটি পবিত্র মানসিক উপলব্ধি বা অবচেতনের নিরাভরণ প্রকাশ। তাই Doodling এর ক্ষেত্রেও কোন Logic কার্যকরী হয় না, কোন জাগতিক reality-এর বোঝা বহন করতে হয় না। এটি সম্পূর্ণ ব্যক্তিগত, অপরিবর্তনীয় মানসিক অবস্থার স্বতস্ফুর্ত প্রকাশ।

# বালি ঢালাই-এর বিভিন্ন পদ্ধতি

**প্রদীপ মণ্ডল***

ভারতবর্ষে যে সকল কাস্টিং প্রচলিত আছে তারমধ্যে স্যান্ড কাস্টিং অন্যতম। আমরা জানি ডোকরা Sand, Casting পদ্ধতি ও লস্ট ওয়াকর্স বা মধুচ্ছিষ্ট বিধান অতি প্রাচীন পদ্ধতি। সারা পৃথিবী জুড়ে ব্যাপকভাবে স্যান্ড কাস্টিং হয়েছে শিল্প বিপ্লবকে কেন্দ্র করে। মেশিন পত্রে নানা যন্ত্রাংশ তৈরিক্ষেত্রে স্যান্ড কাস্টিং একটি উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করে আছে। এই কাস্টিং যে কেবল, যন্ত্রপাতি তৈরিতে সীমাবদ্ধ ছিল তা নয়। এই কাস্টিং এর মাধ্যমে নানা রকমের মূর্তি হয়েছে। আসবাব পত্র, গেট, গ্রিল, ও ল্যাম্পপোস্ট, ল্যাম্প সেট, প্রভৃতি এই সকল কাজ অতি সহজে ও কম সময়ে এবং কম খরচে স্যান্ড কাস্টিং এর মাধ্যমে সম্ভব হয়েছে।

যে সকল কৌশল অবলম্বন করে স্যান্ড কাস্টিং করা হয়ে থাকে সেগুলি কতগুলি ভাগ রয়েছে নিম্নে ভাগগুলি দেওয়া হল—

১। জল বালি পদ্ধতি

২। তেল বালি পদ্ধতি

৩। কার্বন-ডাই-অক্সাইড পদ্ধতি

৪। নো বেক পদ্ধতি

**জল বালি পদ্ধতি:**

জল বালির ফ্রেম ঢালাই পদ্ধতির জন্য উপকরণ— লাল বালি, বেন্টনাইট (বাইন্ডার) বা চিটে গুড়, কাঠের ফ্রেম, বা লোহার ফ্রেম (বিভিন্ন মাপের), সেপারেটার (লাইপোডিয়াম, গ্রাফাইট, ইটের গুড়ো),স স্টিল বা লোহর পাইপ বা রড, বালি ঠাসার যন্ত্র, কাপড় ছেড়া, ব্রাস, সরনা, তারকাঠি, প্রয়োজন মতো বিভিন্ন মাপের স্পেপার, জল, ছুরি, ব্লোলাম্প।

জল বালির প্রস্তুতি:

বাড়ি করবার জন্য আমরা যে বালি ব্যবহার করি (লাল) এই বালির সঙ্গে পেন্টনাইট মেশাতে হবে। পাঁচ বস্তা বালির সঙ্গে চল্লিশ কেজি বেল্টনাইট মেশানো হয়ে থাকে। পেন্টনাইট বাইন্ডারের কাজ করে। তবে কোন কোন জায়গায় পেন্টনাইটের বদলে চিটে গুড় ব্যবহার করা হয। বালির সঙ্গে বেন্টনাইট মেশাবার পরে এর সঙ্গে পরিমাণ মতো জল মেশাতে হবে। এখানে দেখতে হবে জল যেনো বেশি বা কম না হয়ে থাকে। এইভাবে মেশাবার পরে বালিকে মুঠো মেরে দেখতে হবে, ঝুরো হলে মুঠো খোল বার সঙ্গে সঙ্গে বালি ঝরে যাবে, নরম হলে হাতের সঙ্গে জড়িয়ে যাবে এটি কাজ করতে করতে ঠিক হয়ে যাবে কতটা জল দিতে হবে বালিতে। যদি দেখা যায় যে মুঠো খোলবার পরে বালিটি ঠিকঠাক আছে কোনগুলি ভেঙ্গে যায়নি তাহলে বুঝতে হবে বালি প্রস্তুত ঠিক হয়েছে, এবারমোল্ড নেবার পালা।

বালি প্রস্তুত ঠিক না হলে কাস্টিং এর অসুবিধা হয়ে থাকে। জল বেশি হলে মোল্ডের মধ্যে স্টিম পেসার সৃষ্টি করবে এবং তার ফলে কাস্টিং অবজেক্টের সারফেস খারাপ আসবার সম্ভাবনা থাকে। আর জল যদি কম হয় তাহলে গলিত মেটাল মোল্ডের মধ্যে যাবার সময় মোল্ডের ভিতরের বালিভেঙে গিয়ে কাস্টিং খারাপ আসতে পারে। বালি

* Asst. Professor, Govt. College of Art and Craft, Calcutta, E-mail : mondalpradip52@gmail .com

ঠিকঠাক ভাবে প্রস্তুত হলে এই সকল অসুবিধার সৃষ্টি হয় না।

কি ধরনের মডেল জল বালিতে কাস্টিং হয়:

সাধারণত বেশ বড় বড় কাজ জল বালিতে কাস্টিং করা হয়ে থাকে। এই মডেলগুলো শক্ত হওয়া দরকার নরম মোম বা ভঙ্গুর মিডিয়াম হলে ভেঙ্গে যাবে কারণ বালি ঠাসবার সময় খুব পেসার দেওয়া হয়ে তাকে, সেই কারণে মডেলগুলি, কাঠ, পোড়া মাটি, ধাতুর হয়ে থাকে। মডেল গুলি যেনো বেশি আন্ডার কাট না হয়, পিনিস করা হয়। দুটি পাটে মোল্ড করে সহজে খোলা যায় এমন মডেল হলে ভালো হয়। মডেলের গায়ে একটা লেকার লাগাতে হবে কারণ বালির সঙ্গে আটকে না যায় সেই কারণে।

জল বালির পদ্ধতি:

জল বালিতে কাস্টিং এর জন্য প্রথমে একটা কাঠের ফ্রেম নিতে হবে। যে ফ্রেমটি দুটি পার্টে এই প্রেম এর সাইজ বিভিন্ন মাপের হয়ে থাকে, এই সকল ফ্রেমগুলি দুই ফিট থেকে দশ বারো ফিট পর্যন্ত হয়ে থাকে। প্রথমে নিচের ফ্রেমটি সমান জায়গায় রেখে তার উপরে অর্ধেকটা বালি দিয়ে ভালকরে চপে চেপে দিতে হবে, এবার যে মডেলের কাস্টিং হবে সেটিকে ঐ বালির উপরে এমন ভাবে রাখতে হবে যাতে করে মোল্টটি খোলবার সময় সহজে খুলে যায়। এইভাবে মডেলের অর্ধেক পার্ট অনুসারে বালিকে ফ্রেমের মধ্যে সমান করে দেওয়া হল। এবার দ্বিতীয় ফ্রেমটি প্রথম ফ্রেমের উপরে সেট করতে হবে। দুটি ফ্রেমের যে লক পিন বা ঘাট করা আছে সেই ঘাটে ঘাটে যেনো বসে যায় প্রেম দুটি লক্ষ্য রাখতে হবে, এবার প্রথম ফ্রেমের বালির উপরে যেখানে অর্ধেক মোল্ড হয়ে রয়েছে তার উপরে সেপারেটর দিতে হবে, ইঁটের গুড়ো, লাইপোডিয়াম গ্রাফাইট যেকোন একটিকে ব্যবহার করা যেতে পারে। সেপারেটর দেবার পরে, ফ্রেমের মধ্যে বালি দেবার আগে, ঠিক করে নিতে হবে মেটাল টি কোথা থেকে ঢালা হবে যদি উপর থেকে ঢালা হয়ে তাহলে কাজের গায়ে একটি রড বা মোটা পাইপ ব্যবহার করতে হবে মেটাল চেনেল হিসেবে, তবে কাস্টিং এ মেটালের পরিমাস্তের উপর নিরভর করবে মেটাল যাবার রাস্তাটি কত মোট াবা সরু হবে, উপরের ফ্রেমকে বালি দিয়ে ভরে দিতে হবে ভাল করে পেসার দিয়ে বালিতে টাইট করতে হবে যাতে কোন ফাঁরদ্ধক না থাকে। উপরের পাটে বালি দেওয়া হয়ে গেলে অতিরিক্ত বালি কাঠের পাটাতন দিয়ে সমান করে নিতে হবে। এবার ফ্রেম দুটিকে খুলতে হবে খুব সাবধানে খোলবার পরে মাল্ডের মধ্যে থেকে, অরজিনাল মডেলটিকে বের করে নিতে হবে সাবধানে, যাতে মোল্ড না বেঙে যায়, যদি একটু আধটু বেঙে যায়, সেই পিস সরনা দিয়ে তুলে সেট করে দিতে হবে। আর মল্ডের মধ্যে বালি পড়ে থাকে তা ব্রাস বা ফুঁ দিয়ে ঝেড়ে ফেলতে হবে। এবার যে পাইপটি মেটাল চেনেল হিসেবে ব্যবহার করেছিলাম সেটিকে বের করে নিতে হবে, মোল্ডে যদি কোর বানীল ব্যবহার করতে হয় তাহলে, যে মডেল কাস্টিং করা হবে, তার থেকে একটু ছোট মাপের মডেল কে নীল হিসেবে ব্যবহার করা যেতে পারে অথবা ঐ মোল্ডের মধ্যে বালি দিয়ে একটি অরজিনাল কাজের পিস বের করে নিতে হবে, এতে অরজিনাল মোল্ড ভাঙবার কোন সম্ভাবনা থাকে না, কারণ মোল্ড হয়ে যাবার পরে ব্লোল্যাম্প দিয়ে শক্ত করে নেওয়া হয়ে থাকে। বালির একটি অরজিনাল মডেলের পিস বের করে, যে থিকনেসের মেটাল করা হবে সেই অনুসারে বালি কাজটিকে ছুরি দিয়ে চেঁচে দিতে হবে, এবার আসতে করে মোল্ডের মধ্যে পিসটিকে বসিয়ে দিতে হবে। এমন ভাবে ঝুলন্ত অবস্থায় মোল্ডের মধ্যে কোরটিকে বসাতে হবে যাতে কোনভাবে মোল্ডের গায়ে লেগে না যায় বা ফাঁক সমান থাকে সব জায়গায়। এবার উপরের ফ্রেমটিকে আগের মতো সাবধানেসেট করতে হবে সেট করে উপর থেকে একটনী স্টিলের রড দিয়ে ফুটো করে গ্যাস চ্যানেল রাখতে হবে। কাজ অনুসারে গ্যাস চেনেলের ডায়ামিটার নির্ভর করবে।

মেটাল ঢালা:

এইভাবে সমস্ত কাজ শেষ হয়ে গেলে ভালোভাবে দেখে নিয়ে মেটাল ঢালতে হবে। বিশেষ ধরনের ক্রুসিবেলে মোটল গলানো হয়ে থাকে। ক্রুসিবেল তৈরি হয় বালি, গ্রাফাটি, মাটি সিলিকা কোয়াজ, রিকোনিয়াম অ্যালুমিনা, মেগনে সিয়া প্রভৃতি দিয়ে। আমরা ক্রুসিবেলে মেটাল গলাই বিশেষ ধহদ্দরনের খার্নেসে হাট কোকের সাহায্যে, বিভিন্ন মেটালের মেলটিং পয়েন্ট বিভিন্ন ধরনের। সেইভাবে আমাদের ফারনেস তৈরী করতে হবে, মেটাল গলতে গলতে যদি ফারনেস নিভে যায় তাহলে আবার নতুন করে ফারনেস জ্বালাতে হবে। গলিত মেটালে ক্রুসিবেলে কাঁচা মেটাল দেওয়া যাবে না। যদি দেওয়া হয় তাব্দেহল ক্রুসিবেলের ক্ষতি হয়ে থাকে। মেটাল গলা থাকতে থাকতে মোটাল ঢালতে হবে। একটি কাজে দুইবার মেটাল ঢালা যাবে না গলিত মেটাল মোল্ডে ঢালবার আগে, গ্রাফাইট বা নিসা দল দিয়ে মেটাল কে পরিস্কার করা হয়ে থাকে, স্প্রু বা চেনেলের মধ্যে অতিরিক্ত মেটাল ঢালা হয় কারণ এটা চাপসৃষ্টি করে এর ফলে মোল্ডের মধ্যে গলিত মেটাল ভালো ভাবে প্রবেশ করতে পারে। মেটাল ঢালবার পরে ক্রুসিবেল পরিস্কার করে রাখতে হবে, অতিরিক্ত মেটাল বালিতে ঢেলে দিতে হবে।

মোল্ড খোলা:

স্প্রুর মেটাল যখন একটু লাল থেকে কালো হয়ে যাবে তখন মোল্ড ড্টেক খুলতে হবে, প্রথমে উপরের ফ্রেমের লক খুলে দিতে হবে। দুটি ফ্রেমকে আলাদা করে দিলে আমরা অরজিনাল কাজের একটি প্রতিলিপি পেয়ে যাবো।

জল বালিতে কি ধরনের কাস্টিং হয়ে তাকে তা পরবর্তী পর্যায় আলোচিত হয়েছে জল বালির ঢালাই পদ্ধতির সমস্ত চিত্র নিম্নে দিলাম

তেলবালি পদ্ধতি:

জল বালির মতো তেল বালির ঢালাই পদ্ধতি অন্যতম। এই জল পদ্ধতি অনেক পুরানো পদ্ধতি। তেল বালির মাধ্যমে আমরা বেশি বড় বড় কাজ করতে পারি না, এই ঢালায়ের কাজগুলি ঠো এবং সূক্ষ্ম হয়েথাকে, এই তেল বালির মাধ্যমে, আরা, মেশিনের ছোট ছোট পাস, ছোট ছোট মূর্তি রিলিক কাজ করে থাকি। তেল বালি ঢালাই পদ্ধতির জন্য উপকরণ: গঙ্গার মাটি (পোড়া), পোড়ামবিল, লোহার ফ্রেম (গোল ও চারকোনা বিভিন্ন মারে), সেপারেটার (লাইপোডিয়াম, গ্রাফাইট, ইটের গুঁড়ো), স্টিল বা লোহার পাইপ বা রড, বালি ঠাস করার যন্ত্র, কাপড় ছেড়া, ব্রাস, সরনা, তারকাঠি প্রয়োজন মতো বিভিন্ন মাপের স্কেপার, ছুরি।

তেল বালির প্রস্তুতি

তেল বালির প্রস্তুতির জন্য সাধারণত গঙ্গার মাটিকে নিয়ে ঢেলা পাকিয়ে নিয়ে আগুনে ভালো করে পুড়িয়ে নিয়ে গুড়ো করে নেওয়া হয়। এই গুড়ো পোড়া মাটির সঙ্গে পোড়া মবিল মেশানো হয়। মেশাবার সময় দেকতে হবে বেশি শক্ত বা নরম না হয়, আমরা জল বালিতে যেমন ভাবে বালিকে পরীক্ষা করেছিলাম ঠিক তেমন ভাবে বালি প্রস্তুত করতে হবে। এখানে েকেটা জিনিস লক্ষ্য রাখতে হবে জল বালিতে জল বেশি লে তা শুকিয়ে নেবার উপায় আছে। এখানে যদি তেল বালিতে তেল বেশি হয় তাহলে, আবার বালি বা পোড়া মাটির পরিমান বাড়াতে হবে। এইভাবে তেল বালির জন্য বালি প্রস্তুত করতে হবে।

কি ধরনের মডেল তেল বালিতে কাস্টিং করা হয়:

তেল বালিতে সাধারণত একটু ছোট আকারে মডেল কাস্টিং করা হয়ে থাকে। যে মডেলগুলি কাস্টিং এর জন্য ব্যবহার করা হয় সেগুলি যেনো, শক্ত হয় নরম বা ভঙ্গুর না হয়ে, কাঠ, পোড়ামাটি, ধাতু প্রভৃতি হয়, এমন মডেল ব্যবহার করা হয় যাতে মোল্ডটি অতি সহজে করা যায়। আর বেশি খাঁজ খোঁজ না থাকে। সরল কাজ তেল বালিতে করা হয়। তেল বালিতে দুটির বেশি পিস মোল্ড করা যায় না।

তেল বালি পদ্ধতি:

তেল বালির কাস্টিং এর জন্য আমরা লোহর ফ্রেম ব্যবহার করি। এটি বিভিন্ন মাপের হয়ে থাকে। গোল ও লম্বাটে। প্রথমে দুটি ফ্রেমের ভিতরে ভালোকরে, পোড়া মবিল লাগিয়ে নিতে হবে। এরপর একটি ফ্রেম রেখে তাঁর নিচে কাটের তক্তা দিয়ে নিতে হবে। এবার অর্ধেকটা বালি দিয়ে বরে চেপে চেপে দিতে হবে এর পরে যে কাজটির মোল্ড করা হবে সেই কাজটিকে রেখে, সেই কাজের অর্ধেকটি বালি দিয়ে ভরে দিতে হবে বা যেখানে থেকে মোল্ড নিলে কাজটি খুলতে সুবিধা হবে, সেই মতো নিয়ে ফ্রেমে বালি সমান করে দিতে হবে। এর পরে প্রেমের দ্বিতীয় পার্ট টিকে প্রথম পার্টের উপরে বসিয়ে লক করে দিতে হবে, এর পরে ফ্রেমের মধ্যে যে মডেলের অর্ধেক পার্ট বেরিয়ে রয়েছে এবং এই বালির উপরে সেপারেটর দিয়ে নিতে হবে। এবার ফ্রেমের মধ্যে বালি ভরে দিতে হবে, এবং ভালো করে ঠেসে ঠেসে বালি ভরতে হবে যাতে কোন ফাঁক না থাকে, ফাঁক থাকলে মোল্ড আলগা হয়ে খুলে যেতে পারে বা মেটাল ওই ফাঁকা জায়গায় চলে যেতে পারে, এইভাবে বালি ঠাসা শেষ হয়ে গেলে উপরের অতিরিক্ত বালি কাঠের পাটাতল দিয়ে সমান করে চেঁচে নিতে হবে এবং পরে একটা কাঠের তক্তা দিতে হবে ফ্রেমের উপরে। এবার ফ্রেম দুটিকে খুলে আলাদা করতে হবে। সাবধানে ফ্রেম দুটিকে খুলতে হবে খুলে, যে মডেলের পিস নেওয়া হয়েছিল সেটিকে বের করে ফেলতে হবে, যদি কোন অংশ ভেঙে যায় তা সাবধানে সরনা দিয়ে তুলে বসিয়ে সেখানে একটু পোড়া মবিল দিয়ে দিতে হবে এর পরে মোল্ডটিকে ফুঁ দিয়ে ব্রাস দিয়ে পরিস্কার করতে হবে। যদি কোর বা নীল দেওযা জায়গা থাকে বা হলো বা ফাঁপা করতে হলে জল বালির মতো এখানেও একই ভাবে কার দেওয়া হয়ে তাকে। এরপরে মোল্ডের উপর থেকে, ফ্রেমের গায়ে যে গর্ত আছে, সেই বরাবর মেটাল যাবার রাস্তা করতে হবে। সরু করে কাজ থেকে বাইরে পর্যন্ত বালি তুলে নিয়ে হলো করে দিতে হবে। এবার সাবধানে প্রেম দুটিকে জুড়ে দিতে হবে আগের মতন। মোল্ডের উপর থেকে একাট গ্যাস চেনেল রাখতে হবে, গ্যাস বার হবার জন্য।

আমরা যেভাবে জল বালিতে মেটাল ঢেলেছি ঠিক সেইভাবে এখানেও মেটাল ঢালতে হবে। এখানে মেটাল দুটি ফ্রেমের মাঝখানে যে ফুটো রয়েছে সেখান থেকে ঢালা হচ্ছে মেটাল ঢাল করার সময় কাঠের পাটাতলে দিয়ে মোল্ডে একাট পেসার দিয়ে রাখা হয়। যাতে যন্ত্রাংশ থেকে গলিত মেটালের চাপে বা পেসার মোল্ড খুলে না যায় সেই কারণে।

আগে আমরা যেভাবে জল বালির মোল্ড খুলেছি ঠিক সেইভাবে তেল বালির মোল্ড খুলতে হবে।

জল বালি ও তেল বালি এই দুটি বহু প্রচলিত পদ্ধতি ছাড়াও আরো দুটি পদ্ধতি রয়েছে। সেগুলি খুব কম পরিমানের কাস্টিং এর জন্য ব্যবহার করা হয়ে থাকে। নিম্নে সংক্ষেপে আলোচনা করা হলো এই দুটি পদ্ধতি নিয়ে।

১। কার্বন-ডাই-অক্সাইড

২। নো বেক (হিট ছাড়া)

কার্বন-ডাই-অক্সাইড

সাদা বালি দামুদর স্যান্ড অথবা বাড়ি করবার জন্য আমরা যে ধরনের বালি ব্যবহার করি সেই বালিরসঙ্গে সোডিয়াম সিলিকেট এটিকে মাখাবার পরে মোল্ড করে কার্বন-ডাই-অক্সাইড গ্যাস দিলে শক্ত হয়ে যায়। এই পদ্ধতিতে খুব জটিল কাজগুলি হয়ে থাকে। যেমন জাহাজের প্রোপেলার এই পদ্ধতিতে ৩০০ থেকে ৪০০ কেজি মেটাল এক সঙ্গে ঢালা হয়ে থাকে। এই পদ্ধতির ব্যবহার খুব কম।

নো বেক পদ্ধতি:

সাদা বালির সঙ্গে রেজিন মিশিয়ে মোল্ড করতে হয়। রেজিন বাইন্ডার হিসেবে কাজ করে। খুব সূক্ষ্ম কাজ এই পদ্ধতিতে করা হয়ে থাকে। যে কাজগুলি উপরোক্ত তিনটি পদ্ধতিতে করা যাবে না সেই কাজ গুলি এই পদ্ধতিতে করা হয়ে থাকে। পাম্পের 'ইম পেলার' এর কাস্টিং এই পদ্ধতিতে করা হয়ে থাকে।









60
62










## Gita Govinda of Jayadeva

14 folios in accordion format
Size: 5.6 x 26.5 cms (each folio); Palm leaf
Language: Sanskrit; Script: Oriya; 14 lines to a page (average)
1 illustration in the centre, across folios
Period: 18th century AD
Collection: National Museum, New Delhi
Accession No.: 57.46



Published by All Bengal State Govt. College Teachers' Association

Price Rs. 300/-